# SANGIT-MANJARI

BY

*Sangit-nayak*

*Late* RAMPRASANNA BANERJEE

SECOND EDITION

*ENLARGED and CORRECTED*

EDITED BY

Sj. GOPESWAR BANERJEE

1935



Price Rupees 10 Ten

সঙ্গীতনায়ক স্বর্গীয় রামপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় গ্রন্থকর্ত্তা।

কুন্তলীন প্রেস্, ৬৫।২, বিডন ষ্ট্রীট্, কলিকাতা

# সঙ্গীত-মঞ্জরী

সঙ্গীতনায়ক ও সঙ্গীতবিশারদ

**স্বর্গীয় রামপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়**

প্রণীত

সংশোধিত ও পরিবর্দ্ধিত

দ্বিতীয় সংস্করণ

**শ্রীযুক্ত গোপেশ্বর বন্দ্যোপাধ্যায়**

সম্পাদিত ও প্রকাশিত



১৩৪১

মূল্য ১০৲ দশ টাকা

স্বর্গীয় রাজা নরেন্দ্রলাল খান বহাদুর।

To

Raja Narendra Lall Khan Bahadur

of Midnapore—Narajole

whose piety and devotion, whose love of Music

and Exquisite taste for fine Arts

and thorough appreciation of them

are so widely known

This treatise on Music

is respectfully Dedicated

As a Token of Gratitude

By

The Author.

"ত্রিবর্গফলদাঃ সর্ব্বে দানাধীতিজপাদয়ঃ
একং সঙ্গীতবিজ্ঞানং চতুর্ব্বর্গফলপ্রদম্"

"জপকোটিগুণং ধ্যানং ধ্যানকোটিগুণো লয়ঃ
লয়কোটিগুণং গানং গানাৎ পরতরং নহি ॥"

"সঙ্গীতসাহিত্যরসানভিজ্ঞঃ খ্যাতঃ পশুঃ পুচ্ছবিষাণহীনঃ।
চবত্যসৌ যত্তু তৃণং ন খাদংস্তদ্ভাগধেয়ং পরমং পশূনাম ॥"

"The man that hath no music in himself
Nor is (not) moved with concord of sweet sounds,
Is fit for treasons strategems and spoils ;
The motions of his spirit are dull as night,
And his affections dark as Erebus :
Let no such man be trusted."

Shakespeare.

মহারাজ শ্রীলশ্রীযুক্ত প্রতাপ চন্দ্র ভঞ্জদেব বহাদুর।

১স্যান্যাল প্রেস, ১৫।২, বিডন ষ্ট্রিট্ কলিকাতা

# ভূমিকা

## শ্রীপ্রমথ চৌধুরী (বীরবল)

দেশবিখ্যাত সঙ্গীতাচার্য্য ৺রামপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় "সঙ্গীতমঞ্জরী" নামক গ্রন্থ ১৩১৪ সালে প্রথম প্রকাশ করেন ; এবং পঁচিশ বৎসর পরে গ্রন্থকারের ভ্রাতা স্বনামধন্য সঙ্গীতাচার্য্য শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায় মহাশয় উক্ত গ্রন্থের দ্বিতীয় সংস্করণ প্রকাশ করছেন। সঙ্গীতমঞ্জরীকে আমি সঙ্গীতবিষয়ক একখানি মহামূল্য গ্রন্থ বলে গণ্য করি ; সুতরাং তার দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হচ্ছে, এ কথা শুনে আমি বিশেষ আনন্দিত হয়েছি। এই কারণে আমি এ পুস্তকের ভূমিকা লিখিতে উদ্যত হয়েছি ; যদিচ আমি গাইয়েও নই, বাজিয়েও নই।

আমি কি কারণে সঙ্গীতমঞ্জরীকে একটি মহামূল্য গ্রন্থ মনে করি, তা' গ্রন্থকারের কথাতেই ব্যক্ত করছি। প্রথম সংস্করণের প্রস্তাবনায় ৺রামপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় লিখেছেন যে ;—

"এতৎসন্নিবিষ্ট অধিকাংশ গীতই আমি মদীয় পূজ্যপাদ পিতৃদেব ৺অনন্তলাল বন্দ্যোপাধ্যায়ের নিকট শিখিয়াছিলাম। গত শত বর্ষের মধ্যেও বিষ্ণুপুরে রামশঙ্কর প্রভৃতির ন্যায় সঙ্গীতধুরন্ধর ব্যক্তিগণ বিদ্যমান ছিলেন। মদীয় পিতৃদেব সঙ্গীতগুরু রামশঙ্করের প্রিয় শিষ্য ছিলেন। বিষ্ণুপুরে এক্ষণে যাঁহারা সঙ্গীতশাস্ত্রে অল্পাধিক অধিকারের গৌরব করেন, তাঁহারা সকলেই প্রায় ইঁহারই শিষ্য। এই প্রাচীন গীতগুলি তিনি অতিযত্নে সংগ্রহ করিয়া রাখিয়াছিলেন। এবং এই সকল গানকে বিস্মৃতির গ্রাস হইতে রক্ষা করাও তাঁহার হৃদয়ের চিরন্তন অভিলাষ ছিল। আজ তাঁহার অভিলাষ পূরণের সুযোগ হইয়াছে।"

এই গানগুলি বিস্মৃতির গ্রাস হইতে রক্ষা করে গ্রন্থকার বাংলার সঙ্গীতানুরাগী সমাজের চিরকৃতজ্ঞতাভাজন হয়েছেন।

সঙ্গীতমঞ্জরীর যথার্থ নাম হওয়া উচিত ছিল গীতরত্নাকর। কারণ এ গ্রন্থে

আমি পূর্ব্বে বলেছি যে, সঙ্গীত মানুষের ভাব প্রকাশের একটি বিশিষ্ট ভাষা। অপর সকল ভাষার ন্যায় এ ভাষারও একটি ব্যাকরণ আছে। যাঁরা সঙ্গীত শিক্ষা করতে চান, তাঁদের পক্ষে এ ব্যাকরণের কিঞ্চিৎ পরিচয় লাভ করা আবশ্যক। তাতে সঙ্গীত সম্বন্ধে শিক্ষার্থীর কিঞ্চিৎ জ্ঞান জন্মায়, এবং সঙ্গীত শিক্ষার বুনিয়াদও পাকা হয়।

এই কারণে বাংলাদেশে যিনি সঙ্গীত সম্বন্ধে কোনও পুস্তক লিখেছেন, তিনি সঙ্গীতশাস্ত্র সম্বন্ধেও অল্পবিস্তর আলোচনা করতে বাধ্য হয়েছেন। সঙ্গীত সম্বন্ধে প্রথম বাঙ্গলা পুস্তক হচ্ছে সঙ্গীততরঙ্গ। রাধামোহন সেন নামক জনৈক সঙ্গীতপ্রাণ ব্যক্তি ১২৫৬ সালে এ পুস্তক প্রকাশ করেন। কিন্তু এ পুস্তকের সাহায্যে সঙ্গীত শিক্ষা করা অসম্ভব। কারণ এ পুস্তক প্রধাণতঃসঙ্গীত শাস্ত্রের বিচার। এ গ্রন্থে হিন্দু সঙ্গীতের জাতিধর্ম্মের বর্ণনা আছে, রাগরাগিণীর উৎপত্তির ইতিহাস আছে, কিন্তু সঙ্গীতশিক্ষার কোন নির্দ্দিষ্ট ব্যবস্থা নেই।

বাংলাভাষায় সঙ্গীতবিষয়ক অন্যতম বিখ্যাত পুস্তক "গীতসূত্রসারে"র নামেই প্রকাশ যে, এ গ্রন্থের মূল উদ্দেশ্য হচ্ছে সঙ্গীতশাস্ত্রের মূল সূত্রগুলির ভাষায় পরিচয় দেওয়া। ফলে উক্ত গ্রন্থ সঙ্গীতসূত্রগুলির টীকাভাষ্যে কিঞ্চিৎ ভারাক্রান্ত। গীত সূত্রসারেও অনেকগুলি প্রাচীন গীত সংগৃহীত হয়েছে; কিন্তু সেগুলি এ পুস্তকের গীতগুলির ন্যায় সর্ব্বাঙ্গসুন্দর নয়।

সঙ্গীতমঞ্জরীর রচয়িতাও তাঁর গ্রন্থে সঙ্গীতবিজ্ঞান সম্বন্ধে শাস্ত্রমতের পরিচয় দিয়াছেন, কিন্তু তা অতি সংক্ষেপে ও সরলভাবে। হিন্দু সঙ্গীত সম্বন্ধে যেটুকু জ্ঞান সঙ্গীত শিক্ষার সহায়, আমার বিশ্বাস এ গ্রন্থ পাঠে সেটুকু জ্ঞান সকলেই সহজে অর্জ্জন করতে পারেন।

সঙ্গীত শাস্ত্র প্রয়োগ প্রধান শাস্ত্র। এবং এই প্রয়োগকৌশল আয়ত্ত করা সাধনাসাপেক্ষ। গ্রন্থকার বলেছেন এ সাধনায় ক্লেশ নেই পরিশ্রম আছে। এ অতি সত্য কথা। বিনা পরিশ্রমে, শুধু সঙ্গীত কেন, পৃথিবীর অপর কোনও আর্ট অধিকার করা যায় না। কিন্তু এ পরিশ্রমে যদি আনন্দের পরিবর্ত্তে শুধু ক্লেশই থাকৃত, তাহলে পৃথিবীতে সাধনা বলে কোন জিনিষই থাকৃত না।

সুরের প্রয়োগকৌশল শিক্ষা করবার প্রথম পদ হচ্ছে স্বর সাধনা। এই স্বরসাধনের প্রণালী সঙ্গীতমঞ্জরীতে সম্যক্‌রূপে বিবৃত হয়েছে। সে

ধ্রুপদ, খেয়াল, টপ্পা ও ঠুংরি, এই চারি শ্রেণীর এত সুন্দর ও চমৎকার গীত সংগৃহীত হয়েছে যে, সেগুলিকে রত্ন বলা অত্যুক্তি নয়।

আমি এ গানগুলিকে রত্ন বলছি কবিতা হিসেবে নয়, সঙ্গীত হিসেবে। গ্রন্থকার বলেছেন—"ভাব বিভাসন সম্বন্ধে সুরের যে শক্তি, তাহা ভাষার অনপেক্ষ।" কারণ কথার ভাষাই মানুষের একমাত্র ভাষা নয়; সঙ্গীতেরও একটি বিশেষ ভাষা আছে, যা কথার ভাষা হতে সম্পূর্ণ স্বতন্ত্র। যন্ত্রসঙ্গীতের যে ভাব বিভাবনের শক্তি আছে, তা কে না জানেন; অথচ এ শক্তি, আমরা যাকে ভাষা বলি তার সঙ্গে স্পষ্টতঃ নিঃসম্পর্কিত।
গানের হ্লাদিনী শক্তি কতটা তার কথার উপর আর কতটা তার সুরের উপর নির্ভর করে, তা বলা কঠিন। কীর্ত্তন অঙ্গের গানের সুর অনেকটা তার কথার "অনুবাদী" অপরপক্ষে মার্গসঙ্গীতে কথা প্রায়ই সুরের "অনুবাদী"। আর এ গ্রন্থে যে প্রাচীন গীতগুলি সংগৃহীত হয়েছে, সেগুলি মার্গসঙ্গীতের পর্য্যায়ভুক্ত। এখানে একটি কথা বলা প্রয়োজন। গান মাত্রেরই সুর তার কথাকে অতিক্রম করে, আর সে কথাকে নূতনভাবে রূপান্তরিত করে সে—গান কীর্ত্তনই হোক, আর বাউলই হোক। এ কথা যদি সত্য হয়, তাহলে স্বীকার করতেই হবে যে শুধু যন্ত্রসঙ্গীত নয়—কণ্ঠ-সঙ্গীতও সুরপ্রধান। হিন্দু সঙ্গীতের রাগরাগিণীর সৃষ্টি হিন্দু সভ্যতার একটি অমর কীর্ত্তি। আর এই সব রাগরাগিণীর রূপ ও সৌন্দর্য্য মার্গ-সঙ্গীতে যতটা বিকশিত হয়েছে, দেশী সঙ্গীতে ততটা হয়নি। এই কারণেই হিন্দি গান, সঙ্গীতপ্রিয় শ্রোতাকে এতটা মুগ্ধ করে। গ্রন্থকার বলেছেন যে, "সঙ্গীতে শুদ্ধস্বর অবাঙ্ময় কাব্য বললেও অত্যুক্তি হয় না।" এ কথা আমিও গ্রাহ্য করি। সুতরাং গীত বাঙ্ময় হলেও, প্রকৃতপক্ষে অবাঙ্ময় কাব্য।

সঙ্গীতমঞ্জরীর গ্রন্থকার প্রাচীন হিন্দি গীতগুলি সংগ্রহ করেই ক্ষান্ত হন নি। যাতে এই গীতগুলি লোকে শিক্ষা করতে পারে, তার জন্য প্রভূত যত্ন ও পরিশ্রম করেছেন। এতগুলি গানের নির্ভুল স্বরলিপি প্রণয়ন করা যে কতদূর পরিশ্রমসাপেক্ষ, তা' সহজেই অনুমান করতে পারা যায়। তাঁর এ পরিশ্রম স্বার্থক হয়েছে তার প্রমাণ, আমি এমন দু-চার জনকে জানি, যাঁরা ঐ স্বরলিপি দৃষ্টে এর অনেকগুলি গান অবলীলাক্রমে কণ্ঠস্থ করতে সক্ষম হয়েছেন। এর থেকে আমার বিশ্বাস হয়েছে যে, আরও বহুলোক এ গ্রন্থের সাহায্য গ্রহণ করতে পরাঙ্মুখ হন নি।

রাজা শ্রীল শ্রীযুক্ত দেবেন্দ্রলাল খান বহাদুর।

কুন্তলীন প্রেস, ৬৫।২ বিডন ষ্ট্রীট কলিকাতা

প্রণালী যাঁর খুশী তিনি অবলম্বন করতে পারেন, এবং ফলে কি যন্ত্র কি কণ্ঠস্বর আত্মবশে আনতে পারবেন।

কি কি গুণে সঙ্গীতমঞ্জরী আমার বিবেচনায় বাঙ্গলা ভাষায় সঙ্গীত বিষয়ে সাহিত্যের শীর্ষস্থানীয় গ্রন্থ, তা'উপরে যথাসাধ্য বিবৃত করেছি। এ গ্রন্থের আর এক মহাগুণ এই যে, হিন্দী গানগুলির বাণী যা'তে শুদ্ধ হয়, এবং তাদের অর্থবোধ সহজ হয়, সে বিষয়ে গ্রন্থকার বিশেষ যত্ন করেছেন।

বাংলাদেশে এ গ্রন্থের বহুল প্রচার একান্ত বাঞ্ছনীয়। আশা করি বাংলার সঙ্গীতানুরাগী সমাজের নিকট সঙ্গীতমঞ্জরী যথেষ্ট আদৃত হবে।

---

# প্রস্তাবনা

সঙ্গীত অতি প্রাচীন শাস্ত্র। বেদই তাহার প্রমাণ। বেদ গান মাত্র। পুরাণেও বহুস্থলে সঙ্গীতশাস্ত্রের প্রসঙ্গ দৃষ্ট হইয়া থাকে। অতি প্রাচীন কালেই রাগরাগিণী প্রভৃতির সৃষ্টি ও সঙ্গীতের পুষ্টি হইয়াছিল। প্রাচীন সঙ্গীতের সহিত বর্ত্তমান সঙ্গীতের পুষ্টি হইয়াছিল। প্রাচীন সঙ্গীতের সহিত বর্ত্তমান সঙ্গীতের অনেক বিষয়ে পার্থক্য পরিলক্ষিত হয়। কুরুক্ষেত্র সমরান্তে ভারত অবসাদ নিদ্রায় অভিভূত হইয়া পড়ে, ভারতের সর্ব্ববিধ শক্তিই জড়তাগ্রস্থ হয়, সকল প্রকার উন্নতির স্রোতই রুদ্ধগতি প্রাপ্ত হয়, অনেকেই এইরূপ অনুমান করেন। অনুমানটি অযৌক্তিক নয় অন্যান্য বিদ্যাচর্চ্চার ন্যায় সঙ্গীত চর্চ্চারও এই অবসাদ যুগে হীনশ্রী হইয়াছিল। তৎপরে ঐতিহাসিক যুগের প্রারম্ভে অর্থাৎ হিন্দুরাজত্বকালে সঙ্গীত ও অন্যান্য বিদ্যা চর্চ্চার পুনরভ্যুত্থান হয়। মুসলমান শাসনকালেও সঙ্গীতচর্চ্চার ক্রমশই শ্রীবৃদ্ধিসাধন হইতে থাকে। দিল্লীশ্বর আকবরের গৌরবোজ্জ্বল রাজত্ব সঙ্গীতশাস্ত্রের পুনরভ্যুদয়ে অধিকতর গৌরবান্বিত। সঙ্গীতগুরু তানসেন প্রভৃতি সঙ্গীতের পুনর্জ্জীবন প্রদান করেন। ইহাঁরাই নব্য সঙ্গীতের প্রবর্ত্তক। ইহাঁদের রচিত গীতগুলি ভাব ভাষা এবং সুর সকল বিষয়েই উচ্চ। সেগুলি সঙ্গীত ভাণ্ডারের উজ্জ্বল অমূল্য রত্ন। এ রত্নগুলি বিস্মৃতির কবলিত হইলে সঙ্গীতশাস্ত্র নিতান্ত দবিদ্র হইয়া পড়িবে এবং সঙ্গীত-বিদ্যামোদী জনগণ ইহাদের অমৃতরসাস্বাদনে বঞ্চিত হইবেন। সুতরাং গীতগুলি প্রযত্নে পরিরক্ষণীয়। সেই জন্য আমি বহু পরিশ্রমে এই সকল গীত স্বরলিপি সহ লিপিবদ্ধ করিয়া সাধারণে প্রচারিত করিলাম; প্রাচীন গীতগুলিকে রক্ষা করাই এই গ্রন্থের মুখ্য উদ্দেশ্য হইলেও ইহাতে আধুনিক দুই চারিটি গীতও সন্নিবেশিত হইয়াছে। এক্ষণে গুণগ্রাহী সুধিগণ যদি এই গ্রন্থের রসাস্বাদন করিয়া তৃপ্তিলাভ করেন, তাহা হইলে শ্রম সফল জ্ঞান করিব।

হিন্দী গীত. হিন্দীভাষায় অনভিজ্ঞ গায়কগণের মুখে অনেক স্থলে বিকৃত হইয়া পড়ে। গায়কগণ কেবল সুরোত্থিত ধ্বনিরই অনুকরণ করিয়া যান, রচনার দিকে তত লক্ষ্য রাখেন না। যাঁহারা সঙ্গীত বিদ্যা শিক্ষা

বিশারদ স্বর্গীয় ক্ষেত্রমোহন গোস্বামী মহাশয় অনেকগুলি সঙ্গীতগ্রন্থ প্রণয়ন করিয়া সঙ্গীত শিক্ষার পথ সুগম করিয়াছেন।

অধিকন্তু স্বরলিপি প্রণয়ন সম্বন্ধে আমার সহোদর সঙ্গীত কলাবিৎ ধীমান্ শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায় বহু পরিশ্রমে যথেষ্ট সহায়তা করিয়াছেন। আমি তাঁহাকে অন্তরের সহিত আশীর্ব্বাদ করিতেছি যেন প্রিয়তম গোপেশ্বর স্বীয় প্রতিভাগুণে সুধীসমাজে সম্মানভাজন এবং সংসারে সুখশান্তি সমৃদ্ধির অধিকারী হইতে পারেন।

পরিশেষে কৃতজ্ঞতার সহিত স্বীকার করিতেছি যে, বিষ্ণুপুর রাজ-বংশ সম্ভূত ইন্দাস নিবাসী আমার প্রিয় বন্ধু বিবিধবিদ্যাবিশারদ শ্রীযুক্ত বাবু বলীন্দ্র সিংহদেব মহাশয় এই পুস্তক সংশোধন পক্ষে বিশেষ পরিশ্রম স্বীকার পূর্ব্বক আমাকে পরম উপকৃত করিয়াছেন। কায়মনোবাক্যে ঈশ্বরের নিকট প্রার্থনা, তিনি যেন সুস্থদেহে আজীবন পরহিত ব্রতে ব্রতী থাকিয়া অক্ষয় কীর্ত্তিলাভ করিতে থাকেন।

শ্রীরামপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়।

---

করিতে ইচ্ছা করেন, হিন্দী শিক্ষা তাঁহাদের নিতান্ত আবশ্যক। গানগুলিকে ব্যাখ্যা সহ প্রকাশিত করিতে হইলে পুস্তক বাহুল্য হইয়া পড়ে, সুতরাং এই প্রথম উদ্যমে তদ্বিষয়ে ক্ষান্ত রহিলাম। পরিশিষ্টে দুরূহ শব্দের অর্থ সন্নিবেশিত করিলাম। এতৎ সন্নিবিষ্ট অধিকাংশ গীতই আমি মদীয় পূজ্যপাদ পিতৃদেব স্বর্গীয় অনন্তলাল বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নিকট শিখিয়াছিলাম। নব্য সঙ্গীতের গৌরবের সময়ে দিল্লী যেরূপ সঙ্গীত শিক্ষার কেন্দ্রস্থল হইয়াছিল, বাঙ্গলায় বিষ্ণুপুরও সঙ্গীতচর্চ্চার জন্য সেইরূপ প্রসিদ্ধিলাভ করিয়াছিল। গত শতবর্ষের মধ্যেও বিষ্ণুপুরে রামশঙ্কর প্রভৃতির ন্যায় সঙ্গীতধুরন্ধর ব্যক্তিগণ বিদ্যমান ছিলেন। মদীয় পিতৃদেব, সঙ্গীতগুরু রামশঙ্করের প্রিয় শিষ্য ছিলেন। ইহাঁর সহিতই বিষ্ণুপুরে সঙ্গীতের গৌরব একরূপ নির্ব্বাণোন্মুখ হইয়াছে। বিষ্ণুপুরে এক্ষণে যাঁহারা সঙ্গীত শাস্ত্রে অল্লাধিক অধিকারের গৌরব করেন, তাঁহারা সকলেই প্রায় ইহাঁরই শিষ্য। এই প্রাচীন গীতগুলি তিনি অতিযত্নে সংগ্রহ করিয়া রাখিয়াছিলেন এবং এই সকল গানকে বিস্মৃতির গ্রাস হইতে রক্ষা করাও তাঁহার হৃদয়ের চিরন্তন অভিলাষ ছিল। আজ তাঁহার অভিলাষ পূরণের সুযোগ হইয়াছে। এই গীতগুলির সহিত মদীয় স্বর্গীয় পিতৃদেবের নাম যদি চিরস্মরণীয় হয়, তাহা হইলে পরিশ্রমের প্রচুর পুরস্কার হইয়াছে জ্ঞান করিব।

মদীয় সঙ্গীতশিষ্য নাড়াজোলাধিপতি, বিদ্যোৎসাহী, বদান্যবর, সুধী-শিরোমণি, সঙ্গীতজ্ঞ, শুভকীর্ত্তি রাজা শ্রীনরেন্দ্রলাল খাঁন মহোদয়ের প্রভূত উৎসাহে এবং অর্থানুকূল্যে এই সঙ্গীতগ্রন্থ মুদ্রাঙ্কিত ও প্রচারিত হইল। রাজা মহোদয়ের সাহায্য ব্যতীত এই সঙ্গীতগ্রন্থ কখনও লোকলোচনবর্ত্তী হইত না এবং দরিদ্রের এই উচ্চ আশা হৃদয়ে উঠিয়া হৃদয়েই বিলীন হইত। এই গ্রন্থখানি তাঁহার দানশীলতা এবং গুণগ্রাহিতা উভয়েরই উজ্জ্বল নিদর্শন। এই গ্রন্থ প্রচারে রাজা মহোদয় রাজোচিত গুণেরই পরিচয় দিয়াছেন এবং সঙ্গীত ও সাহিত্য জগতে একটা অক্ষয় উজ্জ্বল কীর্ত্তিস্তম্ভ স্থাপিত করিলেন। তাঁহার নিকট আমি চিরকৃতজ্ঞতাপাশে বদ্ধ রহিলাম।

এস্থলে আমি সুধীবর মহারাজ শ্রীযুক্ত যতীন্দ্রমোহন ঠাকুর তদনুজ সঙ্গীতমর্ম্মজ্ঞ রাজা স্যর সৌরীন্দ্রমোহন ঠাকুর মহাশয়দ্বয়কে ধন্যবাদ না দিয়া থাকিতে পারিলাম না, কারণ ইহাঁরাই এরূপভাবে সঙ্গীতশাস্ত্র প্রচারের প্রথম পথ প্রদর্শক। ইহাঁদের উৎসাহ এবং আনুকূল্যে সঙ্গীতশাস্ত্র-

ইহাদের অমৃত রসাস্বাদনে বঞ্চিত হইবেন।" সত্যই তাই, এ গানগুলি বিস্মৃত হইলে আমাদের সঙ্গীতশাস্ত্র নিতান্ত দরিদ্র হইয়া পড়িবে। এইজন্য বহু পরিশ্রমে "সঙ্গীতমঞ্জরী"র দ্বিতীয় সংস্করণ প্রকাশ করিলাম।

মদীয় অগ্রজ মহোদয় সঙ্গীতকে উন্নত করিবার জন্য যে সকল কার্য্য করিয়াছিলেন তন্মধ্যে 'সঙ্গীতমঞ্জরী' প্রণয়ন এবং তাঁহার পিতৃদেব প্রতিষ্ঠিত সঙ্গীত বিদ্যালয়টিকে সংস্কার করিয়া নবরূপে গঠন এই দুইটি কার্য্য অতি মহৎ। বাঙ্গলাদেশে উচ্চাঙ্গ হিন্দুস্থানী সঙ্গীতের প্রধান কেন্দ্র বিষ্ণুপুর। বিষ্ণুপুরে সঙ্গীত চর্চ্চা এরূপ উন্নত ছিল বলিয়াই, বাঙ্গালাদেশে অদ্যাপিও উচ্চ সঙ্গীত বর্ত্তমান, নতুবা এ দেশ হইতে সঙ্গীত এতদিন লোপ পাইত এবং তাহার পরিবর্ত্তে চুট্‌কি গান ও সেইরূপ গায়কগণেরই প্রাদুর্ভাব হইত। তিনি নাড়াজোল রাজবাটি হইতে পেন্সন গ্রহণ করিয়া বিষ্ণুপুরের পূর্ব্ব গৌরব পুনঃপ্রতিষ্ঠাকল্পে আত্ম-নিয়োগ করেন। ভারতীয় সঙ্গীতের উন্নতিকল্পে যাঁহারা অক্লান্ত পরিশ্রম করিয়াছেন, তন্মধ্যে মদীয় অগ্রজ মহোদয়ের নাম চিরস্মরণীয় হইয়া থাকিবে।

আমাদের সঙ্গীতের বিশেষত্বগুলি অন্যান্য দেশের সঙ্গীত হইতে সম্পূর্ণ পৃথক। বহু শতাব্দী ধরিয়া ক্রমাগত অনুশীলনের ফলে, এ সঙ্গীত সর্ব্ব বিষয়ে উন্নত। এ সঙ্গীতের সহিত অন্য দেশের সঙ্গীতের তুলনা হয় না। বিদেশীয় সঙ্গীতের বিশেষত্বগুলি আমাদের দেশীয় সঙ্গীতে প্রচলন করিবার জন্য অনাবশ্যকীয় গবেষণা করা নিষ্ফল; ভারতীয় সঙ্গীত ও ইউরোপীয় সঙ্গীত মিশাইতে চেষ্টা করা অজ্ঞতার পরিচায়ক; অযথা এরূপ প্রচলন করিলে শিব গড়িতে বাঁদর হইয়া পড়ে। ভারতীয় সঙ্গীতে কিছুরই অভাব নাই, প্রকৃত অনুশীলন ও প্রচারের অভাবে, অদ্যাপিও ইহার অনেক বস্তু বিস্মৃতির কবলে। সেই লুপ্তরত্নসমূহ যাঁহারা উদ্ধার সাধনে ব্রতী হন তাঁহারাই দেশের প্রশংসাভাজন। ভারতবর্ষে প্রকৃত গুণী ব্যক্তির অভাব নাই; তাঁহারা আজন্ম পরিশ্রম করিয়া সঙ্গীতকে অদ্যাপিও জীবিতরাখিয়াছেন। "নাদাব্ধেস্তু পরপারং ন জানাতি স্বরস্বতী।" সঙ্গীতশাস্ত্র অপার; সাধনা ও শিক্ষাদ্বারা যিনি যতটুকু জ্ঞান অর্জ্জন করেন, তিনিই ধন্য। সে সাধনার মর্ম্ম বুঝিতে হইলে, শিক্ষা ও জ্ঞানের প্রয়োজন। গুণী ব্যক্তির গুণের অনুসন্ধান করা সহজ নহে। জহুরী যেরূপ জহর চিনে, গুণীই সেরূপ গুণীকে চিনিতে পারে। যাঁহারা গুণীর মর্য্যাদা বুঝেন না বা বুঝিবার মত শিক্ষা

# দ্বিতীয় সংস্করণের প্রস্তাবনা

সঙ্গীতমঞ্জরীর মত মূল্যবান গ্রন্থের দ্বিতীয় সংস্করণ প্রকাশ করা বহু পূর্ব্বেই উচিত ছিল। কারণ অনেক দিন হইল ইহার প্রথম সংস্করণ নিঃশেষ হইয়াছে। "শ্রেয়াংসি বহু বিঘ্নানি" এই মহাবাক্য শ্রেষ্ঠ কার্য্যে হস্তক্ষেপ করিলেই স্পষ্ট উপলব্ধি করা যায়। 'সঙ্গীতমঞ্জরী' প্রকাশ করিতেও আমাকে নানাপ্রকার বাধা, বিঘ্ন, অতিক্রম করিতে হইয়াছে।

এই গ্রন্থের গানসমূহ ও স্বরলিপি পুঙ্খানুপুঙ্খরূপে সংশোধন করা, গানের সকল প্রকার বিস্তার দেওয়া এবং কতকগুলি গানের সম্পূর্ণ ব্যাখ্যা দেওয়া, মদীয় অগ্রজ পূজ্যপাদ স্বর্গীয় রামপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় মহাশয় ১৩৩৫ সাল হইতে এই মহদুদ্দেশ্য কার্য্যতঃ পরিণত করিতে আরম্ভ করিয়া প্রায় সুসম্পন্ন করিয়া আনিয়াছিলেন। ১৩৩৭ সালে মাত্র ৫৭ বৎসর বয়ঃক্রম কালে, তিনি হঠাৎ পরলোক গমন করেন। অবশিষ্ট অংশ তাঁহারই পদাঙ্ক অনুসরণ করিয়া, আমি সংশোধন ও পরিবর্ত্তন করি। এই গ্রন্থটি তাঁহার জীবিত অবস্থাতেই পুনঃপ্রকাশিত হইলে যে কিরূপ আনন্দের বিষয় হইত, তাহা বর্ণনাতীত। কিন্তু মানুষের ইচ্ছা অনেক সময় সফল হয় না।

মদীয় অগ্রজ মহোদয়ের গুণ দেশে সুপরিচিত। তাঁহার মত সঙ্গীতশাস্ত্রজ্ঞ এবং অদ্বিতীয় গায়ক ও যন্ত্রী কচিৎ দৃষ্ট হয়। তাঁহার নিকট শিক্ষা করিয়া বহুব্যক্তি সঙ্গীত ব্যবসা করিয়া সুযশ অর্জ্জন করিতে সক্ষম হইয়াছেন। সঙ্গীতমঞ্জরী যখন তিনি প্রথম প্রকাশ করেন তখন এরূপ ধরণের পুস্তকের আমাদের দেশে অত্যন্ত অভাব ছিল। এই গ্রন্থ দৃষ্টে, বাঙ্গালী, হিন্দুস্থানী অনেক গায়কগণ শিক্ষা করিয়াছিলেন। বাঙ্গলা দেশের অনেক গায়কই, তাঁহার পুস্তকের গান গাহিয়া থাকেন। 'সঙ্গীতমঞ্জরী'র গানগুলি সঙ্গীতের আসরে প্রসিদ্ধি লাভ করিয়াছে। গানগুলির প্রত্যেকটিরই ভাব, সুর, ও ঢং অতি উচ্চাঙ্গের। মদীয় অগ্রজ মহোদয় প্রস্তাবনায় লিখিয়াছিলেন, "এরত্নগুলি বিস্মৃতির কবলিত হইলে সঙ্গীতশাস্ত্র নিতান্ত দরিদ্র হইয়া পড়িবে এবং সঙ্গীতবিদ্যামোদী জনগণ

আয়ত্ব করা অতীব কঠিন। তবে হারমোনিয়ম বাজাইয়া তুই চারিটা সাধারণ গান গাওয়া অতি সহজ কাজ।

ইহা অতিশয় আনন্দের বিষয় যে হিন্দুস্থানী সঙ্গীত ক্রমশঃ উন্নতির পথে অগ্রসর হইতেছে এবং এই সকল গ্রন্থ প্রকাশ হওয়াতে শিক্ষিত সমাজে ইহার প্রচার সম্ভবপর হইয়াছে। কিন্তু তুঃখের বিষয় এই যে কতিপয় ব্যক্তি নিকৃষ্ট রুচি সঙ্গত গান দেশে প্রচার করিতেছেন। সে সকল গুণীসমাজে যদিও স্থান পায় না তথাপি এরূপ সঙ্গীতের প্রচার হইতে দেওয়া শিক্ষিত সমাজের কর্ত্তব্য নহে।

আমাদের দেশে অনেকে গান গাহিয়া থাকেন কিন্তু বিভিন্ন ঢংএর গানের রীতি তাঁহারা বজায় রাখিতে পারেন না। ধ্রুপদ শুনিলে অনেক সময় ঠুম্‌রী বলিয়া ভ্রম হয়, আর খ্যালের মধ্যে যথেচ্ছাচারিতার প্রাচুর্য্য দেখা যায়। কিন্তু ইহা যথার্থ গাহিবার রীতি নহে। প্রত্যেক শ্রেণীব গানের ঠিক রূপ রাখিয়া গাওয়া যুক্তিসঙ্গত। ভাল ভাল রাগিণী আলাপের সময় অধিকাংশ গায়ককে তুইটী কবিয়া হারমোনিয়ম লইতে দেখা যায়। কিন্তু হাবমোনিয়ম লইয়া আলাপ ও ধ্রুপদ গাওয়া একবাবেই উচিত নয়। গানের নানারূপ শ্রেণী বিভাগ বহিয়াছে; একের সহিত অন্যটী মিশাইবার কোনই আবশ্যক নাই।

সঙ্গীতেব মত শ্রেষ্ঠ কলাবিদ্যার বিশ্ববিদ্যালয়ে স্থান পাওয়া যে কোন সভ্যদেশের ব্যক্তিগণেরই বাঞ্ছনীয়। বিশ্ববিদ্যালয় হইতে ইহাব নিয়মিত শিক্ষার ব্যবস্থা হইলে, শিক্ষার্থীগণেব মধ্যে প্রকৃত সঙ্গীতেব আবহাওয়ার সৃষ্টি হওয়া সম্ভব।

মেদিনীপুর ও নাড়াজোলাধিপতি স্বর্গীয় রাজা নরেন্দ্রলাল খান্ বহাতুর "সঙ্গীতমঞ্জরী"র প্রথম সংস্করণের মুদ্রাঙ্কনেব ভার গ্রহণ করিয়া দেশবাসীর পরম কল্যাণসাধন করিয়া গিয়াছেন। তাঁহার মত উদারচেতা দেশহিতৈষী ও গুণগ্রাহী রাজা-আমাদের দেশে বিরল। সঙ্গীত ও অন্যান্য দেশীয় অনু-শীলনে তিনি মুক্ত হস্তে দান করিয়া গিয়াছেন। মদীয় অগ্রজ মহোদয়ের মত গুরুর তিনি উপযুক্ত শিষ্য ছিলেন। সঙ্গীতানুশীলনকারীগণকে তিনি যে কিরূপ উৎসাহিত করিতেন তাহা বর্ণনাতীত। ময়ুরভঞ্জাধিপতি সর্ব্বগুণসম্পন্ন দাতাগ্রগণ্য মহারাজ শ্রীলশ্রীযুক্ত প্রতাপচন্দ্র ভঞ্জ দেব বহাতুর, নাড়াজোলাধিপতি উদারচেতা দেশহিতব্রতী রাজা শ্রীল শ্রীযুক্ত

নাই, তাঁহারা যখন সমালোচনা করেন তখন হাস্যকর ব্যাপার হয়। এরূপ বাতুল সমালোচকের সংখ্যা যত কম হয় ততই দেশের মঙ্গল। পূর্ব্বে হিন্দুস্থানী ও মুসলমান ওস্তাদগণের নিকট শিক্ষা করা অতিশয় কষ্টকর ব্যাপার ছিল। তাঁহারা শিক্ষাদানে কৃপণতা করিতেন; তাঁহাদের সম্প্রদায়ের মধ্যে উদারচেতা অতি অল্প ব্যক্তিই ছিলেন যাঁহারা প্রাণ খুলিয়া শিক্ষা দিতেন। বাঙ্গলা দেশ হইতেই সর্ব্বপ্রথম সঙ্গীতগ্রন্থ সমূহ প্রকাশিত হওয়ায় শিক্ষা প্রচার হইতে আরম্ভ হয়। স্বনামধন্য সঙ্গীতাচার্য্য স্বর্গীয় ক্ষেত্রমোহন গোস্বামী মহোদয় প্রথম স্বরলিপির প্রবর্ত্তক। তাঁহার দৃষ্টান্ত অবলম্বন করিয়াই অধুনা বাঙ্গলা ও হিন্দুস্থানে কতিপয় ব্যক্তি গ্রন্থ লিখিতেছেন। তবে হিন্দুস্থানী স্বরলিপি পুস্তকের তুলনায়, বাঙ্গলার গ্রন্থগুলি অনেকাংশে শ্রেষ্ঠ। রাগরাগিণীব প্রকৃত রূপ গানের নানাবিধ অলঙ্কার তাঁহাদের পুস্তকে দেখা যায় না, তবে সংগ্রহকার হিসাবে তাঁহারা প্রসংসার পাত্র অর্থাৎ যাঁহার নিকট যেরূপ সংগ্রহ করিয়াছেন, সেইরূপ ছাপাইয়াছেন। গ্রন্থকার স্বয়ং গায়ক না হইলে, তাঁহার স্বরলিপি ঠিক গাহিবার ঢংএ লিখিত হইতে পারে না। অনেকে বলেন গানগুলি স্বরলিপিবদ্ধ করিবার প্রয়োজনীয়তা কি? মুখে না শিক্ষা প্ররিলে কি গান শিক্ষা হয়? ইহার উত্তরে বলা আবশ্যক যে গুরুমুখে শিক্ষা অবশ্যই প্রয়োজন, কিন্তু গানগুলি চিরস্থায়ী রাখিতে এবং রাগরাগিণী ও গানের নিয়মিতরূপ শিক্ষার ব্যবস্থা করিতে গ্রন্থসমূহের প্রয়োজনীয়তা অসীম। অনেক ওস্তাদগণ স্ববলিপি করিতে অক্ষম বলিয়া উহাব মর্ম্ম উপলব্ধি কবিতে পারেন না। লেখাপড়ার পুস্তকের প্রত্যেকেটিরই তর্জ্জমা ব্যাখ্যা বহুসংখ্যক বর্ত্তমান, কিন্তু শিক্ষার পূর্ণতা লাভ করিতে হইলে অধ্যাপকের সাহায্য প্রয়োজন। সঙ্গীতেও এই কথা খাটে। এতদ্ব্যতীত সঙ্গীতের অন্যান্য গ্রন্থাপেক্ষা স্বরলিপি গ্রন্থ যে সর্ব্বাপেক্ষা মূল্যবান তাহা সর্ব্ববাদিসম্মত, কারণ অন্যান্যগুলি অবসর সময়ে মাত্র পাঠের সামগ্রী কিন্তু স্বরলিপি পুস্তক শিক্ষাও সাধনার বস্তু সঙ্গীত স্বভাবের সৃষ্টি, সেইজন্যই কণ্ঠে যে সকল স্বরলহরীর বিকাশ হয় তাহা অতি অপূর্ব্ব। কণ্ঠের অনুকরণেই যন্ত্রের সৃষ্টি। যন্ত্র সকল বিষয়েই কণ্ঠ সঙ্গীতকে অনুকরণ করিয়াছে। অনেকের ধারণা কণ্ঠ, বীণ প্রভৃতি আলাপের যন্ত্রের অনুকরণ করিয়াছে, কিন্তু ইহা সম্পূর্ণ ভুল। যন্ত্র সঙ্গীত সমস্তই কণ্ঠের অনুকরণ; সাধনা হিসাবেও যন্ত্র অপেক্ষা কণ্ঠসঙ্গীতকে

# সূচী।


| বিষয় | | পৃষ্ঠা |
| --- | --- | --- |
| উপক্রমণিকা | ... | ১ |
| সঙ্গীত-সাধনা | ... | ১০ |
| সপ্তস্বর | ... | ১১ |
| শ্রুতি | ... | ১২ |
| সপ্তক | ... | ১৩ |
| মুর্চ্ছনা, গ্রাম কড়ি ও কোমল | | ১৪ |
| গমক, গিটকারী, মীড়, বাদী, বিবাদী গ্রহস্বর ও ন্যাসস্বর | | ১৫ |
| রাগের প্রকার ও জাতি ছয়রাগ ও ছত্রিশ রাগিণী | | ১৬ |
| ধ্রুপদ, খ্যাল ও টপ্পার লক্ষণ | | ১৭ |
| মাত্রা | ... | ১৮ |
| লয় ও তাল | ... | ১৯ |
| সমপদী ও বিষমপদী | ... | ২০ |
| তালসমূহের ঠেকা | ... | ২০ |
| তাম্বুরা-মিলন | ... | ২৮ |
| হিন্দী উচ্চারণ | ... | ৩০ |
| দণ্ডমাত্রিক সঙ্কেত | ... | ৩১ |
| স্বরসাধন | ... | ৩৪ |
| **রাগরাগিণীর সরগম্** | | |
| আলাহিয়া—তেতালা | ... | ৪৪ |
| বিভাস ,, | ... | ৪৫ |
| ভৈরবী ,, | .. | ৪৫ |
| ভৈরব ,, | ... | ৪৬ |
| ,, | ... | ৪৭ |
| দরবারীতোড়ী ,, | . | ৪৭ |
| বৃন্দাবনীসারঙ্গ—ঝাঁপতাল | | ৪৮ |
| মধুমাধবীসারঙ্গ—তেতালা | ... | ৪৯ |
| গৌড়সারঙ্গ ,, | ... | ৪৯ |
| ভীমপলশ্রী ,, | .. | ৫০ |
| মুলতানী ,, | ... | ৫১ |
| পুরবী ,, | ... | ৫১ |
| পুরিয়া ,, | . | ৫২ |
| মালশ্রী ,, | ... | ৫৩ |
| শ্রী ,, | ... | ৫৩ |
| ছায়ানট ,, | ... | ৫৪ |
| ছায়ানট ,, | .. | ৫৫ |
| কল্যাণ—ঝাঁপতাল | . | ৫৬ |
| ইমন—তেতালা | . | ৫৬ |
| ইমনকল্যাণ—ঝাঁপতাল | . | ৫৭ |
| ভূপালী—তেতালা | . | ৫৮ |
| কেদারা ,, | . | ৫৯ |
| হম্বীর ,, | ... | ৬০ |
| তিলককামোদ ,, | ... | ৬০ |
| সুরট ,, | ... | ৬১ |
| মেঘ ,, | ... | ৬২ |
| সিন্ধু ,, | ... | ৬৩ |
| সিন্ধুড়া ,, | ... | ৬৪ |
| দরবারীকানড়া ,, | ... | ৬৪ |
| আড়ানা ,, | .. | ৬৫ |
| মালকৌশ ,, | | ৬৫ |
| বসন্ত ,, | ... | ৬৬ |
| পরজ ,, | ... | ৬৭ |
| বেহাগ ,, | ... | ৬৮ |
| হিন্দোল ,, | ... | ৬৮ |

দেবেন্দ্রলাল খান বহাদুর এই গ্রন্থ মুদ্রাঙ্কনের অধিকাংশ ভার গ্রহণ করিয়াছেন এবং সন্তোষের কুমার বিবিধ গুণালঙ্কৃত শ্রীল শ্রীযুক্ত হেমেন্দ্রনাথ রায় মহোদয় কিয়দংশ সাহায্য করিয়াছেন এই জন্য এই মহাত্মাদিগের নিকট আমি চির কৃতজ্ঞতা পাশে আবদ্ধ রহিলাম। যত দিন জগতে সঙ্গীতের সমাদর থাকিবে ততদিন ইহাঁদের নাম চিরস্মরণীয় থাকিবে। "সঙ্গীত-মঞ্জরী"র মত গ্রন্থ প্রকাশ করা যে বহু অর্থের প্রয়োজন তাহা কাহারও অবিদিত নাই। এই বৃহৎ গ্রন্থের অবশিষ্ট ব্যয় আমাকে গ্রহণ করিতে হইয়াছে। এক্ষণে "সঙ্গীত-মঞ্জরী" প্রথম সংস্করণের ন্যায় সমাদৃত হইলে শ্রম সফল জ্ঞান করিব।

স্বনামধন্য সাহিত্যিক মান্যবর শ্রীযুক্ত প্রমথ চৌধুরী মহাশয় এই গ্রন্থের ভূমিকা লিখিয়া আমাকে কৃতজ্ঞতা পাশে আবদ্ধ করিয়াছেন। তাঁহার মত সঙ্গীতপ্রেমিক লেখকের ভূমিকা পাঠে পাঠকবর্গ যে অপরিসীম জ্ঞান অর্জ্জন করিবেন, ইহা বলাই বাহুল্য।

কলিকাতা<br>১৩৪১ } শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়

| সুর ও তাল | গান | | | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| দেবগিরি—চৌতাল | এ সখি | ... | .. | ১৩৫ |
| „ ঝাঁপতাল | ধন ধন করতার | ... | ... | ১৩৬ |
| সরফর্দ্দা—ধমার | আজ বাজি | ... | ... | ১৩৭ |
| শুক্লবেলাবলী—চৌতাল | ভরণ জো গই | ... | ... | ১৩৯ |
| „ ঝাঁপতাল | জ্ঞান রঙ্গ ধ্যান রঙ্গ | ... | ... | ১৪০ |
| বেলাবলী—ধমার | লালন ভোরহি | ... | ... | ১৪৩ |
| বৃন্দাবনীসারঙ্গ—চৌতাল | দিল্লীপতি নরেন্দ্র | ... | ... | ১৪৫ |
| „ ঝাঁপতাল | তুঁহি আদি | ... | ... | ১৪৬ |
| „ তেওরা | জয় প্রবল | ... | ... | ১৪৭ |
| মধুমাধবীসারঙ্গ—চৌতাল | বখত বলী | ... | ... | ১৪৯ |
| „ ধমার | সমুঝ কাহু | ... | ... | ১৫১ |
| গৌড় সারঙ্গ—চৌতাল | তুঅ ছবি | ... | ... | ১৫৪ |
| „ ধমার | বহুরে ডফ | | ... | ১৫৬ |
| „ ঝাঁপতাল | কালীকে নাম | ... | ... | ১৫৯ |
| ভীমপলশ্রী—চৌতাল | দিল্লীপতি নরেন্দ্র | ... | ... | ১৬১ |
| „ ঢিমাতেতালা | ঐসী বিদ্যা | ... | ... | ১৬৩ |
| „ ধমার | মুখ মীঞ্জ | ... | ... | ১৬৭ |
| „ তেওরা | কল মে হো | ... | ... | ১৬৯ |
| „ „ | নাচত ত্রিভঙ্গ | ... | ... | ১৭১ |
| „ „ | জালুম দের দের | ... | ... | ১৭৪ |
| „ ঝাঁপতাল | চলত চিতবত | ... | ... | ১৭৬ |
| রাজবিজয়—সুরফাক্তা | মদনমোহন | ... | ... | ১৭৮ |
| মূলতানী—চৌতাল | জয় গঙ্গা | ... | ... | ১৭৯ |
| পূরবী „ | তুম্হারে হোত | ... | ... | ১৮১ |
| „ „ | জাত পাছে | ... | ... | ১৮৫ |
| „ ধমার | এগুঞ্জরিয়াঁ | ... | ... | ১৮৭ |
| „ „ | বীণ বজায় | ... | ... | ১৮৯ |
| „ ব্রহ্মতাল | খেলত ফাগ | ... | ... | ১৯০ |
| „ ঝাঁপতাল | তুঁহি ঐসে | ... | ... | ১৯১ |
| মালবী—ঢীমাতেতালা | বংশীধর | ... | ... | ১৯৩ |
| পুরিয়া—ধমার | সো অব মন | ... | ... | ১৯৪ |

# ধ্রুপদ


| সুর ও তাল | গান | | | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| ভৈরব—চৌতাল | প্রথম খরজ | ... | ... | ৭০ |
| „ „ | তুমহো গণপত | ... | ... | ৭৫ |
| „ ধমার | অবদেখো | ... | ... | ৭৭ |
| „ ঝাঁপতাল | পীত জটাশির | ... | ... | ৮০ |
| „ সুরফাক্তা | কৌন সেঁা রীতমানি | | ... | ৮২ |
| „ আড়াচৌতাল | রুদ্রদেব ত্রিনয়ন | ... | ... | ৮৪ |
| রামকেলী—ঝাঁপতাল | বাজত বীণ | ... | .. | ৮৬ |
| যোগিয়া—ধমার | ভোর পীতম | ... | ... | ৮৮ |
| মঙ্গল—তেওরা | অসুর-দলন | ... | ... | ৯০ |
| ভৈরবী—চৌতাল | নিরঞ্জন নিরঙ্কার | ... | ... | ৯১ |
| „ সুরফাক্তা | নাদ পরম বিদ্যা | ... | ... | [illegible] |
| গুর্জ্জরী—ঝাঁপতাল | রূপ অত সুন্দর | ... | ... | ৯৬ |
| আশাবরী— „ | সুন্দর মৃগনয়নী | ... | ... | ৯৮ |
| খট্—ধমার | অব দেখো | ... | ... | ১০০ |
| দরবারীতোড়ী—চৌতাল | জো নারী মঞ্জন করত | | ... | ১০২ |
| „ „ | গঙ্গা ত্রিবেণী | ... | ... | ১০৪ |
| „ ঝাঁপতাল | বেগ চলো | ... | ... | ১০৭ |
| „ সুরফাক্তা | পঞ্চানন আদিদেব | ... | ... | ১০৯ |
| „ ধমার | সম্‌হাল চলত | ... | ... | ১১০ |
| কাফীতোড়ী „ | ডফ উনকে | ... | ... | ১১৩ |
| গান্ধারী—চৌতাল | প্রগট চতুর | ... | ... | ১১৫ |
| „ ধমার | সলোনি মুরত | ... | ... | ১১৮ |
| বিভাস—চৌতাল | তে নিশ লাল | ... | ... | ১২১ |
| „ ধমার | খেলান আই | ... | ... | ১২৩ |
| আলাহিয়া—চৌতাল | মেরো মন | ... | ... | ১২৪ |
| „ „ | কর প্যারী | . | ... | ১২৬ |
| „ ধমার | ডফ বাজত | ... | ... | ১২৯ |
| „ সুরফাক্তা | এ হরি | ... | ... | ১২৩ |
| ককুভা—ধমার | ভাবন রঙ্গ | ... | ... | ১৩৪ |

| সুর ও তাল | গান | পৃষ্ঠা |
|---|---|---|
| ইমনকল্যাণ—সুরফাক্তা | আসি নাদ | ২৬৬ |
| „ ঝাঁপতাল | তুঁহি জগত গুরু | ২৬৮ |
| ভূপালী—চৌতাল | প্রথম মঞ্জন কর | ২৭০ |
| ভূপালী—ধমার | অন্তর রস | ২৭৪ |
| „ সুরফাক্তা | প্রচণ্ড গর্জ্জন | ২৭৬ |
| বৃহন্নট—ধমার | আয়ে হো | ২৭৮ |
| কেদারা—চৌতাল | সকল কলা প্রবীণ | ২৮১ |
| „ „ | সর্ব্ব ঘটমেঁ | ২৮৩ |
| „ „ | কুঞ্জ শোহাবন | ২৮৬ |
| „ ধমার | কহুইয়া সঙ্গ | ২৮৯ |
| „ আড়াচৌতাল | নিরখত চরণ | ২৯১ |
| „ সুরফাক্তা | আদি দেব | ২৯৩ |
| „ „ | উঠি চলে | ২৯৪ |
| হম্বীর—চৌতাল | আলিরি | ২৯৫ |
| „ „ | বুঁদ পবন | ২৯৮ |
| „ ধমার | বনকে বন | ২৯৯ |
| „ „ | আজ ব্রজ | ৩০২ |
| „ সুরফাক্তা | পাঁচ বদন | ৩০৪ |
| „ „ | তাল সুর | ৩০৫ |
| „ „ | বন্দত চরণ | ৩০৭ |
| ছায়া—চৌতাল | তুম্‌হরে দেখত হী | ৩০৮ |
| ছায়ানট „ | অধম উদ্ধারিণী | ৩০৯ |
| „ ধমার | আঁড়ি ডোল | ৩১২ |
| „ „ | খেলন ঐসী | ৩১৩ |
| „ সুরফাক্তা | শম্ভু হর মহেশ | ৩১৬ |
| কামোদ—চৌতাল | সরস হিণ্ডোরন | ৩১৮ |
| „ ধমার | নহি মানেরি | ৩২১ |
| „ „ | মৈঁ তো ন জাঁউ | ৩২৩ |
| „ আড়াচৌতাল | লহরিয়া লে | ৩২৪ |
| তিলককামোদ—চৌতাল | তড়পত চিতমন | ৩২৬ |
| „ ঝাঁপতাল | কৌন রূপ | ৩২৮ |
| সুরফাক্তা | শম্ভু হর | ৩ |

| সুর ও তাল | গান | | | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| মারবা—চৌতাল | গ্রাম শ্রুতি | ... | ... | ১৯৬ |
| জয়েৎ—ঝাঁপতাল | শিব শিব শঙ্কর | ... | ... | ১৯৯ |
| কুমারী—চৌতাল | চন্দ্রবদনী | ... | ... | ২০০ |
| „ পটতাল | শুভ নখত | ... | ... | ২০২ |
| „ ধমার | অব ধুম মচী | ... | ... | ২০৩ |
| মালশ্রী— সুরফাক্তা | নাদ অগাধ | ... | ... | ২০৫ |
| ধানশ্রী—চৌতাল | প্রগট কীরত | ... | ... | ২০৭ |
| „ —ধমার | আনিয়ে হো | ... | ... | ২০৮ |
| পুরিয়াধানশ্রী-চৌতাল | ভুজঙ্গী লালত | ... | ... | ২১১ |
| „ —ধামার | আনি তেরী | ... | ... | ২১৩ |
| জয়তশ্রী—চৌতাল | শুভ ঘবি | .. | ... | ২১৫ |
| শ্রী „ | ভস্ম ভূখন | ... | ... | ২১৭ |
| „ „ | প্রগট শ্রীচৈতন্য | . | ... | ২২০ |
| „ ঝাঁপতাল | শশী ভাল শোহে | | | ২২২ |
| গৌরী—চৌতাল | বংশীধর পিনাকধর | ... | ... | ২২৪ |
| কল্যাণ „ | অচল রাজ | ... | ... | ২২৭ |
| „ ঝাঁপতাল | সব জগত লোগ | .. | .. | ২৩০ |
| „ তেওরা | বিনায়ক লম্বোদর | .. | ... | ২৩২ |
| ইমন—চৌতাল | সপ্ত সুর তিনগ্রাম | ... | .. | ২৩৩ |
| „ „ | তুঅ কোউ পায়ো নহি | | ... | ২৩৬ |
| „ „ | শীষ মকুট | ... | ... | ২৩৯ |
| „ ধমার | হোরি খেলন | ... | ... | ২৪০ |
| „ তেওরা | তেরো নাম জপকে | ... | ... | ২৪৪ |
| „ তালফের | সুন্দর অতি | ... | ... | ২৪৫ |
| ইমনকল্যাণ—চৌতাল | তুঁহি ভজ | ... | . | ২৪৮ |
| „ „ | লাল ব প্যারী | ... | ... | ২৫০ |
| „ চৌমাতেতালা | সরস নার | ... | ... | ২৫৩ |
| „ ধমার | কুঞ্জন মধ | ... | ... | ২৫৬ |
| „ „ | কেশর ঘোরকে | ... | ... | ২৫৯ |
| „ আড়াচৌতাল | শ্যামকো দরশন | ... | ... | ২৬২ |
| „ রূপক | একদন্ত গজবদন | ... | ... | ২৬৩ |
| „ সুরফাক্তা | শঙ্কর শিব | ... | ... | ২৬৪ |

| সুর ও তাল | গান | পৃষ্ঠা |
|---|---|---|
| সিন্ধুড়া—ধমার | এরি মাই ... ... | ৪০৮ |
| কাফী—সুরফাক্তা | ঝুম ঝুম বরখে ... ... | ৪০৯ |
| বাগীশ্বরী—চৌতাল | প্রকাশ ভয়ো ... ... | ৪১২ |
| „ „ | গুণ সমুদ্র ... ... | ৪১৫ |
| „ „ | সুজন নরেশ ... ... | ৪১৮ |
| „ আড়াচৌতাল | দরশন কৈসে পাবে ... ... | ৪২০ |
| „ ধমার | সো দূর দূর ... ... | ৪২২ |
| দরবারীকানড়া—চৌতাল | প্রথম সমঝ ... ... | ৪২৪ |
| „ „ | অচল বিরাজ ... ... | ৪২৭ |
| „ „ | শুভদিন শুভঘরি . ... | ৪২৯ |
| „ ঢীমাতেতালা | হো নর হর ... ... | ৪৩২ |
| „ ধমার | অহো তুম ... ... | ৪৩৪ |
| „ „ | পকর বশ ... ... | ৪৩৬ |
| „ আড়াচৌতাল | মহাদেব দেবন ... ... | ৪৩৮ |
| „ তেওরা | সুন্দর বরণ ... ... | ৪৪১ |
| „ ঝাঁপতাল | শঙ্কর নাম জপ ... ... | ৪৪২ |
| „ সুরফাক্তা | ধন ধন মহারাজ ... ... | ৪৪৫ |
| নায়কী—ধমার | আয়ো ফাগুন ... .. | ৪৪৭ |
| „ ঝাঁপতাল | পাঁচ বদন ... ... | ৪৪৯ |
| আড়ানা—চৌতাল | পিয়কো আগম ... ... | ৪৫০ |
| „ „ | বেণী নিরখত ... ... | ৪৫৩ |
| „ ধমার | আড়ি আড়ি ডোলে ... ... | ৪৫৬ |
| „ „ | কিতভাগ জাঁউ ... ... | ৪৬০ |
| „ „ | কহ্নাইয়া রঙ্গন ... ... | ৪৬২ |
| „ ঝাঁপতাল | শুভঘরি ... ... | ৪৬৫ |
| „ „ | জৈসে গগনসে .. ... | ৪৬৭ |
| সাহানা—চৌতাল | সব গুণ নিধান ... ... | ৬৬৯ |
| বহার—চৌতাল | সঘন বন দ্রুম ... ... | ৪৭১ |
| „ „ | মনমথ তন দহে ... ... | ৪৭৪ |
| „ „ | ফুলিবন ঘন ... ... | ৪৭৬ |
| „ সুরফাক্তা | আয়ে ঋতু পতি ... ... | ৪৭৮ |
| „ ঝাঁপতাল | চলত ঘন পবন ... ... | ৪৭৯ |

| সুর ও তাল | গান | | | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| তিলককামোদ—তেওরা | গণপতি গিরিজা | ... | ... | ৩৩২ |
| „ „ | প্রথম পরবর | ... | ... | ৩৩৪ |
| নিশাসাগ—ঝাঁপতাল | দুসহ দোখ দুখ | ... | ... | ৩৩৬ |
| গারা—ধমার | আজ খেলন | ... | ... | ৩৪০ |
| খাম্বাজ—চৌতাল | মঞ্জন করে | ... | ... | ৩৪২ |
| „ „ | সগম পধনি | ... | ... | ৩৪৪ |
| „ ঝাঁপতাল | আজু পনিঘট | ... | ... | ৩৪৬ |
| „ সুরফাক্তা | আজু শম্ভু হর | ... | ... | ৩৪৮ |
| মেঘ—ঝাঁপতাল | প্রবল দল | ... | ... | ৩৪৯ |
| মল্লার—চৌতাল | ব্যাহন আয়ে | ... | ... | ৩৫৫ |
| সুরট „ | ঝুলত নবল | .. | ... | ৩৫৮ |
| „ „ | শ্যামসে ঘন | ... | ... | ৩৬০ |
| „ „ | য়ে বতিয়াঁ | ... | ... | ৩৬৩ |
| „ „ | ঈশ্বরি মহেশ্বরি | ... | ... | ৩৬৬ |
| „ ধমার | কৌন তুম | ... | ... | ৩৬৭ |
| „ সুরফাক্তা | আদি অনাদি | ... | ... | ৩৬৯ |
| „ „ | তুঁহি জ্ঞান | ... | ... | ৩৭০ |
| „ ঝাঁপতাল | কালীকে পগনমেঁ | ... | .. | ৩৭২ |
| „ „ | দই পিয়া বিন | ... | ... | ৩৭৪ |
| দেশ—চৌতাল | মুরারে ত্রিভুবন পতে | | ... | ৩৭৬ |
| „ ধমার | রঙ্গ ঝোরি | ... | ... | ৩৭৮ |
| নটমল্লার—চৌতাল | শোহামানি | ... | ... | ৩৮৬ |
| „ „ | বুঁদ পবন | ... | ... | ৩৮৮ |
| গৌড় „ | ইন্দ্রছুঁকী | ... | ... | ৩৮৯ |
| „ ধমার | ডফকী ধোকার | ... | ... | ৩৯১ |
| মিয়াঁমল্লার—চৌতাল | জল সমুদ্র | ... | ... | ৩৯৩ |
| জয়জয়ন্তী „ | ঝুলত পীতম | ... | ... | ৩৯৫ |
| ধমার | ডগর ডগর | ... | ... | ৩৯৭ |
| জয়াবতী—ঝাঁপতাল | করো বাম ছব | ... | ... | ৪০০ |
| সিন্ধু—চৌতাল | ঝুলত রমক | ... | ... | ৪০২ |
| ঝাঁপতাল | মুরলী-ধুনি | ... | ... | ৪০৪ |
| সিন্ধুড়া—ধমার | নন্দকে ছৈল | ... | ... | ৪০৬ |

| সুর ও তাল | গান | পৃষ্ঠা |
|---|---|---|
| সোহিনী—ঝাঁপতাল | ভেদ সুর সপ্ত ... ... | ৫৪২ |
| ললিত—চৌতাল | জৈ কালী কল্যাণী ... ... | ৫৪৩ |


## আলাপ


| | | |
|---|---|---|
| পুরিয়া .. | ... ... ... | ৫৪৫ |
| ইমন কল্যাণ ... | ... ... ... | ৫৪৯ |
| মালকৌশ ... | ... ... ... | ৫৫৩ |


## খ্যাল


| | | |
|---|---|---|
| ইমন—আড়াঠেকা | বনরা আইলো ... ... | ৫৫৭ |
| ,, মধ্যমান | কোয়লিয়া বোলত .. ... | ৫৫৯ |
| ,, ,, | করম কীন জা ... ... | ৫৬১ |
| ইমনকল্যাণ—তেতালা | সুন্দর সুরত ... ... | ৫৬৩ |
| ,, একতালা | বাঁসুরী মোরী ... ... | ৫৬৫ |
| ভূপালী—তেতালা | হটন কর মোহি ... ... | ৫৬৬ |
| কেদারা—আড়াঠেকা | পিথ হো লাল ... ... | ৫৬৮ |
| ,, তেতালা | যোগিয়া মেরো মন ... ... | ৫৬১ |
| হম্বীর—আড়াঠেকা | তোরি সন ... ... | ৫৭২ |
| শ্যাম—একতালা | পপীহা বোলে লে .. ... | ৫৭৪ |
| ছায়ানট—তেওট | নেবরকী ঝনকার ... ... | ৫৭৭ |
| কামোদ—একতালা | ননদীয়া তোরা ... ... | ৫৭৯ |
| নটমল্লার ,, | মোরি নই লগন ... ... | ৫৮০ |
| ,, তেতালা | প্যারী নবলী ... ... | ৫৮৪ |
| ,, ,, | গোরি হট জিন ... ... | ৫৮৫ |
| মল্লার—তেওট | মাই গগহুবা ... ... | ৫৮৭ |
| সুরট—আড়াঠেকা | কুঠিয়ে তু মানি ... | ৫৮৮ |
| ,, তেতালা | মাই আজু কোয়লিয়া ... | ৫৯০ |
| ,, ,, | বাজ রহী ... | ৫৯৩ |
| ,, একতালা | দমুজ দলনি ... ... | ৫৯৫ |
| দেশ— ,, | নিপট নিডর ... ... | ৫৯৭ |

| সুর ও তাল | গান | | | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| মল্লার—ঝাঁপতাল | উদিত ঋতু রাজ | ... | ... | ৪৮১ |
| ,, ধমার | ডফ মৃদঙ্গ | ... | ... | ৪৮৩ |
| ,, ,, | আজু ব্রজমেঁ | ... | ... | ৪৮৫ |
| ,, তেওরা | আজু বহত | ... | ... | ৪৮৬ |
| মালকোশ—চৌতাল | চিরঞ্জীব রহো | ... | ... | ৪৮৯ |
| ,, ঝাঁপতাল | গঙ্গা শোহে শীষ | ... | ... | ৪৯১ |
| ,, ধমার | কাজর ফৈলি রহো | ... | ... | ৪৯৪ |
| ,, তেওরা | তোমতা তানা | ... | ... | ৪৯৬ |
| হিণ্ডোল—চৌতাল | কাঞ্চন বরণ | ... | ... | ৪৯৭ |
| ,, ধমার | বার বার গঢ়ৱা | ... | ... | ৫০০ |
| ,, ঝাঁপতাল | চলো সখি কুঞ্জ ধাম | ... | ... | ৫০১ |
| দীপক—ধমার | হোরি খেলন | ... | ... | ৫০৩ |
| বসন্ত—চৌতাল | মোর মকুট | ... | ... | ৫০৫ |
| ,, ঝাঁপতাল | সরস সুন্দর | ... | ... | ৫০৭ |
| ,, সুরফাক্তা | বসন্ত আগত | ... | ... | ৫০৯ |
| পরজ—চৌতাল | এরী তু অঙ্গ অঙ্গ | ... | ... | ৫১০ |
| ,, ,, | অতি আনন্দ মেঁ | ... | ... | ৫১২ |
| ,, সুরফাক্তা | জয় বিশ্বেশ্বর | ... | ... | ৫১৫ |
| ,, ঝাঁপতাল | ভানুজা তীর | ... | ... | ৫১৭ |
| ,, ,, | রাজাধিরাজ | ... | ... | ৫১৯ |
| ,, ধমার | খেলত হোরি | ... | ... | ৫২০ |
| শঙ্করাভরণ—চৌতাল | এহি নাদ | ... | ... | ৫২২ |
| লঙ্করা—ঝাঁপতাল | মন ন ধীর | ... | ... | ৫২৫ |
| বেহাগ—চৌতাল | প্যারী ভঈহৈ | ... | .. | ৫২৭ |
| ,, ,, | ঝুম ঝুম আবত | ... | ... | ৫২৯ |
| ,, ঝাঁপতাল | মেরে তুন্দ দল | ... | ... | ৫৩১ |
| ,, ধমার | প্যারী তেরে | ... | ... | ৫৩৩ |
| ,, ,, | আজু রঙ্গ | ... | ... | ৫৩৫ |
| ,, ,, | কহাঁসে তুম | ... | ... | ৫৩৭ |
| ,, তেওয়া | তুঁহি দেবন দেব | ... | ... | ৫৩৯ |
| ঝিঁঝুঁজ়ভা—সুরফাক্তা | তুম গাও গাও | ... | ... | ৫৪০ |
| আড়াচৌতাল | ভঁৱরারে | ... | ... | ৫৪১ |

## ত্রিবট


| সুর ও তাল | গান | | | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| আড়ানা—তেতালা | সব গুণিগণ মিল | ... | ... | ৬৫২ |


## চতুরঙ্গ


| | | | | |
|---|---|---|---|---|
| ইমনকল্যাণ—জলদতেতালা | চতুরঙ্গ রসসন | ... | ... | ৬৫৪ |
| খাম্বাজ— | চতুবঙ্গ সবগুণি | ... | ... | ৬৫৮ |


## টপ্পা


| | | | | |
|---|---|---|---|---|
| ভৈরবী—তেতালা | মানলে বসন্ত | ... | ... | ৬৬১ |
| ভৈররী-বহার—মধ্যমান | সাখিড়া মানো | ... | ... | ৬৬৩ |
| সিন্ধু—তেতালা | জানি য়াব | ... | ... | ৬৬৫ |
| খাম্বাজ-বেহাগ—মধ্যমান | য়ারদা বো নজরা | ... | ... | ৬৬৭ |
| ঝিঝিট-বেহাগ—আড়াঠেকা | সাইমেঁ সাঁচা | ... | ... | ৬৭০ |
| মাঝ—তেতালা | দিন লগা | ... | ... | ৬৭১ |


## ঠুম্‌রী


| | | | | |
|---|---|---|---|---|
| খাম্বাজ—তেতালা | নই নই পিরিতিয়াঁ | ... | ... | ৬৭৩ |
| খাম্বাজ—কবালী | বঁদন বরখে | ... | ... | ৬৭৪ |
| দেশ—তেতালা | দিয়া দিলমে | ... | ... | ৬৭৭ |
| সিন্ধু-খাম্বাজ—তেতালা | পিয়া বিন | ... | ... | ৬৭৯ |
| সিন্ধু-খাম্বাজ " | ঝুটি ঝুটি | ... | ... | ৬৮১ |
| পিলু— " | বিবর মাঁড়িবে | ... | ... | ৬৮২ |
| বরবা " | আরে গুইয়াঁ | ... | ... | ৬৮৪ |
| ভৈরবী " | অব তেরী বাঁকে | ... | ... | ৬৮৬ |


## ঝুলন


| | | | |
|---|---|---|---|
| শ্যাম— তেতালা | জৈসে চমক দামিনি | ... | ৬৮৮ |

| সুর ও তাল | গান | পৃষ্ঠা |
|---|---|---|
| জয়জয়ন্তী—আড়াঠেকা | কোন নবেলী … … | ৬০০ |
| বাগীশ্বরী ,, | তুম বিন কৈসে … … | ৬০২ |
| সাহানা ,, | রাজ দুলারিকা … … | ৬০৪ |
| দরবারীকানড়া—একতালা | মোবারক বাদিয়াঁ · … | ৬০৬ |
| আড়ানা—তেতালা | অব মোরি পায়েলা … | ৬০৯ |
| বাহার—আড়াঠেকা | নই ঋতু নয়ে ফুল … … | ৬১০ |
| বেহাগ—তেতালা | লঙ্গর ঢীট … … | ৬১২ |
| শঙ্করা—আড়াঠেকা | সো জানেরি … … | ৬১৫ |
| বসন্ত— ,, | ননদীয়ারে … … | ৬১৬ |
| ললিত— ,, | ভোরহি আয়ে … … | ৬১৮ |
| ভৈরব— ,, | বন্ধ দীজিয়ে … … | ৬২০ |
| রামকেলী—তেতালা | প্যালা মুঝে ভরি … … | ৬২৩ |
| দরবারীতোড়ী ,, | কাহুন কব … … | ৬২৫ |
| সরফর্দ্দা— ,, | কর সোঁ কর · … | ৬২৭ |
| ,, আড়াঠেকা | রঙ্গরাতি … … | ৬২৯ |
| বিভাস—তেতালা | তোরে সঙ্গ … … | ৬৩১ |
| বৃন্দাবনীসারঙ্গ— ,, | মোহন রে … … | ৬৩৩ |
| সামন্তসারঙ্গ—একতালা | চতুর সুঘর … … | ৬৩৪ |
| গৌড়সারঙ্গ—তেতালা | মনমোহন … … | ৬৩৬ |
| ভীমপলশ্রী—আড়াঠেকা | পনিয়া ভরণ … … | ৬৩৮ |
| পুরবী— ,, | চরণ পরশত … · | ৬৩৯ |
| ,, তেতালা | তু করীম রহীম … … | ৬৪১ |
| পুরিয়া—আড়াঠেকা | থোরে থোরে দিননকী … | ৬৪২ |
| শ্রী—তেতালা | মঙ্গল বাজোইরে … … | ৬৪৪ |


## তিলানা


| সুর ও তাল | গান | পৃষ্ঠা |
|---|---|---|
| ভূপালী—জলদতেতালা | দের দের তাদিয়ানারে … | ৬৪৬ |
| ইমনকল্যাণ—তেতালা | নাদের দের দীম … … | ৬৪৭ |
| বাহার—জলদতেতালা | দের দের তাদিয়ানারে … | ৬৪৯ |
| নটমল্লার—তেতালা | দারা দীম দারা … … | ৬৫০ |

# উপক্রমণিকা

সঙ্গীত প্রকৃতির স্বভাব। প্রকৃতি সঙ্গীতময়ী। সিন্ধুর ভৈরব আরাবে, কল্লোলিনীর কলরবে, মেঘের গম্ভীর নিনাদে, নির্ঝরিণীর ঝর ঝর নাদে, পশুগণের চীৎকারে, বিহঙ্গকুলের কলস্বরে, মধুপ ঝঙ্কারে, পবন সঞ্চারে, শত প্রকারে সতত প্রাকৃতিক ব্যবহারে সঙ্গীতের ধ্বনি উঠিতেছে। ধ্বনি অনন্ত। ধ্বনি মনুষ্যহৃদয়ে বিবিধ ভাবের বিকাশ করে। মনুষ্যকণ্ঠেও বহুবিধ ধ্বনি উত্থিত হইতে পারে। জীব জগতে ধ্বনি, ভাব প্রকাশের দ্বার-স্বরূপ। হর্ষের ধ্বনি একরূপ, বিষাদের ধ্বনি অন্যরূপ, এইরূপ বিভিন্ন ভাবে কণ্ঠস্বরের পরিবর্ত্তন হয়। আনন্দের উচ্চরোল, বিষাদের করুণ বিলাপ, ভয়ার্ত্তের কাতর প্রার্থনা, প্রেমিকের প্রণয় সম্ভাষ, ভক্তের প্রাণের উচ্ছ্বাস প্রভৃতি ভিন্ন ভিন্ন ভাব, ভিন্ন রূপ ধ্বনিকে আশ্রয় করে। ধ্বনি নিহিতা ভাবোদ্ভাবিনী শক্তির স্ফূর্ত্তি সাধনাই সঙ্গীত-শাস্ত্রের উদ্দেশ্য। নিসর্গ-সম্ভব কণ্ঠধ্বনিসমূহের গূঢ় রহস্য এবং গতিই সঙ্গীত শাস্ত্রের লক্ষ্য এবং আলোচ্য। অনিয়মিত রূপে স্বরের আলাপ করিলে ভাবোদ্দীপন বা চিত্তবিনোদন হয় না; বরং শ্রুতিসুখের বা ভাবাবেশের ব্যাঘাত হয়। সেইজন্য সঙ্গীত শাস্ত্র অনন্ত-ধ্বনির জটিলতা ভেদ করিয়া বিভিন্ন স্বরের উৎপত্তি ও সম্বন্ধ নির্দ্ধারিত করিয়াছে; স্বররাজ্যে প্রবেশপথ সুগম করিতে তাহার গুপ্তদ্বার সমূহ উদ্ঘাটিত করিয়াছে; স্বরের যথাস্থান সন্নিবেশ, ভাব বিকাশ এবং চিত্ত বিনোদনের উপযোগী করিয়া ভিন্ন ভিন্ন রাগ রাগিণীর সৃষ্টি করিয়াছে। সঙ্গীত-শাস্ত্র,—বিজ্ঞান শাস্ত্র; ইহা 'স্বর-বিজ্ঞান' নামে অভিহিত। জড়স্থ শক্তিকে বুদ্ধি কৌশলে নিয়ন্ত্রিত করিয়া মানব কত প্রয়োজন অনায়াসে পূর্ণ করিতেছে। সুর শক্তিকেও প্রয়োজনানুরূপ শৃঙ্খলে নিয়ন্ত্রিত করিয়া মানব

# হোরী


| সুর ও তাল | গান | | | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| কাফী—যৎ | কৌন জায় ব্রাজমেঁ | | ... | ৬৯০ |
| „ „ | পিচকাবিন | ... | ... | ৬৯২ |


# ভজন


| | | | | |
|---|---|---|---|---|
| ঝিঁঝিট-খাম্বাজ—কবালী | বৃথা জনম গয়ো | ... | ... | ৬৯৪ |


# গজল


| | | | | |
|---|---|---|---|---|
| ভৈরবী—কহরবা | গুলশনমেঁ | ... | ... | ৬৯৮ |


# বাঙ্গালা গান


| | | | | |
|---|---|---|---|---|
| ইমন—আড়াঠেকা | ব্রহ্মময়ী | ... | ... | ৭০২ |
| বহার—তেতালা | করালবদনি | ... | .. | ৭০৫ |
| নটনারায়ণী „ | ভব ভয়-হর | ... | ... | ৭০৮ |
| খাম্বাজ—কবালী | সমরে নাচেরে | ... | ... | ৭১০ |
| পরজ—তেওরা | নমামি সুরেশ্বরি | ... | ... | ৭১১ |
| ভৈরবী—ঝাঁপতাল | গণেশ জননি | ... | ... | ৭১৩ |
| „ তেতালা | দেগো সারদে | ... | ... | ৭১৪ |
| „ ঝাঁপতাল | ষড়রিপু | ... | ... | ৭১৭ |
| দরবারীতোড়ী—আড়াঠেকা | ভজ মন ভগবানে | ... | ... | ৭১৯ |
| দরবারীকানাড়া— „ | ছি ছি হে নির্লজ্জ | ... | ... | ৭২১ |
| বেহাগ— „ | শিবরূপী শবোপরে | | ... | ৭২৩ |
| ভীমপলশ্রী— „ | শমন সহ সমরে | ... | ... | ৭২৬ |
| ললিত— „ | করি নতি উড়ুপতি | ... | ... | ৭২৮ |
| কালিংড়া— „ | জয় দেবী জগদম্বে | ... | ... | ৭২৯ |
| যোগিয়া—তেওট | এ দীনের কিসে | ... | ... | ৭৩১ |
| বহার—তেওরা | ধন্য নরেশ | ... | ... | ৭৩৩ |
| পরিশিষ্ট ... | ... | ... | ... | ৭৩৭ |

যেদিন চৈতন্যদেব জ্ঞানের কঠিন শৃঙ্খল ভগ্ন করিয়া প্রেমের প্লাবনে ভারত ভাসাইয়াছিলেন, সেদিনও তিনি সঙ্গীতের প্রাণোন্মাদিনী শক্তির সহায়তা লইয়া শত সহস্র প্রাণে ধর্ম্মভাব জাগাইয়া তুলিয়াছিলেন। সঙ্গীত মুমুক্ষুর পক্ষে মুক্তির সোপান। "গানাৎ পরতরং নহি" এই মহাবাক্য সঙ্গীতের শ্রেষ্ঠত্ব বিঘোষিত করিতেছে।

সঙ্গীত ধর্ম্মভাবের, এমন কি সকল ভাবের সহিতই ক্রীড়া করে। সঙ্গীত বহুতন্ত্রী হৃদয়-যন্ত্রের সকল তারকেই স্পর্শ করে এবং সকল তার হইতে সঙ্গীতের স্বর উত্থিত হয়। সঙ্গীত, ভাব-সমুদ্রের পবন হিল্লোল; ইহা কখনও বা মৃদুল নিঃশ্বাসে মানব হৃদয়ে অপূর্ব্ব লহরী-লীলা প্রকাশ করে, কখনও বা মহাবলে মানব হৃদয়ের আমূল আন্দোলিত করে। প্রেমের আবেগ, প্রণয়ের আবেশ, স্নেহের সোহাগ, সঙ্গীতেই সুন্দর ফুটে—বিরহের হা হুতাশ শোকের মর্ম্মোচ্ছ্বাস, নিরাশার দীর্ঘ নিঃশ্বাস, সঙ্গীতেই সুন্দর পরিস্ফুট হয়। যে ভাব বাক্যে প্রকাশ পাইবার নহে—যে ভাব নয়নের জলেও ব্যক্ত হয় না, সঙ্গীতে তাহার বিকাশ হয়। সঙ্গীত কখনও কাঁদায়, কখনও হাসায়, কখনও বা অধীর করে—সঙ্গীত কখনও উত্তেজিত, কখনও স্তম্ভিত, কখনও বা অভিভূত করে। সুধাতে যে স্বাদ নাই, মধুতে যে মিষ্টতা নাই, সুরায় যে মাদকতা নাই, সঙ্গীতে তাহা আছে। সঙ্গীত গরলে অমৃত উঠায়, অনলে শীতলতা আনে, নীরসে রস সঞ্চার করে; সঙ্গীত কঠিন হৃদয়কে কোমল করে, উগ্র প্রকৃতিকে নম্র করে এবং তীব্র তেজকে মধুর করে। সঙ্গীত বিষাদ-তিমিরাচ্ছন্নহৃদয়ে প্রীতির জ্যোৎস্নাভাতি বিকাশ করে, শোকদগ্ধ প্রাণে সান্ত্বনার শান্তিবারি সেচন করে, অলস জড়-হৃদয়ে উৎসাহের তরল তাড়িত স্রোত ঢালিয়া দেয়। যে হৃদয় শত সিন্ধুর গভীর গর্জ্জনে, শত-বজ্রের একত্র নির্ঘোষে কম্পিত হয় না, সঙ্গীতের মধুর স্বরে তাহা অভিভূত হয়। যে হৃদয় নিরন্তর কঠোর কর্ম্মে পাষাণ সম কঠিন হইয়াছে, সঙ্গীত তাহাকে বিগলিত

চিত্ত-বিনোদনের এক সুন্দর উপায় উদ্ভাবন করিয়াছে। আর্য্যজাতির সর্ব্বতোমুখী প্রতিভা স্বররাজ্যেও সুন্দর প্রস্ফুটিত হইয়াছিল। যে মহীয়সী প্রতিভা জ্ঞানরাজ্যে স্নিগ্ধোজ্জ্বল প্রভায় ক্রীড়া করিয়া জগৎকে চমৎকৃত করিয়াছে, সেই প্রতিভাই স্বররাজ্যেও অত্যাশ্চর্য্য শক্তি প্রকাশ করিয়াছে। বিবিধ বিষয়ে মানব সমাজ আর্য্যজাতির নিকট ঋণী; সঙ্গীত বিষয়েও আর্য্যজাতিই আদিগুরু।

ঐশ্বর্য্যানুভূতি আর্য্য জীবনের প্রধান উপাদান। আর্য্যজাতি সৌন্দর্য্যের উপাসক। জ্ঞানরাজ্যে এবং ঐশ্বর্য্যরাজ্যে আর্য্যজাতির সূক্ষ্মদৃষ্টি সমভাবে পুষ্টিলাভ করিয়াছে। স্বভাবে যেখানে সৌন্দর্য্যের বিকাশ, আর্য্যজাতির দৃষ্টি সেইখানেই আকৃষ্ট। আর্য্যজাতি প্রকৃতি-পটে সৌন্দর্য্যের সূত্র ধরিয়া প্রকৃতির সুন্দর দেবতাকে জ্ঞাত হইয়াছিলেন এবং স্বভাবের প্রেরণায় প্রাণের আবেগ সঙ্গীতের সংযত স্বরে ব্যক্ত করিয়া প্রাণ দেবতার আরাধনা কবিয়াছিলেন। আরাধনার ইহাই সরল, সহজ, স্বাভাবিক প্রশস্ত পথ। ইহাতে শ্রম আছে, কিন্তু ক্লেশ নাই; ইহাতে কঠোরতা নাই, মধুরতা আছে; ইহা এক রসানন্দে বিপ্রমাথী ইন্দ্রিয় সমূহকে মোহিত মূর্চ্ছিত ও বশীভূত করিয়া চিত্তচাপল্য নাশ করে। ইহাতে প্রীতির প্রবাহ স্বতঃই অন্তরাভিমুখে অবিচ্ছেদ গতিতে ধাবিত হয়। সেইজন্য মহাযোগী মহেশ্বর সঙ্গীতের সাধক—ত্রিলোক-পূজিত মহর্ষি নারদ ত্রিতন্ত্রী তানে কণ্ঠ মিশাইয়া হরিনাম গানে সতত বিভোর;—মহাপ্রভাব সম্পন্ন আর্য্য ঋষিগণ সামগানে সর্ব্বময় দেবের উপাসনা করিতেন। তৎপ্রাপ্তির জন্যই নাদ সাধনা, তৎপ্রাপ্তির জন্যই সঙ্গীত-শাস্ত্রের উৎপত্তি। প্রাচীন ঋষিগণের কথা ছাড়িয়া দিলেও, এ কালেও সাধক-হৃদয়ে সঙ্গীত অল্প প্রভাব বিস্তার করে নাই। জয়দেব, বিদ্যাপতি, চণ্ডীদাস, গোবিন্দদাস, জ্ঞানদাস, তুলসীদাস, সুরদাস, বৈজুনাথ, রামপ্রসাদ, কমলাকান্ত প্রভৃতি সাধকগণ প্রাণের উচ্ছ্বাস সঙ্গীতে গাঁথিয়া দেবতার উদ্দেশে উপহার দিয়াছেন। আবার

ভাব-বিভাবনে বা চিত্ত-বিনোদনে কাব্যেরও প্রভাব প্রভূত। কাব্যও অবসর বিনোদনের পবিত্র সহচর। তাহা হইলেও কাব্য সঙ্গীতের অনেক নিম্নস্তরে অবস্থান করে। কাব্যের উৎকর্ষ সঙ্গীতে। যে সৌন্দর্য্যানুভূতি কাব্যে বিকাশ পাইয়াছে, সঙ্গীতে তাহা চরমোৎকর্ষ লাভ কারিয়াছে। শ্রুতি-সুখ সম্পাদনে ও ভাবোদ্দীপনে কাব্যের যে শক্তি আছে সঙ্গীতে তাহার শত সহস্রগুণ শক্তি বিরাজিত। শ্রুতি বিনোদনে বা ভাবোদ্দীপনে কবি, কবিত্ব শক্তির সহায়তা গ্রহণ করেন বটে, কিন্তু তাহার শক্তি সঙ্কীর্ণ পরিধি মধ্যে আবদ্ধ থাকে। এদিকে সঙ্গীতে এই শক্তি অবাধ ক্রীড়ার ক্ষেত্র পায়। যেখানে যতটুকু হইলে উদ্দেশ্য পূর্ণ হয়, সেইখানে ততটুকু স্বাধীনতা ও সুবিধা আছে। কবি কেবলমাত্র যতিমাত্রা বিরামে ভাষার সৌষ্ঠব সাধন করেন, গায়ক যতিমাত্রাদির উপরও আরোহণ, অবরোহণ, কম্পন প্রভৃতি বিবিধ উপায়ে ভাষাকে প্রাণস্পর্শিনী করিতে পারেন। কবির ভাষা অবশ্য ভাব বিকাশের উপযোগিনী; কখনও গাম্ভীর্য্যময়ী, কখনও উদ্দীপনাময়ী, কখনও বা আবেগময়ী, কিন্তু কবির কবিত্ব সম্পদ্ ভাষাতেই নিবদ্ধ থাকে। সুগায়কের স্বর-বিভূতি ভাষাকে অতিক্রম করিয়া ধীরে ধীরে, স্তরে স্তরে, তরঙ্গে তরঙ্গে অনন্তের পথে ধাবিত হয় এবং এই কঠোর জ্বালাময় সংসার হইতে আমাদিগকে তুলিয়া লইয়া যেন এক অদৃষ্ট, অশ্রুত, অজ্ঞাত, স্বপ্নরাজ্যে উঠাইয়া লয়। ভাব বিভাবন সম্বন্ধে স্বরের যে শক্তি আছে তাহা ভাষার অনপেক্ষ। দূরশ্রুত, অস্ফুট, করুণ, আর্ত্তস্বর হৃদয়কে বিষাদিত করে তাহা অনেকেই অনুভব করিয়াছেন। এরূপ স্থলে স্বরমাত্রই বিবিধালঙ্কারভূষিত ভাষার শক্তিধারণ করে। সঙ্গীতের পক্ষেও সেই কথা। কাব্যের প্রভাব যেখানে প্রবেশ করিতে পারে না, সঙ্গীতের শক্তি সেখানে ইন্দ্রজালের ন্যায় কার্য্য করে। ভাব সম্বন্ধে কাব্য এবং সঙ্গীতের পরীক্ষা একই

করিয়া তদীয় বিশুষ্ক প্রায় চিত্তবৃত্তিগুলিকে অঙ্কুরিত করে, যে হৃদয় দগ্ধমরুভূমি সদৃশ একান্ত নীরস, সঙ্গীত তাহাতে জীবনদায়িনী স্রোতস্বিনীর সঞ্চার করে। সঙ্গীত ভাব জগতের সঞ্জীবনী শক্তি।

সঙ্গীত অবসর বিনোদনের সুন্দর উপায়। কঠোর জীবন সংগ্রামে পরিশ্রান্ত, অবসন্ন প্রাণে অমৃত প্রবাহ ঢালিয়া দিয়া সঙ্গীত নূতন শক্তির সঞ্চার করে। এরূপ নির্দ্দোষ প্রীতিপদ আমোদ আর দ্বিতীয় নাই। ইহাতে দেহমনের অবসাদ দূরীভূত হয়, মন প্রাণ প্রফুল্ল হয় এবং হৃদয়ের সুকুমার বৃত্তিগুলি বসন্তানিল-চুম্বিত-কুসুম কোরকের ন্যায় ধীরে ধীরে ফুটিয়া উঠে। আমোদ ও দৈহিক সামর্থ্যের জন্য অনেক প্রকার ক্রীড়া আছে, কিন্তু আমোদ ও নৈতিক বলের জন্য কেবল সঙ্গীত। প্রায় সকল প্রকার আমোদ প্রমোদেই সঙ্গীর প্রয়োজন হইয়া থাকে; কিন্তু সঙ্গী ব্যতীত শুদ্ধ সঙ্গীতেই আমোদ উপভোগ করিতে পারা যায়। সঙ্গীত স্বতঃসিদ্ধ প্রীতির নির্য্যাস; ইহাতে গায়ক স্বয়ং প্রীত হইবেন এবং অপর লোককেও প্রীত করিতে পারিবেন। অনেক সময়ে প্রাণের দুরন্ত পিপাসা সঙ্গীতের সুধারস ভিন্ন কিছুতেই নিবারিত হয় না। আবার অনেক সময়ে প্রাণে এরূপ বিষাদের কালিমা পড়ে, যাহা অন্যবিধ আমোদ প্রমোদে অপনীত হইবার নহে। তখন প্রাণের সে জ্বালাময়ী কালিমা ধৌত করিতে সঙ্গীতের সুশীতল ধারাই ফলদায়িনী হয়। আবার অনেক সময়ে প্রাণের আবেগ রুদ্ধবেগ স্রোতস্বতীর ন্যায় হৃদয়কে যখন দোলায়মান করে, তখন নিভৃতে নির্জ্জনে একাকী এক-মনে সঙ্গীতের সুরে প্রাণের আবেগ খুলিয়া দিয়া মানুষ তৃপ্তি অনুভব করে। এমন মানুষ নাই যে কখনও হৃদয়ের আবেগে সঙ্গীতের আলাপ না করিয়াছে। সঙ্গীত-শাস্ত্রে সম্পূর্ণ অনভিজ্ঞ নিসর্গ সুলভ সুকণ্ঠে বঞ্চিত ব্যক্তিও কখন না কখনও সঙ্গীতের মুখে মনের ভাব ব্যক্ত করিতে প্রয়াস পাইয়া থাকে। কেন না সঙ্গীতই মানব প্রাণের স্বাভাবিক আবেগ।

সঙ্গীত শাস্ত্র যেরূপ শ্রেষ্ঠ, ইহার সাধনাও সেইরূপ দুরূহ। কেবলমাত্র সাধনার শ্রমের জন্য ইহা তাদৃশ দুরূহ নহে। ইহার সাধনায় চিত্তশুদ্ধি এবং চরিত্রের পবিত্রতা একান্ত আবশ্যক। উচ্ছৃঙ্খল ইন্দ্রিয় সমূহকে সতত দমনে রাখিয়া এবং চঞ্চল চিত্তবৃত্তিকে স্থির করিয়া সঙ্গীত সাধনায় প্রবৃত্ত হইতে হয়। সঙ্গীতে দৈহিক স্বাস্থ্যও একান্ত প্রয়োজন। ইহাতে শ্বাসযন্ত্রে প্রভূত শক্তির আবশ্যক। শ্বাসকে দীর্ঘস্থায়ী করিতে না পারিলে সঙ্গীতে শক্তি সঞ্চার হয় না। সুগায়ক সংযতেন্দ্রিয় যোগী। গানশিক্ষা এক প্রকার যোগশিক্ষা। দু দশটি অভ্যস্ত গান আবৃত্তি করিয়া মনোরঞ্জন করিতে পারিলেই গায়ক হয় না। গায়কের চরিত্র দোষ লক্ষ্য করিয়া সঙ্গীত শাস্ত্রের পবিত্রতায় কলঙ্ক আরোপ করিলে অবিচার হয়। অবশ্য যাঁহারা প্রকৃত প্রস্তাবে সঙ্গীত সাধক, তাঁহাদের মধ্যেও দুই একজনের চরিত্র কখন কখন কলুষিত দেখিতে পাওয়া যায়; কিন্তু এরূপ দৃষ্টান্ত বিরল। জিতেন্দ্রিয় যোগিগণের যেরূপ পদস্খলন হইয়া থাকে, তাঁহাদের পক্ষেও সেইরূপ। তাঁহারা দুষ্কার্য্যের ফলভোগ করিয়া থাকেন। দুশ্চিকিৎস্য ব্যাধির আক্রমণে জীবনের সুখ চিরতরে নষ্ট হইয়া যায় এবং স্বরশক্তিও হীন হইয়া পড়ে। ফলতঃ যাঁহারা সঙ্গীত শাস্ত্রের আলোচনায় জীবনোৎসর্গ করিতে চাহেন, তাঁহারা শুদ্ধাচার ও শুদ্ধাহার না হইলে সিদ্ধিলাভ করিতে পারিবেন না। সঙ্গীত শিক্ষার্থী, শরীরকে সবল, চিত্তকে প্রফুল্ল ও পবিত্র এবং আত্মাকে বিশুদ্ধ রাখিয়া সঙ্গীত চর্চ্চা করিবেন।

সঙ্গীত সাধনায় সদ্‌গুরুর সাহায্য ব্যতীত সিদ্ধিলাভ অসম্ভব।* কিন্তু আমাদের দেশে দিন দিন সদ্‌গুরুর সংখ্যা হ্রাস হইয়া আসিতেছে। আবার সঙ্গীত শিক্ষকগণের হৃদয়ে ঈর্ষ্যা, কাপট্য প্রভৃতি বিষ প্রবেশ করায় অনেকস্থলে শিক্ষার অন্তরায় হইয়া

---

* সদ্‌গুরু পাওএ ভেদ বতাওএ জ্ঞান করে উপদেশ...ইত্যাদি—তুলসীদাস্।

নিয়মের অধীন। ভাবদৈন্য কাব্যের এবং গীতের সমভাবেই গৌরব হ্রাস করে, কেবল পদ-লালিত্য বা স্বরমাধুর্য্য কাব্য বা সঙ্গীতের পক্ষে যথেষ্ট নহে। তবে প্রভেদ এই, অর্থহীন পদবিন্যাস শ্রুতিমধুর হইলেও তাহা অশ্রাব্য। কিন্তু সঙ্গীতের শুদ্ধ (তানে নে নে ও) চিত্ত হরণ করে। সঙ্গীতের শুদ্ধ স্বর অবাঙ্ময় কাব্য বলিলেও অত্যুক্তি হয় না।

বর্ত্তমান শিক্ষায় সঙ্গীতের প্রয়োজনীয়তা দিন দিন অনুভূত হইতেছে। মনস্তত্ত্ববিৎ মনীষিগণ সঙ্গীতকে সাধারণ শিক্ষার অঙ্গীভূত করিতে উপদেশ দিতেছেন। পাশ্চাত্য জগতে অনেক স্থলে সঙ্গীত সাধারণ শিক্ষার অঙ্গীভূত হইয়াছে। সঙ্গীত চর্চ্চা দিন দিন প্রসার লাভ করিতেছে। প্রচলিত সাধারণ শিক্ষাকে অনেকেই নীরস অসম্পূর্ণ ও অনুপযোগী মনে করেন। প্রকৃত প্রস্তাবে প্রচলিত সাধারণ শিক্ষায় সাধারণ জ্ঞান সাধন পক্ষে মানব মনের যে সকল বৃত্তির সংস্রব আছে, তাহারই বিকাশ পায়; অপর সকল বৃত্তি স্ফুর্ত্তি পাইবার সুবিধা পায় না, শিক্ষা অসম্পূর্ণ রহিয়া যায়; মানব মনের আংশিক বিকাশহয় মাত্র। বিশেষতঃ ব্যক্তি ভেদে বিদ্যা বিশেষে আনুরক্তি স্বভাবতঃই জন্মিয়া থাকে। অসম্পূর্ণ শিক্ষায় শক্তির অস্তিত্ব পর্য্যন্ত বুঝিতে পারা যায় না; প্রকৃতি নিহিত শক্তির বীজ চর্চ্চার অভাবে অঙ্কুরেই শুকাইয়া যায়। যে বালক সঙ্গীত বা অন্য কোন বিদ্যায় অদ্বিতীয় পণ্ডিত হইতে পারিত, তাহার মানসিক শক্তি, আধুনিক সাধারণ শিক্ষার বিষয় সমূহে তাদৃশ স্ফুর্ত্তি না পাওয়ায় সে জড়বুদ্ধি মূর্খ নামে অভিহিত হইয়া সংসারে কীটদষ্ট কুসুম-কোরকের ন্যায় শুষ্ক হইয়া যায়। এইজন্য সঙ্গীত শিক্ষার প্রসার বৃদ্ধি করিতে অনেকেই আগ্রহবান। আমাদের দেশে বর্ত্তমান শিক্ষার মধ্যে চিত্রবিদ্যা প্রবেশ লাভ করিয়াছে। সঙ্গীত বিদ্যাও যোগ্যস্থান লাভে বঞ্চিত হইবে না, এইরূপ আশা করা যায়।

উপেক্ষায় হীনশ্রী হইয়া পড়িতেছে। ইহা জাতীয় অধঃপতনের একটী লক্ষণ। সঙ্গীত জাতীয় জীবনে অমিত শক্তি সঞ্চার করে। সঙ্গীতে জাতীয় ভাব পরিপুষ্ট হয়। চারণগণের উদ্দীপনাময়ী গীতি একদিন রাজপুত হৃদয়ে অদম্য অনিবার্য্য বীর্য্যশক্তি উদ্রিক্ত করিত। এখন সে বীর্য্যবান পুরুষও নাই, সে স্বদেশ প্রেমিক বীরও নাই; চারণগণের সে উদ্দীপনাময়ী গীতিশক্তিও লুপ্ত প্রায়। এখন জাতীয় প্রকৃতি অবনতি প্রাপ্ত হইয়াছে। সঙ্গীত অনেক পরিমাণে শুদ্ধ বিলাসেরই সামগ্রী হইয়াছে। এখন শঙ্কর, হিন্দোল, দীপক, ভৈরব, নটনারায়ণ প্রভৃতির উত্তেজনাপূর্ণ ঝঙ্কার বীর রসের আবির্ভাব করে না। ঝিঝিট, খাম্বাজ, সিন্ধু, পিলু, বরবা প্রভৃতির বিলাস রসময় গুঞ্জন, শ্রবণে মনে সুধারস ঢালিয়া দেয়। যাহা হউক জাতীয় রুচির পুনর্গঠনে হিন্দু সঙ্গীত শাস্ত্রের পুনরুজ্জীবন একান্ত প্রয়োজন। সঙ্গীতের প্রাণময়ী শক্তিকে পুনরুদ্বোধিত করিতে জাতীয় প্রাণে পনর্ব্বার নবশক্তি সঞ্চার করিতে—স্বদেশ-প্রেমিক সুধিগণ অগ্রসর হউন,—সঙ্গীতের সর্ব্বতোমুখী শক্তি আবার জাগিয়া উঠুক।

---

দাঁড়াইয়াছে। অনেক শিক্ষার্থীও শিক্ষকের নাম পর্য্যন্ত মুখে না আনিয়া বরং তাঁহার নিন্দাবাদ করিয়া থাকেন। কিন্তু এরূপ ভাব লঘুচেতা ব্যক্তিরই হৃদয়ে স্থান পাইতে পারে।

সঙ্গীতকে অনেকে বিলাসের সামগ্রী বলিয়া মনে করেন। সঙ্গীত অনেক সময়ে বিলাসিতার অঙ্গীভূত হইয়া পড়ে স্বীকার করি, কিন্তু তাহা সঙ্গীতের ধর্ম্ম নহে। যোগী দুগ্ধ পান করেন যোগ সাধনার জন্য; ভোগী দুগ্ধ পান করেন ভোগ বাসনা পরিতৃপ্তির জন্য; দস্যু দুগ্ধপান করে পাশব বল বৃদ্ধির জন্য। দুগ্ধপানে শিশুদিগের জীবন রক্ষা হয়, দুগ্ধপানে বলবানের বলবৃদ্ধি হয়, দুগ্ধপানে সর্পের বিষকোষ পূর্ণ হয়, কিন্তু এজন্য দুগ্ধ দোষবাচ্য হইতে পারে না; সঙ্গীতের পক্ষেও সেই কথা। তামসী প্রকৃতি সঙ্গীতকে আপন ভাবে টানিয়া আনে এবং জঘন্য জুগুপ্সিত আমোদে সঙ্গীতের ব্যবহার করে। সকল ভাবে এবং সকল অবস্থায় সঙ্গীতের অধিকার বলিয়াই এরূপ ঘটিয়া থাকে। তুমি সংসারত্যাগী বিষয় বিরাগী যোগী, সঙ্গীত তোমার প্রাণায়াম যোগ; তুমি ভোগবিমূঢ় বিলাস বিহ্বল বিষয়ী, সঙ্গীত তোমার আনন্দের উৎস; তুমি অনলস পরিশ্রমশীল কর্ম্মবীর, সঙ্গীত তোমার অবসর বিনোদনের অমৃতরস; তুমি যুদ্ধবীর, সঙ্গীত তোমার রণোন্মাদের উৎসাহ তরঙ্গ। তুমি শ্রমবিমুখ সুখ-পরায়ণ ধনিসন্তান, সঙ্গীত তোমার কালহরণের পবিত্র সহচর। পণ্ডিত, মূর্খ, অশিক্ষিত, শিক্ষিত, ভদ্র, ইতর, ধনী, নির্ধন সকলের পক্ষে সঙ্গীত সুখসেব্য সুপথ্য। সেইজন্য সঙ্গীতগুরু মহাকবি তানসেন বলিয়াছেন, "নাদ ঈশ্বররূপী অমৃতরস, জিত্‌না জাকো মিলে তিত্‌নোই পীজিয়ে," অর্থাৎ "নাদ ঈশ্বররূপী অমৃতের রস; যাঁহার ভাগ্যে ইহার যতটুকু ঘটে, তিনি ততটুকুই পান করুন।

সঙ্গীত সর্ব্বজনসেবনীয় সুধাসরিৎ। কিন্তু বর্ত্তমান সময়ে ইহার যোগ্যতার অনুরূপ সম্মান এবং সমাদর নাই। সঙ্গীত আলোচনাভাবে দিন দিন ক্ষীণ হইয়া পড়িতেছে; অযত্নে এবং

আবার সপ্তসুর তিনগ্রামে দ্বাবিংশতি শ্রুতি, একবিংশতি মূর্চ্ছনা, উনপঞ্চাশৎকোটি তান, শুদ্ধ তাল ও সুর সহ এই সকলের সংযোগ বিয়োগে ধ্রুপদের রূপ নির্দ্ধারিত হইয়াছে। অতএব দেখা যাইতেছে সাতটি সুর হইতেই বিবিধ সুরের উৎপত্তি এবং এই বিবিধ সুরের সংস্থানের বিভিন্নতা ফেরফার উলট পালট হইতে বিবিধ রাগরাগিণীর সৃষ্টি হইয়াছে। তালের দ্বারা তাহাদের কাল ও ক্রিয়া নিয়মিত হয়। কাল মাত্রার অধীন। সংক্ষেপতঃ সঙ্গীত শাস্ত্রের ইহাই বস্তু নির্দ্দেশ।

---

# সপ্তস্বর বা সপ্তসুর

স্বর সাতটি যথাঃ—ষড়জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত, নিষাদ। এই সপ্তবিধ স্বরের আদ্যক্ষর গ্রহণে সপ্তবিধ স্বর উচ্চারিত হইয়া থাকে যথাঃ—স ঋ গ ম প ধ নি সাধারণতঃ ইহা সরগম নামে অভিহিত হয়। কণ্ঠোদ্গতধ্বনিই স্বর নামে কথিত হয়; কিন্তু সঙ্গীতশাস্ত্রে স্বর শব্দে সুমিষ্ট স্বরই বুঝায়। প্রাণিকণ্ঠ হইতে বহুবিধ ধ্বনি উৎপন্ন হয় কিন্তু ধ্বনির যেরূপ অন্তর থাকিলে ধ্বনি শ্রুতিসুখদ হয়, সেইরূপ অন্তর বিশিষ্ট সাতটি ধ্বনি গৃহীত হইয়াছে; ইহাই সঙ্গীতশাস্ত্রে সপ্তস্বর বা সাতটি সুর। যেমন লৌহ, স্বর্ণ প্রভৃতি সকল ধাতুই গুরু এবং ইহাদের তুলনায় অন্য পদার্থের আপেক্ষিক গুরুত্ব নির্দ্ধারিত হয়, এবং শ্বেত, লোহিত, নীলাদি সপ্তবর্ণ হইতে নানাবিধ বর্ণের বিকাশ হয়, আর একটী বর্ণের তুলনায় অপরগুলির গাঢ়ত্বাদিও নির্ণীত হয়, সেইরূপ এই সপ্ত স্বরকে অবলম্বন করিয়া সকল ধ্বনিরই পরিমাণ পাওয়া যায়। আবার এই সপ্তস্বরও এক ষড়জ* হইতে অনুসৃত হয়। ষড়জের

* ষট্ জায়ন্তে যস্মাৎ।

# সঙ্গীত-সাধনা

স্বর ও মাত্রা সংযোগে সঙ্গীতের সৃষ্টি*। মনুষ্য কণ্ঠোত্থিত স্বর সমূহের উচ্চতা, কোমলতা, কম্পন প্রভৃতি নিয়মিত করিবার প্রণালী ইহাতে আলোচিত হইয়াছে। বাদ্য এবং নৃত্য, সঙ্গীতের সহচারিত্ব করে। সেইজন্য বাদ্য এবং নৃত্য সঙ্গীতের অঙ্গীভূত হইয়া সঙ্গীত শাস্ত্রের পূর্ণ ত্রিতয়ী মূর্ত্তি প্রকাশ করিয়াছেন†। সদ্গুরু সন্নিধানে শিক্ষালাভ ব্যতীত সঙ্গীত শাস্ত্রে প্রবেশের অন্য পথ নাই। তথাপি সঙ্গীত সম্বন্ধে অবশ্য জ্ঞাতব্য কতকগুলি বিষয় এস্থলে সংক্ষেপে বিবৃত হইল। যাঁহারা সঙ্গীত শাস্ত্রে গুরূপদিষ্টমার্গে কথঞ্চিৎ প্রবেশ লাভ করিয়াছেন, তাঁহারা ইহার দ্বারা সঙ্গীত সাধনার মূল তত্ত্বগুলির আভাস পাইবেন। এ গ্রন্থে নৃত্যাদির কোন বিশেষ উল্লেখ রহিল না। সঙ্গীত সাধনা সম্বন্ধে অমর তানসেনের যে একটী গীত আছে, তাহাতেই সাধনার পথ নির্দ্দিষ্ট হইয়াছে। তানসেন গাহিয়াছেন, "প্রথম খরজ সাধ ঔর ঋখব গান্ধার মধ্যম পঞ্চম ধৈবত নিখাদ সুর-সপ্ত তিন গ্রাম শুদ্ধ অক্ষর প্রমাণ; য়হ সব অপনে মনমে জব সমঝাবে তব গুণিজনসোঁ নাদ কো চর্চ্চা কীজিয়ে। একইশ মূরছনা উনঞ্চাশ কোট তান বাইশ সুরততে সব অঙ্গনসোঁ গাবে ঠিক তান শুধ তাল সাঁচো সুরনসোঁ স ঋ গ ম প ধ নি উলট পলট ফের ফের জাঁচ সমঝকর, ধুরপদকে ধরণ বিচার কর লীজিয়ে"।

ষড়্‌জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত, নিখাদ এই সপ্ত স্বরই প্রথম সাধনা। এই সপ্ত সুরে তিন গ্রাম, শুদ্ধ অক্ষর প্রমাণ-যখন হৃদয়ঙ্গম হইবে তখন গুণিজন নাদ চর্চ্চার অধিকারী হইবেন।

---

* "ধাতু মাত্রা সমাযুক্তং গীতমিত্যুচ্যতে বুধৈঃ।
তত্র নাদাত্মকো ধাতুর্মাত্রা চাক্ষর সঞ্চয়ঃ" ॥—সঙ্গীত শাস্ত্র।

† "গীতং বাদ্যং তথা নৃত্যং ত্রিভিঃ সঙ্গীতমুচ্যতে"।—সঙ্গীত শাস্ত্র।

শ্রুতি, 'ঋ' হইতে 'গ'এর মধ্যে ৩টি, 'গ' হইতে 'ম'এর মধ্যে ২টি, 'ম' হইতে 'প'এর মধ্যে ৪টি, 'প' হইতে 'ধ'এর মধ্যে ৪টি, 'ধ' হইতে 'নি'এর মধ্যে ৩টি, এবং 'নি' হইতে 'স'এর মধ্যে ২টি। এইরূপ ২২টি* শ্রুতি—নিবদ্ধ সাতটি সুর একত্রে সপ্তক নামে অভিহিত হয়। সুরের ক্রমোচ্চতা অনুসারে সপ্তক অনেক হইতে পারে, কিন্তু মনুষ্যকণ্ঠ—নিঃসৃত সুরে ত্রিসপ্তকই গণনীয়। মন্দ্র, মধ্য ও তার নামে ইহা অভিহিত হইয়াছে। সাধারণতঃ এই ত্রিসপ্তক উদাত্ত, অনুদাত্ত ও সরিৎ বা উদারা, মুদারা ও তারা নামে অভিহিত হয়। ধ্বনি সুর হইতে সুরান্তরে উঠিলে আরোহণ বা অনুলোম নামে অভিহিত হয়, এবং সুর হইতে সুরান্তরে নামিলে অবরোহণ বা বিলোম নামে কথিত হয়। যথা :—

অনুলোম বা আরোহণ। বিলোম বা অবরোহন।

সা ঋ গ ম প ধ নি সঁ সঁ নি ধ প ম গ ঋ স

এই সপ্তসুরের কোন একটি সুরকে অবলম্বন করিয়া অপর সুরগুলিতে আরোহণ ও অবরোহণ সঙ্গীত শাস্ত্রে মূর্চ্ছনা† নামে অভিহিত হইয়াছে। এই সপ্তসুরের মধ্যে তিনটি সুর প্রধান বলিয়া পরিগণিত। এই প্রধান তিন সুর হইতে তিনটি গ্রামের উৎপত্তি। এই তিন গ্রাম তান এবং মূর্চ্ছনার প্রধান আশ্রয়।

* তীব্রা কুমুদ্বতী মন্দাছন্দোবত্যস্তু ষড়জগাঃ।
দয়াবতী রঞ্জনী চ রতিকা চর্ষভেস্থিতা॥
রৌদ্রী ক্রোধী চ গান্ধারে বজ্রিকাথ প্রসারিণী।
প্রীতিশ্চ মার্জ্জনী চৈব শ্রুতয়ো মধ্যমে স্থিতা॥
ক্ষিতিরক্তাশ্চ সন্দীপ ন্যালাপিন্যপি পঞ্চমে।
মদন্তী রোহিনী রম্যেত্যাতিস্রস্তু চ ধৈবতে॥
উগ্রা চ ক্ষোভিনীতি দ্বে নিষাদে কথিতে বুধৈঃ।—সঙ্গীত শাস্ত্রং।

† "আরোহণাববোহেণ ক্রমেণ স্বর সপ্তকম।
মূর্চ্ছনা শব্দ বাচ্যং হি বিজ্ঞেয়ং তদ্বিচক্ষণৈঃ"।—মাতঙ্গ।

সহিত অন্য স্বরের ভেদ তীব্রতায় মাত্র। ষড়জের আদর্শে ( unit বা standard ) সুরসপ্তকের ক্রম নির্দ্ধারিত হইয়াছে। এই ক্রম একবার অধিগত হইলে গায়ক যে কোন স্বরকে আদর্শ করিয়া তদনুসারে ইচ্ছামত সুরসপ্তক প্রকাশ করিতে পারেন। এবং এই হিসাবে ধ্বনিও অনন্ত ; সুরসপ্তকও অসংখ্য।

এক্ষণে দেখা যাউক এই সপ্তসুরের ক্রম কি। অর্থাৎ স হইতে ঋ, ঋ হইতে গ ইত্যাদি কি প্রকারে উত্থিত হয়। ইহাদের তীব্রতার ( intensity ) পার্থক্য কিরূপ নিয়মে শাসিত। একসুর হইতে অন্যসুরে অবিচ্ছেদ গতি কেবল শ্রবণেন্দ্রিয় গ্রাহ্য ; শুনিয়া ইহা লক্ষ্য করিতে হয় এবং লক্ষ্য করিতে করিতে ইহা আয়ত্ত হয়। একবিন্দু তৈল জলপাত্রে নিক্ষিপ্ত হইলে যেমন অতি সূক্ষ্ম গতিতে বিসর্পিত হইয়া জলের উপরিভাগে ব্যাপ্ত হয়, সেইরূপ অতি সূক্ষ্ম তরঙ্গে একসুর অন্য সুরে পরিণত হয়। এইরূপ যতগুলি সূক্ষ্ম তরঙ্গ সুরান্তরে শ্রুতিগোচর হইতে পারে, তাহাদিগের প্রত্যেকটিকে 'শ্রুতি' বলে। সপ্তক মধ্যে এইরূপ দ্বাবিংশতি শ্রুতি আছে*। সঙ্গীতশাস্ত্রে এই শ্রুতিগুলি ভিন্ন ভিন্ন নামে কথিত হইয়াছে এবং তাহাদের জাতিভেদও নির্দ্দেশিত হইয়াছে। কিন্তু এ বিষয়ে বিস্তার আলোচনা এস্থলে নিস্প্রয়োজন। এস্থলে সুরান্তরবর্ত্তিনী শ্রুতিগুলির সংক্ষিপ্ত পরিচয়ই যথেষ্ট। ষড়জ, মধ্যম ও পঞ্চমে চারিটি করিয়া, ঋষভ ও ধৈবতে তিনটি করিয়া, এবং গান্ধার ও নিষাদে দুইটি করিয়া শ্রুতি†। অর্থাৎ সুরান্তর প্রাপ্তিকালে যতটুকু সূক্ষ্ম স্বরভেদ কর্ণে অনুভূত হইতে পারে, তাহাতে বুঝা যায় যে, 'স' হইতে 'ঋ'এর মধ্যে ৪টি

* "চতস্রঃ পঞ্চমে ষড়জে মধ্যমে শ্রুতয়ো-মতাঃ।
ধৈবতে ঋষভে তিস্রঃ দ্বে গান্ধারে নিষাদকে" ॥—সঙ্গীত-রত্নাবলী।

| | ৪ | | ৩ | | ২ | | ৪ | | ৪ | | ৩ | | ২ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| † সা | | ঋ | | গ | | ম | | প | | ধ | | নি | | সা |

কম্পন সুর বিশেষের দ্রুতান্দোলন। আশ বর্ণান্তর্ব্বর্ত্তী স্বরের দুই বা ততোধিক সুরে অবিচ্ছেদে বিকাশ। মীড় আশেরই ঘনত্ব। গিটকারী একাধিক সুরের আশসহকৃত দ্রুতোচ্চারণ। গিটকারী দ্বিবিধ—সাদা ও সগমক। 'ভূষিকা'—সুর বিশেষের পূর্ব্বে বা পরে অন্য সুরের স্বল্পোচ্চারণ। সাধারণতঃ সুর সম্বন্ধে যে সকল বিষয় জ্ঞাতব্য তাহা বর্ণিত হইল।

বিবিধ সুরের যথাস্থান সন্নিবেশে রাগরাগিণীর মূর্ত্তি প্রকাশিত হয়। রাগ 'রঞ্জ্' ধাতু হইতে উৎপন্ন। 'রঞ্জ্' ধাতুর অর্থ রঞ্জন বা চিত্তবিনোদন। যেরূপ ভাবে সুর বিন্যাসে চিত্তরঞ্জন সাধিত হয়, সেইরূপ সুর বিন্যাসে ভিন্ন ভিন্ন রাগরাগিণী সৃষ্টি হইয়াছে*। অর্থযুক্ত বাক্য বা ছন্দে রাগরাগিণী নিবদ্ধ না করিয়া, তেনে তুম প্রভৃতি কতকগুলি বর্ণের দ্বারা আরোহণ, অবরোহণ, মূর্চ্ছনা, কম্পন, তান, লয় প্রভৃতি যোগে কেবল সুরমুখে রাগাদির পরিচয়ের নাম আলাপ। আলাপে রাগরাগিণীর সুরময়ী মূর্ত্তি প্রকাশিত হয়। রাগরাগিণীতে যে সুরটির প্রধানতা দৃষ্ট হয় তাহার নাম বাদী—যে সুরটি বাদীর সহচারিত্ব করে, তাহা সংবাদী এবং যে সকল সুর এই উভয় সুরের অনুগমন করিয়া শ্রুতি সুখ সম্পাদন করে তাহারা অনুবাদী নামে অভিহিত হইয়াছে এবং যে সুর রাগ বিশেষে বিন্যস্ত অপর সুরগুলির সহিত অনৈক্য হয় তাহা বিবাদী†। রাগের আদি সুর গ্রহস্বর, এবং অন্ত্যসুর ন্যাসস্বর নামে অভিহিত। সঙ্গীত ছন্দ চতুষ্পদী

* "যস্য শ্রবণমাত্রেণ রঞ্জন্তে সকলাঃ প্রজাঃ।
সর্ব্বেষাং রঞ্জনাদ্ধেতো স্তেন রাগ ইতি স্মৃতঃ" ॥ - সোমেশ্বর।

† "স্বামিবদ্বদনাদ্বাদী স রাগ প্রতি পাদকঃ।
বাদিনা সহ সংবাদাৎ সম্বাদী মন্ত্রিতুল্যকঃ ॥
মুখে তস্যানুবদনাদনুবাদীচ ভৃত্যবৎ।
তথা বিবাদাত্তেনৈব বিবাদী বৈরবত্তবেৎ" ॥—সঙ্গীত-রত্নাবলী।

এই তিন গ্রামের নাম, ষড়জ, মধ্যম ও গান্ধার, অর্থাৎ 'স'কে অবলম্বন করিয়া যে স্বরগ্রাম তাহা ষড়জ, 'ম'কে অবলম্বন করিয়া যে স্বরগ্রাম তাহা মধ্যম এবং 'গ'কে অবলম্বন করিয়া যে স্বরগ্রাম তাহা গান্ধার। এই তিন গ্রামে স্বরের মূর্চ্ছনা একবিংশতি সংখ্যক। অর্থাৎ স, ঋ, গ, ম, প, ধ, নি, র্স; ঋ, গ, ম, প, ধ, নি, র্স র্ঋ; গ, ম, প, ধ, নি, র্স, র্ঋ, র্গ, ইত্যাদি সপ্তবিধ মূর্চ্ছনা প্রত্যেক গ্রামে সাধিত হইতে পারে। এইরূপে ত্রিসপ্ত সংখ্যক মূর্চ্ছনা গণিত হয়। তন ধাতুর অর্থ বিস্তার, তান শব্দে স্বরের বিস্তার বুঝায়। সুতরাং স্বর হইতে স্বরান্তরে অনুলোম বা বিলোম গতিতে মূর্চ্ছনাদির দ্বারা রাগের বিস্তার বুঝায়। স্বরও দ্বিবিধ,—শুদ্ধ বা প্রকৃত; কৃত্রিম বা বিকৃত। সপ্তস্বরের যে স্বাভাবিক ক্রম আছে, তাহাই প্রকৃত শুদ্ধ স্বর। কিন্তু সঙ্গীতে এই স্বাভাবিক স্বরকে কখনও বা কোমলভাবে কখনও তীব্রভাবে গ্রহণ করিতে হয়। স্বাভাবিক স্বরে যখন এই কোমলতা বা তীব্রতা আনিতে হয তখন সেই স্বরকে বিকৃত বলা যায়। সাধারণতঃ সঙ্গীতের ভাষায় ইহার নাম কড়ি, কোমল; অর্থাৎ উচ্চ স্বর কড়ি এবং নিম্নস্বর কোমল। এইরূপ ৭টি স্বাভাবিক শুদ্ধ প্রকৃত স্বর এবং ঐ সপ্তস্বর হইতে ৫টী বিকৃত হইয়া দ্বাদশটি স্বর গৃহীত হইয়াছে*। যথা প্রকৃত স্বর সা ঋ গ ম প ধ নি, বিকৃত স্বর—ঋ, গ, ম, ধ, নি†। স্বরে অধিকতর মনোহারিত্ব আনিবার জন্য গমক, কম্পন, আশ, মীড়, গিটকারী প্রভৃতি ব্যবহৃত হইয়া থাকে। উপরোক্ত কম্পন, আশ, প্রভৃতি সাধারণতঃ গমক নামে অভিহিত হইয়া থাকে।

* "ততঃ সপ্তস্বরাঃ শুদ্ধাঃ বিকৃতা দ্বাদশাপ্যমী"।—সঙ্গীত-দর্পণ।

† "ষড়্জোঽচলঃ পঞ্চমশ্চ ঋষভশ্চলতি স্বরঃ।
গান্ধারো মধ্যমশ্চার্থ নিষাদো ধৈবতশ্চলঃ" ॥—সঙ্গীত-দামোদর।

রাগ রাগিণী

হিন্দোল···পুরিয়া, জয়ন্তী, দেবগিরি, বেলাবলী, ককুভা ও দেশকারী।
দীপক (১)···ললিতা, শোভনী, কামোদী, কেদারী, কল্যাণী ও ভূপালী।
শ্রীরাগ···ধনাশ্রী, ত্রিবণী, মালবা, গৌরী, জয়তশ্রী ও মালবশ্রী।
মেঘ···মল্লারী, সৌরটী, দেশাক্ষী, সারঙ্গী, মধুমাধবী ও বড়হংসিকা।

শাস্ত্রকারগণ উক্ত ছয়রাগ, ছয়টি ঋতুতে গাইবার নির্দ্দেশ করিয়াছেন। যথা ঃ—শরতে—ভৈরব। হেমন্তে—মালকৌশ। বসন্তে—হিন্দোল। গ্রীষ্মে—দীপক। শিশিরে—শ্রীরাগ। বর্ষায়—মেঘ। রাগ সমূহ যে উক্ত ঋতুতেই গাহিতে হইবে ইহার কোন যুক্তিযুক্ত কারণ নাই ; ইহা শাস্ত্রকারগণের কল্পণাসূচক বর্ণনা।

আলাপে রাগাদির স্বরময়ী মূর্ত্তি এবং গানে তাহাদের বাঙ্ময়ী মূর্ত্তির প্রকাশ হয়। এতদ্দেশে তিন প্রকার গান প্রধান—যথা ঃ— ধ্রুবপদ বা ধ্রুপদ, খ্যাল, টপ্পা।

ভাব প্রগাঢ়তা ও রচনা গাম্ভীর্য্য ধ্রুপদের লক্ষণ—ইহা ওজঃ প্রসাদ ও মাধুর্য্য গুণ বিশিষ্ট। এবং ইহাতে চারিটী বাণী প্রচলিত যথা, গওরহার, নওরহার, ডাগর এবং খণ্ডার। গ্বালিয়র হইতে গওরহার, লাহোর হইতে নওরহার, দিল্লী হইতে ডাগর ও কান্দাহার হইতে খণ্ডার বাণীর উদ্ভব, এইরূপ কথিত আছে। খ্যাল—অল্পাক্ষর ললিত পদ বিশিষ্ট কবিতা বিশেষ। ইহাতে স্বরের ক্রীড়া অধিক প্রকাশ পায়।

টপ্পা—খ্যাল হইতে টপ্পার ঢং পৃথক, প্রায় ভৈরবী, খাম্বাজ, সিন্ধু, কাফী, ঝিঁঝোটি প্রভৃতি রাগিণী ব্যবহার হয়। ঠুম্‌রী, টপ্পারই শ্রেণীভুক্ত।

অনেক ক্ষেত্রেই গীতের সহিত বাদ্যের সংযোগ থাকে। গীতের ছন্দ ও বাদ্যের ছন্দ, একরূপ। বাদ্য সম্বন্ধে মাত্রা ছন্দ লয় ও তালই প্রধান আলোচ্য বিষয়।

---

(১) দীপক রাগ এখন পঞ্চম নামে খ্যাত।

গৃহীত হওয়ায় রাগরাগিণীর আলাপেও সেইরূপ চারিটি অংশরূপে দেখান হয়, আস্থায়ী, অন্তরা, সঞ্চারী, আভোগ*।

রাগ তিন প্রকার শুদ্ধ, সালঙ্ক ও সঙ্কীর্ণ। স্বয়ংসিদ্ধ রাগ শুদ্ধ রাগ। দুই রাগের সম্মিলনে যে রাগ ঘটিয়াছে তাহা সালঙ্ক এবং দুয়ের অধিক রাগের মিশ্রণে যাহার উৎপত্তি তাহা সঙ্কীর্ণ। স্বর সংখ্যানুসারেও রাগের জাতিভেদ দৃষ্ট হয়। যে রাগে সপ্তস্বরের বিকাশ, তাহার নাম সম্পূর্ণ রাগ। যাহাতে এক স্বর বর্জ্জিত অর্থাৎ ছয় স্বরের বিকাশ তাহার নাম যাড়ব বা খাড়ব এবং যাহাতে দুই স্বর বর্জ্জিত অর্থাৎ পাঁচ স্বরের বিকাশ তাহার নাম ঔড়ব†। শাস্ত্র মতে রাগ ছয় এবং রাগিণী ছত্রিশ। রাগ ও রাগিণীগণের নাম সম্বন্ধে শাস্ত্রে ভিন্ন ভিন্ন মত দৃষ্ট হয়, এতদতিরিক্ত মিশ্র রাগিণীও অনেক সৃষ্ট হইয়াছে। রাগগুলি পুরুষ, রাগিণীগুলি স্ত্রী। প্রত্যেক রাগের ছয়টি পত্নী। এইরূপে প্রত্যেক রাগের বৃহৎ পরিবার। সে সকলের সবিস্তার পরিচয় দেওয়া নিষ্প্রয়োজন। রাগরাগিণীগুলির আলাপের কালও নিরূপিত আছে এবং ভিন্ন ভিন্ন রাগরাগিণী ভিন্ন ভিন্ন ভাবেরও উপযোগী বলিয়া বর্ণিত হইয়াছে। ছয় রাগ ও ছত্রিশ রাগিণী নিম্নে প্রকাশিত হইল।—

রাগ‡ রাগিণী।

ভৈরব···ভৈরবী, রামকেলী, বাঙ্গালী, কলিঙ্গা, মঙ্গলিকা ও সৈন্ধবী।

মালকৌশ···কৌশিকী, টঙ্কা, মুদ্রাকী, বাগীশ্বরী, নাটিকা ও গুর্জ্জরী।

---

* "যত্রোপবেশ্যতেরাগঃ আস্থায়ীত্যুচ্যতে হি সঃ।
আভোগস্ত্বন্তিমো ভাগো গীত পূর্ণত্ব সূচকঃ॥
ধ্রুবাভোগান্তরে কশ্চিদ্ধাতুরন্যোঽন্তরাভিধঃ"।—সঙ্গীত-দর্পণ।

† "ঔড়বঃ পঞ্চভিশ্চৈব ষাড়বঃ ষট্ স্বরো ভবেৎ।
সম্পূর্ণঃ সপ্তভিশ্চৈব বিজ্ঞেয়ো গীতযোক্তৃভিঃ"॥—নারদ ( সঙ্গীত-রত্নাকর )

‡ "ভৈরবো মালকৌশশ্চ হিন্দোলো দীপকস্তথা।
শ্রীরাগো মেঘরাগশ্চ ষড়েতে পুরুষাঃস্মৃতাঃ"॥ সঙ্গীত-রত্নাকর।

নহে অল্পও নহে, তাহা মধ্য লয়*। গানের সুর মাত্রাকে অতিক্রম করিয়া বিস্তারিত করিলে অথবা বাদ্যের বিসম্বাদী হইলে লয় ভঙ্গ হয়। গানের সুর এবং বাদ্যের ধ্বনিতে ওতপ্রোতভাবে মিলনে সর্ব্বদাই লয় লক্ষ্য হয়। বিশষতঃ প্রত্যেক সমে ইহা শুদ্ধভাবে ফুটিয়া উঠে এবং এইরূপ গতিতে মোক্ষ "সমে" অর্থাৎ শেষ "সমে"; মোক্ষ অর্থাৎ শেষ "লয়" স্পষ্টভাবে অনুভূত হয়। শেষ সমেই সুরেই পূর্ণ নিবৃত্তি।

সুরের কাল পরিমাণ ঠিক রাখিতে এবং ছন্দ সুস্পষ্ট করিতে তালের উৎপত্তি। 'তাল'-শব্দের অর্থ কালবিভাগ অর্থাৎ স্বরের স্থিতি বা গতির কাল-পরিমাপক উপায়। প্রতিষ্ঠা বোধক 'তল' ধাতু হইতে তাল শব্দের উৎপত্তি। যাহাতে গানের বা স্বরের প্রতিষ্ঠা তাহাই 'তাল'। তালে স্বরের সংযম শৃঙ্খলা ও সৌষ্ঠব সংরক্ষিত হয়। যাহা হউক কাল এবং ছন্দ তালদ্বারা নিয়মিত হয়। গানে সুরের ছন্দ ভঙ্গ বা সময় ভঙ্গ হইলেই তাল ভঙ্গ বা লয় ভঙ্গ হইবে। এইজন্য গানে এবং বাদ্যে সর্ব্বদা সঙ্গতি আবশ্যক। ইহা সাধারণতঃ "সঙ্গত" নামে কথিত হয়। "সম" অর্থাৎ বাদ্যের প্রারম্ভ ও গীতবাদ্যের বিশ্রাম স্থল। তাল চতুর্ভাগে বিভক্ত:—সম, বিষম, অতীত, অনাগত বা অনাঘাত। মতভেদে তাল ত্রিবিধ—সম, অতীত ও অনাগত। ইহার মধ্যে 'সম' সম্বন্ধে শুদ্ধ জ্ঞান হইলেই যথেষ্ট†। প্রত্যেক তালে হাতের তালি বা অঙ্গুলির টক্কর দ্বারা তালের ভাগ সূচিত হয় এবং তালি বা টক্কর শূন্য ভাগও প্রদর্শিত হয়। যথা চৌতাল, বার মাত্রার তাল। ইহাতে চারিটি তাল এবং দুইটি ফাঁক অর্থাৎ ইহার চারিভাগে হাতের তালি বা অঙ্গুলির টক্কর

* "তালঃ কাল ক্রিয়ামানং লয়ঃ সাম্যমথাস্ত্রিয়াং।
বিলম্বিতং দ্রুতং মধ্যং তত্ত্বমোঘং ঘনং ক্রমাৎ"॥—অমরকোষ।

† "গীতোচ্চারণ কালেতু যদা তালস্য সঙ্গতিঃ।
তদা সম ইতি প্রোক্তঃ সমকাল সমুদ্ভবাৎ"।

# মাত্রা*

পরিমাণ বোধক 'মা' ধাতু হইতে মাত্রা শব্দের উৎপত্তি। তালের সূক্ষ্ম বিভাগকে 'মাত্রা' কহে। মাত্রা দ্বারা তালের কাল পরিমাণ নিয়মিত হয়। সুতরাং প্রত্যেক তাল কতকগুলি মাত্রার সমষ্টি ভিন্ন কিছুই নহে। মাত্রা ত্রিবিধ যথা হ্রস্ব, দীর্ঘ, প্লুত। একটী হ্রস্ব স্বরের উচ্চারণকাল হ্রস্বমাত্রা, দুইটি হ্রস্ব স্বরের উচ্চারণ কাল দীর্ঘমাত্র; তিনটি বা ততোধিক হ্রস্বস্বরেব উচ্চারণ কাল প্লুত মাত্রা†। হসন্ত বর্ণোচ্চারণের নাম ব্যঞ্জন ইহা অর্দ্ধ মাত্রা। অর্থাৎ একটি মাত্রাকে আদর্শ কবিয়া তদনুসাবে মাত্রার ক্রম নির্দ্ধারিত হইবে। মাত্রা দ্বারা বাদ্য এবং গীতের কাল ও ছন্দ নিরূপিত করে। মাত্রার উচ্চারণবিধি এবং বিরাম ছন্দের জনক। এইরূপে বাদ্যে যেরূপ ছন্দ ধ্বনিত হয় গীতেও সেইরূপ ছন্দ নিবদ্ধ থাকে। কারণ. বাদ্যের ছন্দ গীতের অনুকরণেই গ্রথিত। লয় অর্থে সাম্য অর্থাৎ সমান হওযা বা মিশিয়া যাওয়া। সুতরাং সুরকে মাত্রা ছন্দ ও তালের সহিত একীকরণ বা নিবৃত্তিই লয় শব্দের বাচ্য। সুরের উত্থান, আকাঙ্ক্ষা ও নিবৃত্তি আছে। আলাপেয় সময় ইহা মাত্রা মাত্রেই লক্ষিত হয় এবং গীতের সময় ইহা ছন্দাকারে লক্ষিত হয়। লয় ত্রিবিধ, বিলম্বিত, দ্রুত ও মধ্য‡। যাহাতে সুরের মিলন অল্পস্থায়ী তাহা দ্রুত লয়; যাহাতে দীর্ঘস্থায়ী তাহা বিলম্বিত, এবং যাহাতে এই স্থায়িত্ব দীর্ঘও

---

* "মাত্রা তু যাবতাপাণিঃ পর্য্যেতি জানুমণ্ডলে"।—শ্রুতিবোধ।

† চাষস্তেকান্ বদেন্মাত্রা দ্বিমাত্রোবায়সোবদেৎ
ত্রিমাত্রন্তু শিখী ক্রয়াৎ ব্যঞ্জনন্ত্বর্দ্ধমাত্রকম্॥

‡ "দ্রুতো মধ্যো বিলম্বশ্চ দ্রুতঃ শীঘ্রতমোমতঃ।
দ্বিগুণৌ দ্বিগুণৌ জ্ঞেয়ৌ তস্মান্মধ্য বিলম্বিতৌ"॥—সঙ্গীত-দর্পণ।

### ধমার

ধমার চৌদ্দ মাত্রার তাল। তন্মধ্যে তিনটী আঘাত ও দুইটী শূন্য থাকে। ঠেকা যথা ঃ—

```
+          ০      ২   ০          ৩
ক ধে টে | ধে টে | ধা | গ দি নে | দি নে তা |
```

### আড়াচৌতাল

আড়াচৌতাল চৌদ্দমাত্রার তাল। ইহাতে চারিটী আঘাত। ঠেকা যথা ঃ—

```
+       ২                ৩                   ৪
ধা গে | ধা গে দিন্ তা | কৎ তাগে দিন্ তা | তেটে কতা গদি ঘেনে |
```

### তেওরা

তেওরা সাত মাত্রার তাল, ইহাতে তিনটী আঘাত। ঠেকা যথা ঃ—

```
+                 ২        ৩
ধা ঘেনে নাগ্ | গ দ্দি | ঘেনে নাগ্ |
```

### রূপক

রূপক সাত মাত্রার তাল। কলাবিৎগণ ইহার সমের উপর ঘ না দিয়া তথায় ফাঁক দিয়া থাকেন, তজ্জন্য সমের স্থানে ফাঁ দিয়া লিখিত হইল। ঐ ফাঁককেই সম বুঝিতে হইবে। ঠেকা যথা ঃ—

```
০                ২            ৩
তাগ্ দিৎ তা | তাগ্ তেটে | গদি ঘেনে |
```

---

তেতালা, কবালী, আড়াঠেকা, মধ্যমান ইত্যাদি চতুর্মাত্রিক জাতির তাল। একতালা, খেমটা ইত্যাদি ত্রিমাত্রিক জাতির তাল এবং ঝাঁপতাল, যৎ, তেওট ইত্যাদি মিশ্রজাতির তাল। সংস্কৃত ছন্দের যেরূপ পাদ বা চরণ আছে, সেইরূপ প্রতি তালাঘাতকে পাদরূপে কল্পনা করিলে, চৌতাল, তেতালা, আড়াঠেকা প্রভৃতি 'সমপদী' ঝাঁপতাল, যৎ ইত্যাদি অর্দ্ধ সমপদী এবং ধমার, সুরফাক্তা, তেওরা প্রভৃতি বিষমপদী তাল হইয়া থাকে।

দেওয়া হয় এবং দুইভাগে দেওয়া হয় না। এইরূপ তেতালা চারিভাগে বিভক্ত। ইহার তিন ভাগে তালি বা টক্কর থাকে এবং একভাগ শূন্য। যাহা হউক ইহা সাধারণ হিসাব, প্রায় সকলেই ইহা অবগত আছেন।

সুরের মাত্রা এবং ছন্দ, তালের মাত্রা এবং ছন্দের নিয়ামক, অর্থাৎ সুরের মাত্রা এবং ছন্দকে লক্ষ্য করিয়া তালের মাত্রা এবং ছন্দ গ্রথিত হইয়াছে। এইরূপ প্রত্যেক তালের মাত্রা এবং ছন্দকে সমভাবে বিভক্ত করিয়া তালি এবং ফাঁক প্রদর্শিত হয়, তাহাতে কখনও বা তালি এবং ফাঁকের মাত্রা সমান থাকে, কখনও বা অসমান থাকে। এস্থলে প্রচলিত তাল সমূহের ঠেকা, পদ, মাত্রা প্রভৃতি সংক্ষেপে লিখিত হইল।

## চৌতাল*

চৌতাল বার মাত্রার তাল। তন্মধ্যে চারিটী আঘাত ও দুইটী শূন্য থাকে। ঠেকা যথা :—

| + | | ০ | | ২ | | ০ | | ৩ | | ৪ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ধা | ধা | দিন্ | তা | কৎ | তাগে | দিন্ | তা | তেটে | কতা | গদি | ঘেনে |

* তাল সমূহ তিন প্রকার পদে বিভক্ত যথা :—"সমপদী," "অর্দ্ধ সমপদী," এবং "বিষমপদী"। যাহার চারিটী পাদেরই বর্ণমাত্রাবিন্যাস একরূপ তাহার নাম "সমপদী," যাহার প্রথম পাদ ও তৃতীয় পাদ, এবং দ্বিতীয় পাদ ও চতুর্থ পাদ একরূপ, তাহার নাম "অর্দ্ধসমপদী" এবং যাহাব প্রত্যেক পাদই ভিন্ন তাহার নাম "বিষমপদী"। সাধারণতঃ সঙ্গীতের তাল সমূহ তিন জাতিতে বিভক্ত যথা :—চতুর্মাত্রিক জাতি, ত্রিমাত্রিক জাতি, ও মিশ্র জাতি। যাহার এক একটী পদ চারিমাত্রা বিশিষ্ট তাহাকে চতুর্মাত্রিক জাতির তাল, যাহার এক একটী পদ ত্রিমাত্রাবিশিষ্ট তাহাকে ত্রিমাত্রিক জাতির তাল, এবং এতদুভয়ের মিশ্রণে যে তাল উৎপন্ন তাহাকে মিশ্র জাতির তাল কহে। দ্বিমাত্রিক ও অর্দ্ধমাত্রিক তাল চতুর্মাত্রিক তালের অন্তর্গত এবং ষন্মাত্রিক তাল, ত্রিমাত্রিক তালের অন্তর্গত।

### পঞ্চমসওআরী

পঞ্চমসওআরী ত্রিশ মাত্রার তাল। ইহাতে পাঁচটী আঘাত ও তিনটী শূন্য। ঠেকা যথা ঃ—

১ ২ + ০
তাগ্ দিৎ | তাগ্ দিৎ | ধা কেটে তাগ্ | থু ন্না কেটে তাগ্ |

৪ ০ ৫
তেরে কেটে তাগ্ দিৎ | তা কেটে দিন্ তা | তাগ্ তেটে তেটে তাগ্ |

০
নে ধা কেটে তাগ্ |

### ব্রহ্মতাল

ব্রহ্মতাল আটাশ মাত্রার তাল। ইহাতে দশটী আঘাত এবং চারিটী শূন্য। ঠেকা যথা ঃ—

+ ০ ২ ৩ ০ ৪ ৫
ধা দিৎ | থু ন্না | ধা গে | তেটে তাগ্ | থু ন্না | ধা কেটে | তা ধা |

৬ ০ ৭ ৮ ৯ ১০ ০
কেটে তা | থু ন্না | ধা গে | দিন্ তা | কেটে তাগ্ | তাগ্ তেটে | দিন্ |

### একতালা

একতালা বার মাত্রার তাল। চারি মাত্রা করিয়া তিনটী সমান পদে বিভক্ত। ইহার ফাঁক নাই, তজ্জন্যই ইহার নাম একতালা। ঠেকা যথা ঃ—

+ ২ ৩
ধিন্ ধিন্ না না | ধিন্ না কৎ তে | ধা তেরেকেটে ধিন্ না |

### ঝাঁপতাল

ঝাঁপতাল দশ মাত্রার তাল। তন্মধ্যে তিনটী আঘাত এবং একটী শূন্য। ঠেকা যথা ঃ—

\+ ৩ ০ ১

ধা গে | ধা গে দিন্ | তা কে | ধা গে দিন্ |

### সুরফাক্তা

সুরফাক্তা দশ মাত্রার তাল। ইহাতে তিনটী আঘাত। ঠেকা যথা ঃ—

\+ ২ ৩

ধা ঘেনে নাগ্ দিগ্ | ঘেনে নাগ্ | গ দ্দী ঘেনে নাগ্ |

### ঢিমা-তেতালা

ঢিমাতেতালা ষোল মাত্রার তাল। তন্মধ্যে তিনটী আঘাত এবং একটী শূন্য। ঠেকা যথা ঃ—

\+ ৩ ০

ধা গে দিন্ তা | তেটে দিৎ তা ধা | দিন্ তা ক তা |

১

তেটে কতা গদি ঘেনে |

### পটতাল

পটতাল আট মাত্রার তাল। তন্মধ্যে একটী আঘাত ও একটী শূন্য। ঠেকা যথা ঃ—

\+ ০

ধা গে ধা গে | দিন্ তা ক তা |

## ঢিমা-তেতালা

ঢিমাতেতালা ষোলটী দীর্ঘ মাত্রার তাল। ইহাতে তিনটী আঘাত এবং একটী শূন্য। ঠেকা যথা ঃ—

```
+                 ৩                          o
।  ।   ।   ।     ।   ।     ।         ।     ।   ।    ।   ।
ধা ধিন্ ধিন্ ধা | ধিৎ তাগে তেরেকেটে ধি | না তিন্ তিন্ তা |

১
।   ।    ।        ।
কৎ ধাগে তেরেকেটে ধি |
```

## মধ্য-তেতালা*

তেতালা আটটী দীর্ঘ কিম্বা ষোলটী হ্রস্ব মাত্রার তাল। ইহাতে তিনটী আঘাত এবং একটী শূন্য। ঠেকা যথা ঃ—

```
+            ৩            o            ১
।  ।  ।  ।  |।  ।  ।  ।  |।  ।  ।  ।  |।  ।  ।  ।  |
ধা ধি ধি না |না ধি ধি না |না তি তি না |না ধি ধি না |
```

## জলদ্-তেতালা

ইহা আটটী হ্রস্ব মাত্রার তাল। ঠেকা যথা ঃ—

```
+         ৩          o          ১
ধি ধি ন্না |না ধি ন্না |না তি ন্না |না ধি ন্না |
```

---

* 'তেতালা' ও 'কৱালী' এই দুইটী তাল ভুলবশতঃ 'কওআলী' এবং 'ঠুম্‌রী' বলিয়া প্রচলিত হইয়াছিল, অথাৎ 'তেতালাটী' কৱালী এবং 'কৱালী' 'ঠুম্‌রী' রূপে প্রচলিত ছিল। আমি হিন্দুস্থান এবং বহুদেশ ভ্রমণ করিয়া দেখিয়াছি যে 'ঠুম্‌রী' বলিয়া কোন পৃথক তাল নাই। "ঠুম্‌রী" টপ্পা শ্রেণীর একপ্রকার সংক্ষিপ্ত গান। ঠুম্‌রী গান তেতালা, দাদ্‌রা, খেম্‌টা, করালী, প্রভৃতি তালে ব্যবহৃত হয়। 'ঠুম্‌রী' গানে 'কৱালী' তালই ভুলবশতঃ 'ঠুম্‌রী' তাল বলিয়া সংজ্ঞা হইয়া গিয়াছে।

### খেম্‌টা

খেম্‌টা বার মাত্রার তাল। ইহাতে তিনটী আঘাত ও একটী শূন্য। ঠেকা যথা ঃ—

+ ৩ ০ ১
ধা কে টে | না ধি না | তে টে ধি | না ধি না |

### কাশ্মীরী-খেম্‌টা

ইহা ছয় মাত্রার তাল, একটী আঘাত ও একটী শূন্য। ঠেকা যথা ঃ—

+ ০
ধি গ্‌ না | ধা তি না |

### দাদ্‌রা

দাদ্‌রা ছয় মাত্রার তাল। ইহাতে একটী আঘাত ও একটী শূন্য। ঠেকা যথা ঃ—

+ ০
ধা ধি নাক্‌ | না ধি নাক্‌ |

### আড়-খেমটা

আড়-খেম্‌টা বার মাত্রার তাল। ইহাতে তিনটী আঘাত এবং একটী শূন্য। ঠেকা যথা ঃ—

১ + ৩ ০
তেটে তিন্‌ | তা তা ধিন্‌ | ধা তেটে ধিন্‌ | ধা ধা ধিন্‌ | তা |

## *আড়াঠেকা বা তিলবাড়

আড়াঠেকা আটটী দীর্ঘ কিম্বা ষোলটী হ্রস্ব মাত্রার তাল। ঠেকা যথা ঃ—

১ + ৩ ০

তা ঘি | – ঘি ধা | ঘি ধা ঘি | – ঘি তা | কি |

## তেওট্ বা ঝুম্‌রা

ইহা চৌদ্দ মাত্রার তাল। ঠেকা যথা ঃ—

\+ ৩ ০ ১

ধিন ধা তেটে | ধিন্ ধিন্ ধা তেটে | তিন্ তা তেটে | ধিন্ ধিন্ ধা তেটে |

## যৎ

যৎ চৌদ্দ মাত্রার তাল। ঠেকা যথা ঃ—

\+ ৩ ০ ১

ধা ধিন্ | ধা গে তিন্ | না তিন্ | ধা গে ধিন |

---

* 'আড়াঠেকা' কোনও পৃথক তালের নাম নহে। ইহাও মধ্যগতি তেতালার আড়ছন্দ, সেই জন্য ইহাকে 'তিলবাড়' বা 'আড়াঠেকা' বলে। খ্যালে এই তাল ব্যবহার হয়।

## কৰালী

কৰালী আটটী হ্রস্ব মাত্রার তাল, ইহাতে একটী আঘাত ও একটী শূন্য। ঠেকা যথা ঃ—

| + | | | | ০ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| । | । | । | । | । | । | । | । | |
| ধা | ধা | কেটে | তাগ \| | না | ধি | ধা | তেরেকেটে \| | |

## ছেপ্‌কা

| + | | | | ০ | | | |
|---|---|---|---|---|---|---|---|
| । | । | । | । | । | । | । | । |
| ধিক্ | নাতে | কেটে | তাগ্ \| | তিক্ | নাতে | কেটে | তাগ্ \| |

## কাহাব্‌ৰা

কাহারৰা চার মাত্রার তাল। ঠেকা যথা ঃ—

| + | | ০ | |
|---|---|---|---|
| । | । | । | । |
| ধাগ্ | তেটে \| | নাক্ | ধিন্ \| |

## মধ্যমান বা পঞ্জাবী-ঠেকা*

মধ্যমান ষোলটী দীর্ঘ মাত্রার তাল। সহজ করিবার জন্য বত্রিশটী হ্রস্ব মাত্রায় লিখিত হইল। ঠেকা যথা ঃ—

| | | | + | | | | ৩ | | | | ০ | | | | ১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ॥ | । | ॥ | ॥। | ॥ | । | ॥ | ॥। | ॥ | । | ॥ | ॥। | ॥ | । | ॥ | ॥। |
| ধা | ঘি | ধা \| | ঘি | ধ | ঘি | ধা \| | ঘি | ধা | ঘি | ধা \| | ঘি | তা | কি | তা \| | কি \| |

* 'পঞ্জাবী ঠেকা' আমাদের দেশে 'মধ্যমান' বলিয়া প্রচলিত। মধ্যমান অর্থে মধ্যেই যাহার 'সম'। 'তেতালা' যেরূপ নানাস্থান হইতে ধরা হয়, মধ্যমান কিন্তু ফাঁকের মাত্রা হইতে ধরা হয় এবং মধ্যেই সম পড়ে, মান অর্থে 'সম' সেই জন্য ইহা মধ্যমান বলিয়া প্রচলিত, ইহা তেতালারই প্রকারভেদ কেবল মাত্র পঞ্জাব দেশে টপ্পাতে এই ঠেকাই ব্যবহার হয় বলিয়া পঞ্জাবী ঠেকা অথবা মধ্যমান বলা হয়, ইহার গতি আড়ছন্দ। শোরী মিয়ার টপ্পাতেই 'পঞ্জাবী ঠেকা' অধিক ব্যবহার হয়।

স্বর মোটার উপর কর্কশ এবং গিট্‌কারিবিহীন। যদি ঐ গিট্‌কারি-বিহীন ব্যক্তি ঐ গিট্‌কারিযুক্ত ব্যক্তির সহিত স্বর সাধনা করে, তাহা হইলেই কি তাহার স্বর সুমিষ্ট গিট্‌কারিযুক্ত হইবে? কোকিলের স্বরের অনুকরণ কাকের পক্ষে যেমন অসম্ভব, কর্কশস্বরও মিষ্ট হওয়া সম্বন্ধে তদ্রূপ। তবে পরিমার্জ্জনাতে অপেক্ষাকৃত ভাল হইতে পারে। বিশেষতঃ মনুষ্য-কণ্ঠের স্বর কর্কশ হইলেও, সুরে বসাইতে পারিলেই গীত গাহিবার উপযুক্ত হয়। স্বর-সাধন পক্ষে তাম্বুরাই বিশেষ উপযোগী। তাম্বুরায় চারিটি তার থাকে, কণ্ঠস্বরের ওজন-বিশেষে* মধ্যের দুইটি তারকে মুদারা গ্রামের ষড়জ করিয়া বাঁধিতে হয় ও বামদিকের তারটী ঐ জুড়ির উদারার পঞ্চম এবং দক্ষিণের তারটী ঐ জুড়ির উদারার ষড়জ করিতে হয়। ঐরূপে অগ্রে তাম্বুরাটী বাঁধিয়া, জুড়ির স্বরের সহিত কণ্ঠস্বর ঐক্য করিবে, এবং তাহাকে মুদারা গ্রামের ষড়জ স্থির করিয়া, ক্রমান্বয়ে এক এক স্বর চড়াইয়া অপর ছয়টী স্বর নির্গত করিবে। এইরূপে মুদারা, উদারা এবং তারাসপ্তক অনুলোম বিলোমক্রমে পুনঃ পুনঃ যে পর্য্যন্ত সুর সকল শুদ্ধ ও স্পষ্ট-রূপে কণ্ঠে প্রকাশ না পায়, তাবৎ সাধনা করা কর্ত্তব্য। তাম্বুরাকে স্বর-সাধনার আদর্শ করিলে, প্রত্যেক ব্যক্তির কণ্ঠস্বরের ওজনমত সুর বাঁধিয়া লইতে পারা যায়; কিন্তু হার্ম্মোনিয়মকে আদর্শ করিলে যে সকল দোষ ঘটে, তাহা পূর্ব্বে উক্ত হইয়াছে। ইচ্ছা করিলে স্বরজ্ঞ ব্যক্তিগণ হার্ম্মোনিয়মের ঋষভ, অথবা ধৈবতকে ষড়জ করিয়া যথাক্রমে আরোহণ করিলেই উক্ত দোষ উপলব্ধি করিতে পারিবেন। সুতরাং হার্ম্মোনিয়মকে স্বর-সাধন বিষয়ে শ্রেষ্ঠ স্থান না দিয়া, তাম্বুরা এবং গুরূপদেশকেই আদর্শ স্থানীয় করা সর্ব্বতোভাবে কর্ত্তব্য।

* ওজন অর্থাৎ তাম্বুরার জুড়ি দুটী এরূপভাবে বাঁধা উচিত যে উদারার মধ্যম ও তারার পঞ্চম পর্য্যন্ত অক্লেশে কণ্ঠ হইতে নির্গত হয়। ত্রিসপ্তক পূর্ণ নিঃসারিত করিতে পারিলে উত্তম হয়।

# তাম্বুরা—মিলন।

যন্ত্রের সাহায্য ব্যতীত স্বর-সাধনা হইতে পারে না, তৎপক্ষে তাম্বুরা অতি প্রয়োজনীয়। হার্ম্মোনিয়মের সাহায্যে স্বরসাধন করিলে, উচ্চাঙ্গ হিন্দু-সঙ্গীতের উপযোগী কণ্ঠস্বর হইতে পারে না। কেননা হার্ম্মোনিয়ম শ্রুতি বিহীন যন্ত্র, মীড় যুক্ত সঙ্গীত বাজাইবার উপায় নাই। বিশেষতঃ হিন্দু সঙ্গীতে অধিকাংশই মীড় ব্যবহৃত হইয়া থাকে। আধুনিক কতকগুলি গায়কদের মধ্যে হার্ম্মোনিয়মের আদর দেখিতে পাওয়া যায়, কেননা তাঁহারা গীত গাইবার সময় অন্য ব্যক্তি দ্বারা হার্ম্মোনিয়ম সঙ্গত করাইয়া গীতের সাহায্য লইয়া থাকেন। এই প্রথাটি যেন গোলে হরিবোল দেওয়ার ন্যায়, ইহা শ্রুতি মধুর না হইয়া বরং বিপরীত হইয়া থাকে। অনেক সময়ে দেখা যায় যে হার্ম্মোনিয়মের ঋখবকে অর্থাৎ D সুরকে ষড়জ আশ্রয় করিয়া গীত গাওয়া হয় এবং তৎসঙ্গে সঙ্গত করাও হয়। হার্ম্মোনিয়মের স্বর অতি জমকাল কেহই তত লক্ষ্য করেন না; নচেৎ ইহাতে শ্রুতির দোষ ঘটে। কারণ ষড়জ হইতে ঋখবের অন্তর চারিটি শ্রুতি, আর ঋখব হইতে গান্ধারের অন্তর তিনটী শ্রুতি, সুতরাং ঋখবকে ষড়জ আশ্রয় করিলে, গান্ধার ঠিক ঋখব হইবে না; ধৈবতও ঐ প্রকার। এস্‌রার্, সারঙ্গী প্রভৃতি যন্ত্রে স্বর-সাধনা করা যাইতে পারে কেননা ঐ সমস্ত যন্ত্রে মীড় আছে এবং পর্দ্দাও ইচ্ছামত সরাইতে পারা যায়। আধুনিক কেহ কেহ তাম্বুরাকে উপেক্ষা করিয়া, হার্ম্মোনিয়মকে, সুমিষ্ট স্বর লাভ করিবার উপযুক্ত আদর্শ বলিয়া উল্লেখ করেন। কিন্তু তাহা নিতান্ত অযৌক্তিক। কারণ, স্বরের মিষ্টতা ঈশ্বর-দত্ত স্বাভাবিক শক্তি; সাধনা বা চেষ্টা দ্বারা উহার কর্কশতা পরিবর্ত্তন করিয়া মধুরতা লাভ হয় না। মনে কর, কোন ব্যক্তির স্বর অতি মিষ্ট এবং গিট্‌কারিযুক্ত, আর কোন ব্যক্তির

# দণ্ডমাত্রিক স্বরলিপিতে ব্যবহার্য্য সঙ্কেত

| সঙ্কেত | সংজ্ঞা | অর্থ | | উদাহরণ |
|---|---|---|---|---|
| । | একদণ্ড | একমাত্রা | যথাঃ— | স |
| ।। | দ্বিদণ্ড | দ্বিমাত্রা | " | স |
| ।।। | ত্রিদণ্ড | ত্রিমাত্রা | " | স |
| ঁ | অর্দ্ধচন্দ্র | অর্দ্ধমাত্রা | " | সঁ |
| × | ডমরু | সিকিমাত্রা | " | স |
| ঁ× | চন্দ্রার্দ্ধডমরু | বার আনা মাত্রা | " | সঁ |
| △ | ত্রিকোণ | কোমল | " | ঋ |
| ৮ | পতাকা | কড়ি | " | ম |
| • | বিন্দু | ঊর্দ্ধে তারাসপ্তক | " | সং |
| | | নিম্নে উদারাসপ্তক | " | স় |
| | একটি সরলরেখা | আশ | " | স ঋ গ ম |
| ═══ | দুইটি সরলরেখা | মীড় | " | ম গ ম গ |
| ~ | গজকুম্ভাকৃতি | কম্পন | " | স অর্থাৎ সস |
| স ঋ গ ম প ধ নি | ক্ষুদ্রাক্ষর | ভূষিকা | " | ঋস |

# হিন্দী-উচ্চারণ।

হিন্দী গানগুলি পড়িবার সময় হিন্দুস্থানী ধরণে উচ্চারণ না করিলে শ্রুতিমধুরতা নষ্ট হয়। গাহিবার সময়েও উচ্চারণ হীনতায় শ্রুতিকটুতা উৎপাদিত হয়। বিশুদ্ধ সঙ্গীত শিক্ষা করিতে হইলে হিন্দী গান ভিন্ন উপায় নাই, অতএব যাঁহারা হিন্দুস্থানী সঙ্গীত শিক্ষা করিবেন, তাঁহাদের হিন্দীভাষা শিক্ষা করা প্রয়োজন। হিন্দীভাষা যেরূপ বর্ণবিন্যাসে লিখিত হয়, এই পুস্তকে সেইরূপ বর্ণবিন্যাসে লিখিত হইয়াছে, যাঁহারা হিন্দীভাষা জানেন না তাঁহাদের উচ্চারণ বিশুদ্ধ হইবে না, তজ্জন্য হিন্দুস্থানী উচ্চারণ প্রণালী সম্বন্ধে দুই এক কথা বলা আবশ্যক বোধকরি। হিন্দীতে অন্তঃস্থ বএর উচ্চারণ "ওঅ", তজ্জন্য অন্তঃস্থ 'ব'এর 'ৰ' এইরূপ সংকেত করা গিয়াছে। যথা—ধ্যাৰত (ধ্যাওঅত), গাবে (গাওএ) অন্তঃস্থ 'য়'এর উচ্চারণ "ইয়", যথা—য়হ (ইয়হ), 'ঐ'এর উচ্চারণ "অ্যায়," যথা কৈসী (ক্যায়সী), 'ঔ'এর উচ্চারণ "অও" যথা—ঔর (অওর) ইত্যাদি। গানের উচ্চারণ সৌকর্য্যার্থ কখন কখন অন্ত্যস্বরের লোপও হইয়া থাকে, যথা—তনু = তন, শশী = শশ; এইরূপে যফলারও লোপ দৃষ্ট হয়; যথা—ধন্য = ধন, মধ্য = মধ। লএর স্থানে কখন কখন 'র' ব্যবহৃত হয় যথা—কমল = কমর, গলে = গরে ইত্যাদি।

---

## আশ, মীড়, কম্পন ইত্যাদির অর্থ

আশ্—কোন একটী অক্ষরকে অবলম্বন করিয়া দুই বা ততোধিক স্বর উচ্চারণ করাকে "আশ্" কহে যথা:—সঁ ঋঁ গঁ মঁ|
তা রা

মীড়—মীড়েও একাক্ষরে দুই তিন স্বর উচ্চারিত হয়, অতি ঘন সংলগ্ন যে আশ তাহাকেই "মীড়" কহে। যথা:—মঁ গঁ মঁ গঁ|
তা রা

কম্পন—একই স্বর বারম্বার দ্রুতোচ্চারণ করিলে কম্পন হয়, অতএব কতকগুলি দ্রুত সমস্বরে আশ চিহ্ন যোগ করিলে, সহজেই কম্পন হইয়া থাকে। যথা:—সঁস সঁস সংক্ষেপে লিখিবার জন্য স্বরের মস্তকে '~' এইরূপ চিহ্ন থাকে যথা:—স̃ ইহার উচ্চারণ সঁস এইরূপ।

গিট্‌কারী—কতকগুলি স্বর আশ সহকারে দ্রুতোচ্চারণ করাকে "গিট্‌কারী" কহে। গিট্‌কারী দ্বিবিধ—সাদা ও সগমক। সাদা গিট্‌কারীর চিহ্ন যথা:—সঁঋগঋ|

সগমক গিট্‌কারীর চিহ্ন যথা:—সঁসগগ|

ভূষিকা—নিমেষকাল স্থায়ী স্বরকে ভূষিকা কহে। ইহা ক্ষুদ্রাক্ষরে লিখিত হয় যথা:—ঋসঁ মগঁ পমঁ|

## ত্রিসপ্তক লিখিবার নিয়ম যথা:—

উদারা মুদারা তারা

স়ঋ়গ়ম়প়ধ়নি়, সঋগমপধনি, সঁঋঁগঁমঁপঁধঁনিঁ|

অর্থাৎ উদারা সপ্তকের স্বরের নীচে বিন্দু এবং তারা সপ্তকের স্বরের উপরে বিন্দু থাকে। মধ্য সপ্তকের স্বরে কোন চিহ্ন থাকিবে না। কণ্ঠে এই ত্রিসপ্তকেই যাবতীয় কার্য্য সমাধা হয়, তবে যন্ত্রে ত্রিসপ্তকাপেক্ষাও অধিক স্বর নির্গত হয়, ত্রিসপ্তকের অধিক স্বর লিখিতে হইলে উক্ত বিন্দু সংখ্যা বৃদ্ধি করিলেই হইবে। সপ্তস্বর আকার, একার দিয়া লেখা অনাবশ্যক, তবে উচ্চারণ কালে এইরূপ বলিতে হইবে যথা:—সা রে গা মা পা ধা নি।

| সঙ্কেত | সংজ্ঞা | অর্থ | | উদাহরণ |
|---|---|---|---|---|
| + | যোগচিহ্ন | সম | যথাঃ— | + সস |
| ০ | শূন্য | ফাঁক | " | ০ সস |
| ১, ২, ৩, ইত্যাদি অঙ্ক | | তাল | " | ২ সস |

এক মাত্রায় দুই তিন বা ততোধিক স্বর সমভাবে উচ্চারিত হইলে তাহা এইরূপ এক দাঁড়িতে লিখিত হয়, যথা ঃ—

সস ইহার প্রত্যেকটী অর্দ্ধমাত্রা বুঝিতে হইবে।

সসসস ইহার প্রত্যেকটী সিকিমাত্রা বুঝিতে হইবে।

সসস ইহার প্রত্যেকটী একতৃতীয়াংশ মাত্রা বুঝিতে হইবে।

প্রতি তাল বিভাগের পর এইরূপ ছেদ থাকে যথা :—

+ ০
স স | ঋ ঋ | ইত্যাদি।

যদি কোথাও পূর্ব্ব স্বরের মাত্রাংশে তাল বা ফাঁক থাকে, তথায় এইরূপ হইবে যথা :—

+ ০ ২
স স | ' ঋ | ' গ | ইহার অর্থ ২য় 'স'এ দুই মাত্রা দম এবং 'ঋ' স্বরেও তাহাই হইবে।

পুনরাবৃত্তির চিহ্ন এইরূপ ব্রাকেট যথা :— { }

{ স ঋ গ ম } অর্থাৎ এই অংশ দুইবার আবৃত্তি করিতে হইবে।

পুনরাবৃত্তিকালে লঙ্ঘনের চিহ্ন এইরূপ ব্রাকেট যথা :—( )

{স ঋ (গ ম)} প ধ অর্থাৎ ইহা দ্বিতীয়বার আবৃত্তি করিবার সময় (গ ম) এই অংশ ত্যাগ করিয়া একবারে প ধ এই অংশ ধরিতে হইবে। গানের আস্থায়ীতে S এইরূপ চিহ্ন যেখানে থাকিবে সেই পর্য্যন্ত গাহিয়া অন্তরা ইত্যাদি ধরিতে হইবে।

( ৮ )

সসস ঋঋঋ গগগ মমম পপপ ধধধ নিনিনি র্সর্সর্স,
র্সর্সর্স নিনিনি ধধধ পপপ মমম গগগ ঋঋঋ সসস।

( ৯ )

সসসস ঋঋঋঋ গগগগ মমমম পপপপ ধধধধ
নিনিনিনি র্সর্সর্সর্স, র্সর্সর্সর্স নিনিনিনি ধধধধ
পপপপ মমমম গগগগ ঋঋঋঋ সসসস।

( ১০ )

সঋ গ ঋগ ম গম প মপ ধ পধ নি ধনি র্স,
র্সনি ধ নিধ প ধপ ম পম গ মগ ঋ গঋ স।

( ১১ )

স গ ঋ ম গ প ম ধ প নি ধ র্স,
র্স ধ নি প ধ ম প গ ম ঋ গ স।

( ১২ )

সঋ গম ঋগ মপ গম পধ মপ ধনি পধ নির্স,
র্সনি ধপ নিধ পম ধপ মগ পম গঋ মগ ঋস।

# স্বর-সাধন

( ১ )

আরোহণ　　　　　　　　　অবরোহণ

স ঋ গ ম প ধ নি র্স, র্স নি ধ প ম গ ঋ স।

( ২ )

সঋ গম পধ নির্স, র্সনি ধপ মগ ঋস।

( ৩ )

সঋগম পধনির্স, র্সনিধপ মগঋস।

( ৪ )

স ঋ গ ম প ধ নি র্স, র্স নি ধ প ম গ ঋ স।

( ৫ )

স ঋ গ ম প ধ নি র্স, র্স নি ধ প ম গ ঋ স।

( ৬ )

স ঋ গ ম প ধ নি র্স, র্স নি ধ প ম গ ঋ স।

( ৭ )

সস ঋঋ গগ মম পপ ধধ নিনি র্সর্স,

র্সর্স নিনি ধধ পপ মম গগ ঋঋ সস।

( ২০ )

সঋ গস ঋগ ম ঋগ মঋ গম প গম পগ মপ ধ
মপ ধম পধ নি পধ নিপ ধনি র্স, র্সনি ধর্স নিধ
প নিধ পনি ধপ ম ধপ মধ পম গ পম গপ মগ
ঋ মগ ঋম গঋ স|

( ২১ )

সঋ গঋ সঋ গম ঋগ মগ ঋগ মপ গম পম
গম পধ মপ ধপ মপ ধনি পধ নিধ পধ নির্স,
র্সনি ধনি র্সনি ধপ নিধ পধ নিধ পম ধপ মপ
ধপ মগ পম গম পম গঋ মগ ঋগ মগ ঋস|

( ২২ )

সঋ গম গঋ গম ঋগ মপ মগ মপ গম পধ
পম পধ মপ ধনি ধপ ধনি পধ নির্স নিধ নির্স,
র্সনি ধপ ধনি ধপ নিধ পম পধ পম ধপ মগ
মপ মগ পম গঋ গম গঋ মগ ঋস ঋগ ঋস|

( ২৩ )

সঋ গম পগ মপ ঋগ মপ ধম পধ গম পধ
নিপ ধনি মপ ধনি সধ নির্স, র্সনি ধপ মধ পম

( ১৩ )

স ম ঋ প গ ধ ম নি প র্স,
র্স প নি ম ধ গ প ঋ ম স।

( ১৪ )

সঋ গম প ঋগ মপ ধ গম পধ নি মপ ধনি র্স,
র্সনি ধপ ম নিধ পম গ ধপ মগ ঋ পম গঋ স।

( ১৫ )

স প ঋ ধ গ নি ম র্স, র্স ম নি গ ধ ঋ প স।

( ১৬ )

সঋ গম পধ ঋগ মপ ধনি গম পধ নির্স,
র্সনি ধপ মগ নিধ পম গঋ ধপ মগ ঋস।

( ১৭ )

স ধ ঋ নি গ র্স, র্স গ নি ঋ ধ স।

( ১৮ )

সঋ গম পধ নি ঋগ মপ ধনি র্স,
র্সনি ধপ মগ ঋ নিধ পগ গঋ স।

( ১৯ )

স নি ঋ র্স, র্স ঋ নি স।

## স্বর-সাধন

( ২৬ )

ত্রিসপ্তক সাধন*

স নি ধ প ম ম প ধ নি স স ঋ গ ম প ধ নি সঁ

সঁ ঋঁ গঁ মঁ পঁ পঁ মঁ গঁ ঋঁ সঁ সঁ নি ধ প ম গ ঋ স |

( ২৭ )

স গ ম ঋ ম প গ প ধ ম ধ নি প নি সঁ

সঁ ধ প নি প ম ধ ম গ প গ ঋ ম ঋ স |

( ২৮ )

স ম প ঋ প ধ গ ধ নি ম নি সঁ,

সঁ প ম নি ম গ ধ গ ঋ প ঋ স |

( ২৯ )

স প ধ ঋ ধ নি গ নি সঁ, সঁ ম গ নি গ ঋ ধ ঋ স |

## আশ-সাধন

( ৩০ )

ঠা হইতে ক্রমে দ্রুত

সঋ গম পধ নিসঁ সঁনি ধপ মগ ঋস |

| | |
|---|---|
| আ | আ |
| ই | ই |
| উ | উ |
| এ | এ |
| ও | ও |

---

* কণ্ঠসঙ্গীতে উদারার মধ্যম ও তারার পঞ্চম পর্য্যন্ত হইলেই গীত গাওয়া যাইতে পারে। কাহারও কণ্ঠে তদতিরিক্ত বাহিব হইলে উত্তম অর্থাৎ কণ্ঠের নিম্নতা ও উচ্চতা বিশেষে খাদ এবং চড়া করা উচিত।

নিধ পম গপ মগ ধপ মগ ঋম গঋ পম গঋ
সগ ঋস|

( ২৪ )

সঋ গম পধ পম গম পধ ঋগ মপ ধনি ধপ
মপ ধনি গম পধ নিসঁ নিধ পধ নিসঁ, সঁনি ধপ
মগ মপ ধপ মগ নিধ পম গঋ গম পম গঋ
ধপ মগ ঋস ঋগ মগ ঋস|

( ২৫ )

সঋ গম মগ ঋস সঋ গঋ সঋ গম ঋগ মপ
পম গঋ ঋগ মগ ঋগ মপ গম পধ ধপ মগ
গম পম গম পধ মপ ধনি নিধ পম মপ ধপ
মপ ধনি পধ নিসঁ সঁনি ধপ পধ নিধ পধ নিসঁ,
সঁনি ধপ ধনি ধপ পধ নিসঁ সঁনি ধপ নিধ পম
পধ পম মপ ধনি নিধ পম ধপ মগ মপ মগ
গম পধ ধপ মগ পম গঋ গম গঋ ঋগ মপ
পম গঋ মগ ঋস ঋগ ঋস সঋ গম মগ ঋস|

## ভূষিকা-সাধন

( ৩৪ )

সঋ ঋগ গম মপ পধ ধনি নিসঁ, সঁনি নিধ ধপ পম

আ আ আ আ আ আ আ আ আ আ আ

মগ গঋ ঋস।

আ আ আ

( ৩৫ )

স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

( ৩৬ )

স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

( ৩৭ )

স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

( ৩৮ )

স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ

ঋ স।

## গিট্‌কারী-সাধন

( ৩১ )

সঋগম পধনিসঁ সঁনিধপ মগঋস|
আ আ

## কম্পন-সাধন

( ৩২ )

সসসস ঋঋঋঋ গগগগ মমমম পপপপ ধধধধ
আ আ আ আ আ আ

নিনিনিনি সঁসঁসঁসঁ সঁসঁসঁসঁ নিনিনিনি ধধধধ
আ আ আ আ আ

পপপপ মমমম গগগগ ঋঋঋঋ সসসস|
আ আ আ আ আ

## মীড়-সাধন

( ৩৩ )

সনি় স ঋস ঋ গঋ গ মগ ম পম প ধপ ধ
আ আ আ আ আ আ

নিধ নি সঁনি সঁ, সঁনি সঁ নিধ নি ধপ ধ পম প
আ আ আ আ আ আ

মগ ম গঋ গ ঋস ঋ সনি় স|
আ আ আ আ

( ৪৭ )

কোমল ধ ও কড়ি ম যোগে খাড়ব ঠাট

স গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ স।

( ৪৮ )

কড়ি ম যোগে ঔড়ব ঠাট

স গ ম ধ নি সঁ, সঁ নি ধ ম গ স।

( ৪৯ )

গ ধ ও নি কোমল যোগে ঔড়ব ঠাট

স গ ম ধ নি সঁ, সঁ নি ধ ম গ স।

## কড়ি কোমল সাধন

( ৩৯ )

কড়ি ম

স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স |

( ৪০ )

কোমল নি

স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স |

( ৪১ )

কোমল গ ও নি

স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স |

( ৪২ )

কোমল গ, ধ ও নি

স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স |

( ৪৩ )

কোমল ঋ, গ, ধ ও নি

স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স |

( ৪৪ )

কোমল ঋ ও ধ

স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স |

( ৪৫ )

কোমল ঋ, ধ ও কড়ি ম

স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স |

( ৪৬ )

কোমল ঋ, গ, ধ ও কড়ি ম

স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স |

## বিভাস—তেতালা

( ২ )

গ্রন্থকার

স নি স ঋ | গ ঋ গ প | ধ প ধ | — র্স র্ঋ র্স |

র্স নি ধ | প ধ ধ নি | ধ র্ঋ র্স নি | ধ প গ ঋ ||

গ গ প ধ | ধ র্স র্ঋ | র্স নি ধ | নি ধ প ধ | প গ প ধ |

র্ঋ র্স নি | ধ প | র্গ র্ঋ র্স | র্স নি ধ | স ঋ গ প |

ধ র্স নি ধ | প গ ঋ স ||

## ভৈরবী—তেতালা

( ৩ )

গ্রন্থকার

{নি স গ ম | ধ প | গ ম ধ প | ম গ ঋ স} | নি স

ধ নি | স গ ঋ গ | স ঋ গ ম | গ ঋ স ঋ ||

ধ ম ধ নি | র্স র্স র্স | ধ নি র্স র্গ | র্ঋ র্স নি র্স | ধ র্স

নি ধ | প ম গ ম | নি ধ প ম | গ ঋ স ঋ ||

## আলাহিয়া—তেতালা

( ১ )

আস্থায়ী * অচপল

\+ ৩ ০ ১
স স গ গ | ম ম প প | ধ ধ গ গ | প প ধ নি |

\+ ৩ ০ ১ S
স স | নি ধ প | ধ গ ম | গ ঋ স ||

অন্তরা

\+ ৩ ০ ১
ধ নি নি ধ | নি নি ধ প | ম প ধ নি | স ধ ধ |

\+ ৩ ০ ১ +
ঋ স স | গ গ ঋ স | নি স ঋ গ | ম ঋ | প ম গ ঋ |

৩ ০ ১
স নি ধ প | ধ গ ম | গ ঋ স ||

২য় অন্তরা

১ + ৩ ০ ১
গ গ ম ধ | — গ ম | গ ঋ স | নি নি স ঋ | গ স ঋ |

\+ ৩ ০ ১
গ ম ঋ গ | ম প ম গ | ঋ গ ম প | — গ ম প |

\+ ৩ ০ ১ +
ধ ম প | ধ নি প ধ | নি স | নি ধ প ধ | নি স |

৩ ০ ১ + ৩
স স নি | ধ নি ঋ | স নি ধ প | ম গ | ম গ ঋ নি |

০ ১
স প | ম গ ঋ ||

* কেবলমাত্র বুঝাইবার জন্য একটী সরগমে 'আস্থায়ী', 'অন্তরা' প্রভৃতি পৃথকভাবে লেখা হইল। অন্যান্য সরগমে আস্থায়ী অন্তরা প্রভৃতি নাম না দিয়া দুইটী করিয়া ছেদ থাকিবে, তাহাতেই প্রত্যেক তুক্ শেষ হইল বুঝিতে হইবে।

## ভৈরব—তেতালা

( ৫ )

রঙ্গরস

০ ১ + S ৩ ০
স ঋ ঋ গ | গ প ম প | ধ প | ম প গ | ঋ ঋ স |

১ + ৩ ০ ১
নি স ধ | — প ম প | ধ ধ স | ঋ গ প | ধ স ধ |

+ ৩
— প ম প | গ ঋ ঋ ||

৩ ০ ১ +
{ধ ধ প গ | ম প ধ ধ | নি সং ঋং নি | ধ ধ নি সং} |

৩ ০ ১ +
গং গং ঋং সং | নি ধ নি সং | ঋং নি ধ ধ | প ম প গ |

৩
— ঋ ঋ ||

## দরবারীতোড়ী—তেতালা

( ৬ )

গ্রন্থকার

০ ১ + ৩ S
{ধ ম গ ঋ | গ ঋ নি স | গ ঋ | গ গ ঋ স} |

০ ১ + ৩
ধ নি ঋ ঋ | স নি ধ প | স নি ধ স | নি ঋ নি স |

০ ১ + ৩
গ প | ম ধ নি ধ | প ম ধ ম | গ গ ঋ স ||

০ ১ + ৩
{প ম নি ধ | — সং সং | সং নি ঋং ঋং | সং নি সং |

## ভৈরব—তেতালা

( ৪ )

গ্রন্থকার

০ ১ + ৩ ০

স ম গ ম | ঋ গ ম | নি ধ ধ | — প প ম | ম গ

১ + ৩ ০

ম গ | গ ম প ধ | ধ প নি ধ | ধ র্স র্স নি | ধ প ম |

১ + ৩ ০ ১

গ ম ম নি | ধ ঋ ঋ | র্স নি ধ | প ধ প ম | প ম

+ ৩

গ ম | ঋ গ ম | প ম গ ঋ ||

০ ১ + ৩ ০

প ম ধ | নি ধ র্স | ঋ ঋ র্স | র্স গ ঋ | — র্স নি র্স |

১ + ৩ ০

ঋ ঋ র্স নি | ধ প ধ | ধ প প ম | ম প ম গ |

১ + ৩ ০ ১

ম গ ম নি | ধ প ম | গ ম ঋ | গ ম ঋ | গ ম প ম |

+ ৩ ০ ১ +

গ ঋ র্স | — স ধ | নি ধ র্স | — ঋ ঋ র্স | নি ধ নি |

৩ ০ ১ +

ধ প ধ প | ম প ম গ | — ম ঋ গ | ম ধ ধ প |

৩

ম গ ঋ স ||

## মধুমাধবীসারঙ্গ—তেতালা

( ৮ )

গ্রন্থকার

০ ১ + ৩ S
নি স ঋ ম | ঋ ম প নি | র্স নি র্ঋ | র্স নি নি প |

০ ১ + ৩
প ম প নি | প ম প | ম ঋ ঋ ম | প ম ঋ স ||

০ ১ + ৩
ম প প নি | নি র্স র্ঋ র্স | র্ঋ র্ম র্ঋ র্স | স নি স ঋ |

০ ১ + ৩
ম প নি র্ঋ | র্স র্ম র্ঋ র্প | র্ম র্ঋ র্স র্ঋ | র্স নি প ম |

০ ১ + ৩
ঋ স নি স | র্ঋ র্ঋ র্স নি | নি প ম ম | ঋ ম ঋ স ||

---

## গৌড়সারঙ্গ—তেতালা

( ৯ )

গ্রন্থকার

০ ১ + ৩ ০
স নি স গ | গ ঋ ম গ | প ম প | ম গ ম | ঋ গ ম |

১ + ৩ ০ ১
গ ম প | ধ নি ধ প | প ম প গ | ম গ প ম | ধ প

+ ৩ ০ ১
নি ধ | র্স নি ধ প | নি ধ প ম | ধ প ম প | ম গ ম |

+ ৩ S
ঋ ম গ | প ঋ ঋ স ||

০ ১ + ৩
ৠ র্স র্ঋ র্গ | — র্ঋ র্গ র্ঋ | র্স নি র্ঋ র্স | নি ধ র্স } |

০ ১ + ৩
র্স র্স র্স ধ | ধ ধ নি নি | ধ ধ ম গ | — গ ঋ স ||

---

বৃন্দাবনীসারঙ্গ—ঝাঁপতাল

( ৭ )

অনন্তলাল

০ ১ + ৩ ০ ১ S +
নি স | ঋ ম ঋ | ম ম | প ম প | নি প | ম ঋ | প ম |

৩ ০ ১ + ৩ ০
ঋ স স | নি ঋ | স নি স | প নি | স ঋ ঋ | ঋ ম |

১ + ৩
ঋ প প | নি প | ম ঋ স ||

+ ৩ ০ ১ + ৩
{ ম প | নি প নি | র্স র্ঋ | নি র্স | প নি | র্স র্ঋ র্ম |

০ ১ + ৩ ০ ১
র্ঋ ম | র্ঋ র্স } | র্স নি | র্ঋ র্স নি | র্স নি | প ম প |

+ ৩
নি প | ম ঋ স ||

---

## মুলতানী—তেতালা

( ১১ )

গ্রন্থকার

০ ১ + ৩ ০
প ম প নি | ধ প ম প | গ ঋ স | নি স গ ম | প নি |

১ + ৩ S
স গ | ঋ র্স নি র্স | ঋ র্স নি ধ ||

০ ১ + ৩ ০
প ম গ | গ ম প | নি র্স গ | - প ম গ | ঋ র্স নি র্স |

১ + ৩ ০ ১
ঋ র্স নি প | প ম গ | নি স গ ম | প নি র্স | গ ঋ র্স |

+ ৩ ০ ১ + ৩
প ম গ | ঋ র্স স | - গ ম | প নি | র্স র্স গ | ঋ র্স নি ধ ||

## পুরবী—তেতালা

( ১২ )

গ্রন্থকার

১ + ৩ ০
নি ঋ গ ম | প প | মপ নি ধ প | ম গ ম গ |

১ + ৩ ০ S
গ ম ধ ম | - গ ম গ | ঋ গ প ম | গ ঋ স |

১ + ৩ ০
{গ প ম | ধ প র্স | নি ঋ গ ঋ | র্স নি ধ প}

১ + ৩ ০
ম প ঋ নি | ধ প ম প | গ ম গ ঋ | গ ঋ স ||

o ১ + ৩ o

প ধ প সঁ | সঁ নি সঁ গঁ | ঋঁ মঁ গঁ | মঁ ঋঁ সঁ নি | নি ধ

১ + ৩ o

প ধ | ধ প ম প | ম গ ম ঋ | গ ম গ | প ম প |

১ + ৩ o

প ম প গ | ম ঋঁ সঁ নি | ধ প ম প | নি ধ নি সঁ |

১ + ৩

নি ধ প ম | প প ম গ | গ ম ঋ স ||

---

## ভীমপলশ্রী—তেতালা

( ১০ )

গুরু প্রসাদ মিশ্র

o ১ + ৩ S o

{ঋ নি স | গ ম | প প | ম গ ঋ স} | গ ম প গ |

১ + ৩

ম প নি নি | প ম প | ম গ ঋ স ||

o ১ + ৩ o

গ গ ম | প নি নি | স গ | ঋ স ম | গ ঋ স |

১ + ৩ o

গ গ ঋঁ সঁ | ঋঁ সঁ নি সঁ | নি ধ প | ম প ম গ |

১ + ৩

ম প | নি নি প | ম গ ঋ স ||

---

## মালশ্রী—তেতালা

( ১৪ )

গ্রন্থকার

০ ১ + ৩ S ০ ১
স নি নি স | গ স স গ | প ম প | ম গ স | গ প | স গ প |

+ ৩ ০ ১
ম প নি নি | প ম প নি | নি সঁ সঁ নি | ম প সঁ |

+ ৩ ০ ১ +
– নি প | ম ম প গ | প ম প নি | সঁ গঁ সঁ | সঁ নি প ম |

৩
প ম গ স ||

০ ১ + ৩ ০
গ প প ম | প নি প | নি সঁ গঁ | সঁ গঁ পঁ | মঁ পঁ প |

১ + ৩ ০ ১
ম প নি প | নি সঁ স | স গ গ প | প নি নি সঁ | সঁ ম প |

+ ৩ ০ ১ +
নি সঁ গঁ | সঁ নিঁ সঁ গঁ | গঁ সঁ নি প | নি নি প ম | গ সঁ নি |

৩
প ম গ স |

---

## শ্রী—তেতালা

( ১৫ )

গ্রন্থকার

১ + ৩ ০ ১
স নি স ঋ | গ ঋ ঋ | স নি স | ধ নি নি | স নি স ঋ |

+ ৩ ০ S
ঋ প ম | ধ ম গ | প ঋ ঋ স ||

## পুরিয়া—তেতালা

( ১৩ )

গ্রন্থকা

০ ১ + ৩ S ০

{নি ঋ গ নি | ঋ স নি ঋ | গ ঋ | গ ঋ স} নি ঋ নি ধ

১ + ৩

ম ধ স | গ ম নি ধ | ম গ ঋ গ ||

৩ ১ + ৩ ০

{ম ধ ম গ | ম ধ সঁ | সঁ সঁ নি | ঋঁ সঁ নি সঁ} | গঁ ঋঁ

১ + ৩

ঋঁ সঁ নি ধ | সঁ নি ধ ম | ম গ ঋ গ

উপজ*

\+ ৩

১। গম ধনি সঋ সনি | ধম গম গঋ সস |

\+ ৩

২। ঋনি ধনি ধম গম | নিনি ধম মগ ঋগ |

০ ১

৩। গঋ সঋ সনি সনি | ধনি ধম গম গঋ |

\+ ৩

গম ধনি সঋ গঁ | গ মধ মগ ঋগ |

* উপজের অর্থ উৎপন্ন অর্থাৎ যে রাগের সরগম অথবা গান গাইয়া অন্যান্য সেই রাগের পরিচায়ক বিস্তার করা হয়, তাহার নাম উপজ। উপজ ও তানের অর্থ একরূপ তবে শুধু সরগমে পৃথক বিস্তার ক অর্থাৎ তানের ন্যায় গাওয়াকে বিশেষ ভাবে সংজ্ঞা দেওয়া হয়।

## ছায়ানট—তেতালা

( ১৭ )

গ্রন্থকার

০ ১ + ৩ S
ধ ধ প ঋ | ঋ গ ম প | ম গ ম | ঋ স নি স |

০ ১ + ৩ ০
স ঋ স নি | স ধ প | ধ ঋ ঋ | ঋ গ ম ধ | প সঁ ধ প |

১ + ৩
প ঋ ঋ | গ ম ধ প | গ ম ঋ স ||

০ ১ + ৩ ০
প সঁ সঁ | সঁ নি সঁ সঁ | ঋঁ গঁ মঁ | ঋঁ সঁ নিঁ সঁ | ধ নি ঋঁ সঁ |

১ + ৩ ০
নি সঁ ধ প | ঋঁ ঋঁ সঁ নি | সঁ ধ ধ প | ঋ ঋ ঋ গ |

১ + ৩
গ ম ধ প | গ ম প গ | ম ঋ স |

উপজ

+ ৩
১। ঋগ মপ ধনি সঁঋঁ | সঁনি ধপ মগ ঋস |

+ ৩
২। ঋঁসঁ নিসঁ ধপ মগ | ঋগ মপ মগ ঋস |

০ ১
৩। ঋঁঋঁ ঋঁসঁ সঁসঁ নিনি | নিসঁ সঁসঁ ধধ ধপ |

+ ৩
পপ ঋঋ ঋগ গগ | মধ পগ মঋ সস |

১ + ৩ ০ ১

{প ম ধ | স স | স ঋ ঋ গ | ঋ ঋ স} | নি ঋ স নি |

+ ৩ ০

| ধ প ম প | স ঋ | ঋ গ ঋ স |

---

## ছায়ানট—তেতালা

( ১৬ )

গ্রন্থকার

০ ১ + ৩

স নি স ঋ | গ ঋ গ ম | প ঋ গ | – ম ধ প |

০ ১ + ৩

গ ম ঋ স | ম গ ম ঋ | স নি স ধ | নি প ঋ |

০ ১ + ৩ ০

ঋ গ ঋ গ | ম প প | গ ম ঋ স | – ধ ধ প | ঋ গ ঋ |

১ + ৩ S

গ ম ধ প | গ ম প গ | ম ঋ স ||

০ ১ + ৩ ০ ১

প প নি | ধ নি স | স ঋ গ | ম ঋ স | প ঋ | গ ম প গ |

+ ৩ ০ ১ +

– ম ঋ স | – স নি স | ধ ধ প | – ঋ গ | ম ঋ স নি |

৩ ০ ১ + ৩

স ধ ধ প | প ঋ গ | – ম ধ প | গ ম প গ | ম ঋ স ||

০ ১ + ৩

- গ ঋ | গ ম গ ম | ধ নি ধ নি | ঋ নি ধ নি |

০ ১ + ৩

ম ধ প ম | গ নি ধ | ম ধ নি ধ | প ম গ ঋ ||

০ ১ + ৩

{গ ম ধ নি | ধ নি স স | স স নি | ঋ স নি স |

০ ১ + ৩

নি ঋ গ গ | ঋ নি ঋ স | নি ধ নি ম | ধ নি ধ প} |

০ ১ + ৩

গ ঋ গ ঋ | স ঋ স নি | স নি ধ নি | ধ প ম প |

০ ১ + ৩

ধ নি স ঋ | স নি ধ প | ম ধ নি ধ | প ম গ ঋ ||

---

## ইমনকল্যাণ—ঝাঁপতাল

( ২০ )

অনন্তলাল

+ ৩ ০ ১ + ৩ ০

স | স নি ধ | ম ধ | নি ধ প | ম গ | প ঋ গ | ম গ |

১ + ৩ ০ ১ +

ঋ নি ঋ | স | ঋ নি ঋ | গ ঋ | গ ম গ | ম প |

৩ ০ ১ S

নি ধ প | ম গ | ঋ নি ঋ |

+ ৩ ০ ১ + ৩ ০

{গ গ | ম ধ স | নি ঋ | স স | নি ঋ | নি ঋ গ | ঋ গ |

## কল্যাণ—ঝাঁপতাল

( ১৮ )

শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়

{সা নি | ঋ নি ঋ | গা | ঋ গ ঋ | সা | ধ প | নি ধ |
সা স} | ঋ ঋ | স গ গ | প মা | ধ প গ | নি ধ | নি ম প |
ধ মা | প ঋ গ ||

{গ প | ধ প সা | সা নি | ঋা সা সা | সা নি | ঋা ঋা গা | গা ঋা |
নি ঋা সা} | সা ধ | নি ঋা নি | সা ধা | নি ধ প | ধ মা |
প ঋ গ ||

---

## ইমন—তেতালা

( ১৯ )

গ্রন্থকার

গা গ ঋ নি | ঋা স নি ঋা | গা ঋ গ | — মা গ মা |
মা প প মা | ধ ধ নি ধ | মা ধ নি ধ | প প মা গ |

## কেদারা—তেতালা

( ২২ )

গ্রন্থকার

০ ১ + ৩ S ০
{ম ম গ প | প ম ধ প | স স | নি ধ ম প } ধ প ম |

১ + ৩ ০
– ধ প প | ম গ ম স | নি ঋ স স | স ম ম গ |

১ + ৩
প প ম ধ | প সঁ নি ঋঁ | সঁ নি ধ প ||

০ ১ + ৩
প ম ধ প | – সঁ সঁ | সঁ নি ঋঁ সঁ | – সঁ নি সঁ |

০ ১ + ৩
সঁ মঁ গঁ মঁ | ঋঁ সঁ নি সঁ | নি ধ সঁ | নি ধ প ম |

৩ ১ + ৩
গ প ম ধ | প সঁ সঁ | ম গ প গ | ম ঋ স স ||

উপজ

\+ ৩
১। মপ ধনি সঁঋঁ সঁনি | ধপ মপ গম ঋস |

\+ ৩
২। মঁগঁ ঋঁসঁ নিঋঁ সঁনি | ধপ মপ গম ঋস |

০ ১
৩। সস সম মম গগ | গপ পপ মপ ধনি |

\+ ৩
ধপ মপ সঁ পম | ধপ মপ গম ঋস |

১ + ৩ ০ ১ +
ম্ গ ঋ | গ | ঋ নি ঋ | ধ নি | স ঋ স} | স |
৩ ০ ১ + ৩ ০
নি ঋ নি | ধ ম | ধ প ম | গ | নি ধ প | ম গ |
১
ঋ নি ঋ ||

## ভূপালী—তেতালা

( ২১ )

গ্রন্থকার

০ ১ + ৩ S ০
স ঋ ঋ গ | – প প ঋ | গ গ ঋ | স ধ স | স ঋ স গ |
১ + ৩ ০
গ ঋ গ গ | প গ প প | ধ প গ ঋ | গ প ধ স |
১ + ৩
স ধ প | ধ প প গ | প গ ঋ স ||
০ ১ + ৩ ০
গ গ প ধ | স স স | ধ স ধ ঋ | ঋ স স | স ঋ স ঋ |
১ + ৩ ০ ১
গ ঋ স | স ধ ঋ | স ধ প | ধ স স ধ | স স ধ প |
+ ৩
গ প গ ধ | প গ ঋ গ ||

১ + ৩ ০
প় নি় স ঋ | গ নি় ঋ স | ঋ প প ম | - গ ঋ গ |

১ + ৩ S ২
ম প ধ ম | গ ঋ প ম | - গ ঋ গ

০ ১ + ৩
{ম প নি র্স | র্ঋ নি র্স | র্ঋ র্গ র্ঋ র্প | র্ম র্গ র্ঋ র্স} |

০ ১ + ৩
নি র্স র্স | র্ঋ নি ধ প | প ধ প ধ | ম গ ঋ গ ||

উপজ

১। + মপ নির্স র্ঋগ র্ঋর্স | ৩ নিধ পম গঋ সস |

২। + পনি র্সর্ঋ র্সনি ধপ | ৩ পধ পধ মগ ঋগ |

৩। ০ নি়স ঋগ মপ ধপ | ১ মগ ঋপ মগ ঋস |

+ মপ নিপ নির্স র্ঋর্স | ৩ র্ঋনি ধপ মগ ঋস |

---

## সুরট—তেতালা

( ২৫ )

গ্রন্থকার

০ ১ + ৩ S
{প ধ ম প | - র্স নি র্স | র্ঋ নি ধ | প ম গ ঋ} |

০ ১ + ৩
- ম গ ঋ | স ঋ ম প | নি ধ নি | প ধ ম নি |

## হাম্বীর—তেতালা

( ২৩ )

গ্রন্থকার

০ ১ + ৩
স নি ঋ গ | ম গ ম প | নি ধ সঁ | সঁ নি ধ প |

০ ১ + ৩
ম ধ প ম | প গ ম ঋ | ঋ প ম প | গ ম ঋ স ||

০ ১ + ৩
গ ম নি ধ | – সঁ সঁ | ঋঁ পঁ গঁ মঁ | ঋঁ সঁ নি সঁ |

০ ১ + ৩
ধ নি ধ ঋঁ | সঁ নি ধ প | ঋ প ম প | গ ম ঋ স ||

উপজ

+ ৩
১। গম ধনি সঁঋঁ গঁঋঁ | সঁনি ধপ মগ ঋস |

+ ৩
২। গঁগঁ ঋঁসঁ নিধ পম | ধধ পপ গম ঋস |

০ ১
৩। নিধ নিধ সঁনি ঋঁসঁ | নিধ সঁনি ধপ মপ |

+ ৩
সঁনি ধসঁ নিধ পম | ধপ মপ গম ঋস |

---

## তিলককামোদ—তেতালা

( ২৪ )

গ্রন্থকার

০ ১ + ৩ ০ ।
{নি স ঋ | গ ম প ধ | ম গ | ঋ প ম গ} | – ঋ স নি |

১ + ৩ ০

প নি স ঋ | গ নি ঋ স | ঋ প প ম | – গ ঋ গ |

১ + ৩ S

ম প ধ ম | গ ঋ প ম | – গ ঋ গ

০ ১ + ৩

{ম প নি স | ঋ নি স | ঋ গ ঋ প | ম গ ঋ স} |

০ ১ + ৩

নি স স | ঋ নি ধ প | প ধ প ধ | ম গ ঋ গ ||

উপজ

১। মপ নিস ঋগ ঋস | নিধ পম গঋ সস |

২। পনি সঋ সনি ধপ | পধ পধ মগ ঋগ |

৩। নিস ঋগ মপ ধপ | মগ ঋপ মগ ঋস |

মপ নিপ নিস ঋস | ঋনি ধপ মগ ঋস |

---

## সুরট—তেতালা

( ২৫ )

গ্রন্থকার

০ ১ + ৩ S

{প ধ ম প | – স নি স | ঋ নি ধ | প ম গ ঋ} |

০ ১ + ৩

– ম গ ঋ | স ঋ ম প | নি ধ নি | প ধ ম নি |

## আড়ানা—তেতালা

( ৩০ )

গ্রন্থকার

০ ১ + ৩ S ০
ম প নি ম | প ঋ ম প | স নি | ধ নি প ম | প গ ম |

১ + ৩ ০
ঋ স নি স | ঋ স ঋ ম | গ ম ঋ ম | প ম প নি |

১ + ৩
ম প নি সঁ | ঋঁ ঋঁ সঁ নি | সঁ প নি প ||

০ ১ + ৩
{ম প নি প | নি নি সঁ | সঁ সঁ নি | ঋঁ সঁ নি সঁ |

০ ১ + ৩
ঋঁ মঁ গঁ মঁ | – ঋঁ ঋঁ সঁ | নি সঁ ঋঁ সঁ | নি ধ নি প}

০ ১ + ৩
ম প সঁ | নি প ম প | ঋঁ ঋঁ সঁ নি | সঁ প নি প ||

---

## মালকৌশ—তেতালা

( ৩১ )

গ্রন্থকার

০ ১ + ৩ S ০
{ম গ স | নি ধ নি স | ম ম | গ ম গ স} | নি স নি ধ |

১ + ৩
নি ধ ম ধ | নি স গ ম | ধ নি ধ ধ ||

## সম্ধুড়া—তেতালা

( ২৮ )

শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায

০ ১ + ৩

সা নি় সা ঋা | মা মা পা পা | র্সা র্সা র্ঋা | র্সা নি ধা পা |

০ ১ + ৩

মা ধা পা | মা গা- ঋা | ঋা ঋা পা পা | মা ঋা গা ঋা ||

+ ৩ ০ ১

{ মা পা নি নি | র্সা র্সা র্ঋা র্ঋা | র্মা র্গা- র্ঋা র্সা | র্ঋা নি ধা পা } |

+ ৩ ০ ১ +

র্সা নি র্সা র্ঋা | র্সা ধা নি ধা | পা মা ধা পা | মা গা ঋা | ঋা ঋা পা পা |

৩

মা ঋা গা ঋা |

---

## দরবারীকানড়া—তেতালা

( ২৯ )

গ্রন্থকার

০ ১ + ৩ ০

নি় ঋা সা নি় | সা ধ়া- নি় | সা সা | ঋা ঋা সা সা | ধ়া নি় সা ঋা |

১ + ৩ ০

– ঋা সা ঋা | মা গা মা ঋা | মা মা পা পা | মা পা নি ধা |

১ + ৩

– নি নি পা | মা পা নি গা | – মা ঋা সা |

০ ১ + ৩ ০

মা পা নি ধা | নি নি র্সা | র্সা- র্সা | র্ঋা র্ঋা র্সা | র্মা র্গা- র্মা র্ঋা |

১ + ৩ ০

– র্ঋা র্সা র্সা | র্ঋা নি র্সা নি | ধা নি নি পা | মা পা নি র্সা |

১ + ৩

র্ঋা র্ঋা | মা গা মা পা | গা মা ঋা সা ||

উপজ

১। গম ধনি সঋ গঋ | সনি ঋস নিধ মধ |

২। গঋ সঋ সনি সা | ধনি ধম ধনি সা |

৩। ধনি সঋ গঋ সনি | ধনি সঋ সনি সা |

সস গগ মধ নিস | ঋনি ধম গম ধনি |

সা ঋনি ধম | গম ধনি সা | ঋনি ধম গম ধনি |

"সা" ||

---

পরজ—তেতালা

( ৩৩ )

গ্রন্থকার

ধ ম গ | গ ম ধ নি | সা ঋ সা | নি ধ প | ধ ম গ |

গ ঋ স | স নি সা | গ গ ম ধ | নি স ঋ | স ম ধ |

ন সা | ঋ নি ধ | নি ধ সা | সা গ ঋ | স স ঋ | নি ধ প ||

স ম ধ নি | – স ঋ ঋ | স নি সা | গ ম ম | গ ঋ সা |

{গ্ম ম ম ধ্ব | ধ্ব নি নি সঁ | ধ্ব নি স মঁ | গ্ম ম গ্ম সঁ} |

ম্ম মঁ | গ ম ধ্ব নি | সঁ নি ধ্ব সঁ | নি ধ্ব ম ধ্ব ||

উপজ

১। গম ধ্বনি সগ্ম সানি | ধ্বসঁ নিধ্ব মগ মধ্ব |

২। ধ্বনি সগ মধ্ব নিসঁ | গ্মস নিস নিধ্ব মধ্ব |

---

বসন্ত—তেতালা

( ৩২ )

গ্রন্থকার

{ঋঁ নি ধ্ব ম | গ মঁ ধ্ব নি | সঁ নি ঋঁ | নি ধ্ব ম গ} |

ম নি ধ্ব গ | ম গ ঋ স | স ম গ ঋ | ম গ ম ধ্ব |

নি ধ্ব মঁ | – ম গ ম | ধ্ব নি সঁ ঋঁ | সঁ নি ধ্ব নি ||

{ম ধ্ব মঁ ধ্ব | – নি সঁ সঁ | – ঋঁ নি ধ্ব | মঁ ধ্ব নি সঁ} |

মঁ গঁ ঋঁ সঁ | গঁ ঋঁ সঁ নি | ধ্ব নি সঁ | সঁ ম গ | ম ধ্ব নি |

নি ধ্ব নি সঁ | ধ্ব নি সঁ ঋঁ | সঁ নি ধ্ব নি ||

১ + ৩ ০ ১
স নি ধ | ম ধ স | গ ম ধ | সঁ গঁ সঁ | নি ধ ম ধ |

+ ৩
নি ধ গ | ম গ স ||

+ ৩ ০ ১ +
ম ধ ম ধ | নি ধ গ | ম ধ সঁ | গঁ সঁ গঁ | মঁ গঁ সঁ |

৩ ০ ১ + ৩
নি ধ ম ধ | ধ নি স | গ ম ধ | নি ধ গ | ম গ স ||

উপজ

+ ৩
১। ধনি সগ মধ নিসঁ | নিধ সঁনি ধর্ম গস |

+ ৩
২। গর্ম ধনি সঁধ নিসঁ | ধসঁ সঁনি ধর্ম গস |

+ ৩
৩। গঁসঁ নিসঁ নিধ নিধ | মধ মগ মগ সনি |

০ ১
সগ মধ নিসঁ সগ | মধ নিসঁ সগ মধ |

+
"নি ধ ম" |

+ ৩
৪। সস সগ গগ মর্ম | মধ ধধ নিনি সঁসঁ |

০ ১
ধনি সঁগঁ সঁনি ধনি | সঁনি ধর্ম নিধ মগ |

+ ৩
গর্ম ধনি সঁ গর্ম | ধনি সঁ গর্ম ধনি |

১ + ৩ ০ ১

নি স ঋ | — স নি ঋ | নি ধ প | ম ধ | ম গ ম |

\+ ৩ ০ ১ + ৩

গ ঋ স | গ ঋ স | — ম ধ | — নি স | নি ঋ নি | — ধ প ||

## বেহাগ—তেতালা

( ৩৪ )

অনন্তলাল

০ ১ S + ৩

{নি স স গ | ম প নি নি | সা স | নি প ম প} |

০ ১ + ৩

গ ম প ম | গ ঋ স | নি স নি প | নি ধ স নি |

০ ১ + ৩

স স গ ম | প গ ম গ | গ প ম গ | — ঋ স ||

\+ ৩ ০ ১

{গ ম প নি | নি স স স | নি স গ গ | ঋ স নি নি} |

\+ ৩ ০ ১

প নি ধ স | নি প প ম | প গ ম গ | গ ম প নি |

\+ ৩

প ম প ম | গ ঋ স ||

## হিণ্ডোল—তেতালা

( ৩৫ )

ন্যামত খাঁ

০ ১ S + ৩ ০

গ গ স গ | গ ম ম ধ | নি ধ ম | গ ম গ | — স গ |

স নি ধ প | — ধ | ঋ স- স | নি স- নি ধ | স নি ধ প |
(১) তা রা সু ভ গা শু স্ত ঘা তি নী
(২) শ্ব রী জ য় ম হি ষ ম র্দ্দি নী

০ ১ + ৩ ০
ধপ ম প ম | গ ম- প | ম গ | মপ মগ ম গ | ঋ- স ||
(১) "জ গ ন্না থ স্ব রূ পি নী"
(২) "জ গ ন্না থ স্ব রূ পি নী"

## বহার—তেওরা ( দ্রুতগতি )

( ১৬ )

ধন্য নরেশ সুধীন্দ্রজনগণ মৌলিমণি মনোমোহন,
কর সকল সুধীজন পালন হর সব মানব মনো দুঃখ ভার হে।
বসুধা ভরিয়া তব যশ-শশধর বিথারে জ্যোতি সুন্দর,
হে নরবর নরেন্দ্রলাল নাম সুপরচার হে।
তুমি সকল-দুঃখ-ভঞ্জন সুজন-রঞ্জন-ধন
নারাজোল-রাজকুল সমুজ্জল রবি বিবিধ গুণাধার হে।
ধর ভূপ-প্রবর ধর সাদর তব করে সমর্পিত
সঙ্গীত-সুর-দ্রুম-সুন্দর মঞ্জু-নধর-মঞ্জরী-উপহার হে॥

গ্রন্থকার *

\+ ২ ৩ + ২ ৩
ধনি র্সা নি | র্সা- র্সা- | র্ঋা র্সা- | নি^ ধ ধ | নি^ ধনি^ | প ম |
ধ ন্য ন রে শ সু ধী ন্দ্র জ ন গ ণ

\+ ২ ৩ + ২ ৩ +
মম প প | ম প | মগ^ মগ | ম ধ প | ধ | ধ নি | নি র্সা- র্সা- |
মৌ লি ম ণি ম নো মো হ ন ক র স ক ল

২ ৩ + ২ ৩ + ২
র্সা র্সা | র্ঋা র্সা | নি র্সা র্সা | নি^ নি^ | ধ ধ | ধ ধ নি^- | প প |
সু ধী জ ন পা ল ন হ র স ব মা ন ব ম নো

৩ + ২ ৩
মগ^ ম | প র্সা নি | নি র্সা | নি^ ধ ||
দু খ ভা র হে

* বিবিধ গুণাক্কৃত সঙ্গীতজ্ঞ স্বর্গীয় রাজা নরেন্দ্রলাল খাঁন বহাদুরকে এই গ্রন্থ উপহার প্রদত্ত কারণ এই গান রচিত।

(১) প্র ফু ল্লি ত হ রি গু ণ গা
(২) পু ন পু ন স বে উ চ্চা রি

৩ ০
মপ ধনি সনি ধপ | মগ ঋস নিস ||

(১) বে
(২) বে

১ম তান

\+ ৩ ০
ঋম পধ নিসং | ঋগং ঋসং নিধ পম | ধপ মগ ঋস |

আ

২য় তান

\+ ৩ ০
পধ সঋ গঋ | সনি ধপ মপ সঃ | ধপ মগ ঋস |

আ

৩ + ২ ৩ + ২ ৩

নি নি | নি সঁ সঁ | সঁ সঁ | সঁ সঁ | সঁঋঁ নি | সঁ সঁ | সঁ নি |

ধ র ভূ প প্র ব র ধ র সা দ র ত ব ক

+ ২ ৩ + ২ ৩ +

সঁ ঋঁ সঁ | ঋঁ গঁ | ঋঁ সঁ | নি ঋঁ সঁ | নি ধ | ধ নি | সঁ মঁ গঁ |

রে স ম র্পি ত স ঙ্গী ত সু র ক্র ম

২ ৩ + ২ ৩ + ২

গঁ | গঁ গঁ | গঁ গঁ মঁ ঋঁ | ঋঁ | সঁ সঁ | নিসঁ ঋঁ সঁ | নি ধ |

সু ন্দ ব ম ঞ্জ ন ধ র ম ঞ্জ রী

৩ + ২ ৩

ধ নি | প সঁ নি | নি সঁ | নি - ধ ||

উ প হা ব হে

\+ ২ ৩ + ২ ৩
{নি নি নি | নি নি | নিনি র্স | র্স র্স র্স | র্স র্স | র্স নি |
ব সু ধা ভ রি য়া ত ব য শ শ শ ধ

\+ ২ ৩ + ২ ৩
র্সর্স র্ঋ র্স | র্ঋ র্গ | র্ঋর্স নি | র্সর্স র্ঋ র্স | নি ধ | ধ নি} |
র বি থা রে জ্যো তি সু ন্দ র

\+ ২ ৩ + ২ ৩
র্স র্ম র্গ | র্গ র্গ | র্গ র্গ | র্গর্গ র্ম র্ঋ | র্ঋ | র্স |
হে ন র ব র ন রে ন্দ্র লা ল

\+ ২ ৩ + ২ ৩
নির্স র্ঋ র্স | নি ধ | ধ নি | প র্স নি | নি র্স | নি ধ ||
না ম সু পর চা র হে

\+ ২ ৩ + ২ ৩ + ২
স স স | ম ম | ম ম | ম ম | ম ম | ম ম | মম প ম | প |
তু মি স ক ল দু খ ভ ঞ্জ ন সু জ ন র ঞ্জ ন

৩ + ২ ৩ + ২ ৩
মগ মগ | ম ধ প | ধ | – নি | নিনি র্স নি | র্স র্স | র্স |
ধ ন না রা জো ল রা জ কু ল স

\+ ২ ৩ + ২ ৩
নি ধ ধ | নি নি | প প | ম গ গ | গ গ | গম প |
মু জ্জ ল র বি বি বি ধ গু ণা

\+ ২
গম ঋ ঋ | স ||
ধা র হে

# পরিশিষ্ট

## বাদী সংবাদী সম্বন্ধে বিচার

"স্বামিবদ্বদনাদ্বাদী স রাগপ্রতিপাদকঃ।
বাদিনা সহ সংবাদাৎ সংবাদী মন্ত্রিতুল্যকঃ॥
মুখে তস্যানুবদনাদনুবাদী চ ভৃত্যবৎ।
তথা বিবাদাত্তেনৈব বিবাদী বৈরীবদ্ভবেৎ॥" সঙ্গীতরত্নাবলী

ভাবার্থ—বাদী স্বর রাজার ন্যায়, সংবাদী মন্ত্রীর ন্যায়, অনুবাদী ভৃত্যের ন্যায় এবং বিবাদী স্বর শত্রুবৎ। রাগের মধ্যে যে স্বরটি প্রধান তাহাকে বাদী বলে, বাদীর সহগামী যে স্বর তাহাকে সংবাদী বলে, বাকী স্বরসকল অনুবাদী নামে অভিহিত এবং বিবাদী স্বর স্থান বিশেষে ব্যবহার হয় কিন্তু উহা শত্রুতুল্য।

চতুর্বিধাঃ স্বরা বাদী সংবাদী চ বিবাদ্যপি।
অনুবাদী চ বাদী তু প্রয়োগে বহুলঃ স্বরঃ॥
শ্রুতয়ো দ্বাদশাষ্টৌ বা যয়োরন্তরগোচরাঃ।
মিথঃ সংবাদিনৌ তৌ স্তো নিগাবন্যবিবাদিনৌ॥
রিধয়োরেব বা স্যাতাং তৌ তয়োর্বা রিধাবপি
শেষাণামনুবাদিত্বং বাদী রাজাঽত্র গীয়তে॥
সংবাদী ত্বনুসারিত্বাদস্যামাত্যোঽভিধীয়তে।
বিবাদী বিপরীতত্বাৎ সর্ব্বৈরুক্তো রিপূপমঃ॥
নৃপামাত্যানুসারিত্বানুদবাদী তু ভৃত্যবৎ॥ সঙ্গীতরত্নাকর

ভাবার্থ—বাদী, সংবাদী, বিবাদী ও অনুবাদী—স্বর সাধারণতঃ এই চারি প্রকার। ইহাদিগের মধ্যে কিন্তু বাদীরই প্রয়োগ অধিক, যে দুই স্বরের মধ্যে বারটী বা আটটী শ্রুতি বিদ্যমান, তাহারা পরস্পর সংবাদী। অপর দুইটী নি ও গ বিবাদী। রি ও ধ তদ্রূপ নিঃসন্দেহ বিবাদী হইবে। বাকী স্বরগুলি অনুবাদী। বাদী এখানে নৃপতি-রূপে উক্ত। সংবাদী অমাত্য অর্থাৎ রাজ-মন্ত্রী। বিবাদী রিপু সম অর্থাৎ শত্রু। অনুবাদী ভৃত্য অর্থাৎ দাস।

"প্রয়োগো বহুধা যস্ত বাদিনস্তং স্বরং জগুঃ।
রাজত্বমপি তস্যোক্তং মুনয়ঃ সংগিরন্তি হি॥

দিয়াছেন। গ্রন্থকারগণ এইরূপে কোন নির্দ্দিষ্ট সিদ্ধান্তে উপনীত না হওয়ায় শিক্ষার্থীগণের নিকট ইহা কখনও বোধগম্য হয় নাই। বিভিন্ন গ্রন্থকারগণ বিভিন্ন মত অবলম্বন করেন এবং গায়কগণও কোনও বিচার না করিয়া নিজ নিজ মত বজায় রাখেন। আমার প্রণীত 'সঙ্গীত-চন্দ্রিকা' গ্রন্থে বাদী সংবাদী সম্বন্ধে যে মত প্রকাশ করিয়াছিলাম, এই গ্রন্থের পরিশিষ্টে তাহা পরিবর্ত্তন করিয়া লিখিলাম এবং আমার সম্পূর্ণ বিশ্বাস এই মত সর্ব্ববাদী সম্মত হইবে। মদীয় অগ্রজ মহোদয়েরও এ বিষয়ে মীমাংসা করিবার ইচ্ছা ছিল, এবং যেরূপ ভাবে ইহার বিচার ও আলোচনা প্রয়োজন তাহা আমাকে উপদেশ দিয়াছিলেন। এই আলোচনা প্রসঙ্গে শ্রেষ্ঠ শাস্ত্রকারগণের মতামত উদ্ধৃত হইল।

কেহ কেহ 'কোমল' স্বর বাদী সংবাদীর মধ্যে ধর্ত্তব্য নহে বলিয়াছেন এবং 'নি' স্বর সম্বন্ধেও ঐ মত পোষণ করিয়াছেন, কিন্তু তাহা ঠিক নয়। সঙ্গীত-রত্নাবলী প্রণেতা বলিয়াছেন বাদী স্বর রাজা, সংবাদী মন্ত্রী, অনুবাদী ভৃত্য এবং বিবাদী শত্রু। ইহাতে কোন্ স্বর বাদী এবং তাহার সংবাদী কোন্ স্বর, তাহার কিছু উল্লেখ করেন নাই। সঙ্গীত-রত্নাকর-প্রণেতা লিখিয়াছেন যে স্বরের মধ্যে বারটি অথবা আটটি শ্রুতি বিদ্যমান, তাহারা পরস্পর সংবাদী। সঙ্গীতপারিজাত-প্রণেতা, সঙ্গীতরত্নাকরের মতানুযায়ীই লিখিয়াছেন। তাঁহাদের মতে বার বা আট শ্রুতি যাহাদের অন্তর্গত তাহারা পরস্পর সংবাদী। অর্থাৎ স—প ইহার মধ্যে বার শ্রুতি আছে এবং প—স ইহার মধ্যে আট শ্রুতি আছে। সুতরাং বাদী সংবাদীর অর্থ, যে কোন স্বর বাদী হউক তাহার পঞ্চম অথবা চতুর্থ স্বর তাহার সংবাদী হইবে। যেমন স—প, 'স' হইতে 'প' পঞ্চমস্থানীয় অর্থাৎ ইহা বার শ্রুতির ব্যবধান; আবার 'প' হইতে তদূর্দ্ধগত 'স', চতুর্থস্থানীয়, ইহা ৮ শ্রুতির ব্যবধান। 'স' হইতে 'প'এর শ্রুতি গণনা করিলে চৌদ্দ হয় এবং 'প' হইতে তদূর্দ্ধ 'স' দশ শ্রুতি হয়, কিন্তু প্রথম শ্রুতি ও শেষ শ্রুতি গণনা না করিয়া কেবলমাত্র অন্তর্গত শ্রুতি যদি ধরা হয়, তবে বার শ্রুতি ও আট শ্রুতি বলিতে হইবে। রত্নাকর ও পারিজাত এই মতেরই পক্ষপাতী। কিন্তু সঙ্গীতদামোদরপ্রণেতা প্রথম হইতে শেষ পর্য্যন্ত গণনা করিয়া চৌদ্দ ও দশ শ্রুতি ধরিয়াছেন। 'চতুর্দ্দশঃ শ্রুতীনাং যো' ইত্যাকার শ্লোকে চৌদ্দ ও দশ ধরা হইয়াছে। যাহা হউক ইহার অর্থ একই দাঁড়ায়। এই দুইটি শ্লোকের অর্থানুযায়ী শ্রুতি বিভাগ নিম্নে প্রদত্ত হইল, ইহাতে শিক্ষার্থীগণ সহজে বুঝিতে পারিবেন।

শ্রুতিবিভাগ :—

| স | ০ | ০ | ০ | ঋ | ০ | ০ | গ | ০ | ম | ০ | ০ | ০ | প | ০ | ০ | ০ | ধ | ০ | ০ | নি | ০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ |

এই বাইশটি শ্রুতির মধ্যে 'স' এর শ্রুতি এবং প এর শ্রুতি বাদ দিয়া গণনা করিলে ১২ শ্রুতির ব্যবধান এবং 'প' হইতে তদূর্দ্ধ 'স' গণনা করিলে ৮ শ্রুতির ব্যবধান হয়, আবার প্রথম শ্রুতি ও শেষ শ্রুতি ধরিলে সংখ্যাতে যথাক্রমে ১৪ ও ১০ হয়।

শ্রুতয়োঽষ্টৌ দ্বাদশ বা যয়োরন্তরগোচরাঃ।
মিথঃ সংবাদিনৌ তৌ স্তঃ সপৌ স্যাতাং পসৌ তথা॥
তস্যামাত্যস্তু সংবাদী বাদিনো রাজসংজ্ঞিনঃ।
ভৃত্যতুল্যোঽনুবাদী স্যাদ্ বিবাদী শত্রুবত্তবেৎ॥ সঙ্গীতপারিজাত

ভাবার্থ—মুনিগণ বলেন, যাহার বহু প্রকার প্রয়োগ হয়, তাহাই বাদী এবং রাজত্ব তাহারই। আট বা দ্বাদশ শ্রুতি যাহাদের অন্তর্গত তাহারা পরস্পর সংবাদী। উহা যেমন স-প, তেমনই প-স হইতে পারে। রাজানামধারী বাদীর অমাত্য হইতেছে সংবাদী অনুবাদী ভৃত্যের ন্যায় আর বিবাদী শত্রুতুল্য।

"চতুর্দ্দশঃ শ্রুতীনাং যো দশমোঽপ্যুচ্যতে পুনঃ।
বাদী বুধৈরসংশয়ং সংবাদী চ তথা মতঃ॥
অন্যেঽন্যে বাদিনঃ সর্ব্বে ত্যাজ্যো বর্জ্জ্যস্বরো ভবেৎ।
আরোহে বর্জ্জিতঃ স্বরো বিবাদ্যবরোহে কচিৎ॥" সঙ্গীতদামোদর

ভাবার্থ—শ্রুতিসমূহের চতুর্দ্দশ স্বর এবং পুনরায় দশম স্বরকেও পণ্ডিতেরা নিঃসংশয়ে বাদী বলেন এবং উহাদিগকে সংবাদী বলিয়াও মনে করা হয়। অন্য সকলে অনুবাদী। বর্জ্জনীয় স্বর ত্যাগ করিতে হইবে। কোন কোন রাগের আরোহণে কখন কখন যে স্বর বর্জ্জিত হয়, অবরোহণে রাগবিশেষে সেই স্বর বিবাদী বলিয়া খ্যাত।

"যোঽসৌ ষড়্জঃ স বাদী স্যাৎ সংবাদী পঞ্চমস্তথা।
ঋষভোঽপি তথা বাদী সংবাদী ধৈবতো মতঃ॥
গান্ধারশ্চ ভবেদ্বাদী সংবাদী স্যান্নিষাদোঽপি।
মধ্যমোঽসৌ ভবেদ্বাদী সংবাদী চ তদূর্দ্ধগঃ॥" সঙ্গীতদামোদর

ভাবার্থ—যে স্বর ষড়জ নামে উক্ত উহা বাদী এবং পঞ্চম সংবাদী। তদ্রূপ ঋষভ বাদী, ধৈবত সংবাদী এবং গান্ধার বাদী ও নিষাদ সংবাদী। যে স্বর মধ্যম উহাও বাদী এবং তাহার ঊর্দ্ধগত ষড়্জ স্বর সংবাদী।

বাদী সংবাদী ইত্যাদি সম্বন্ধেও নানাপ্রকার মতভেদ দৃষ্ট হয়। শাস্ত্রোক্ত মত এবং প্রচলিত মতের মধ্যে কোন্‌টী ঠিক, এ বিষয়ের মীমাংসা করিবার জন্য অনেকে আমাকে অনুরোধ করেন। সঙ্গীতসম্বন্ধীয় পুরাতন গ্রন্থসমূহ পুনরায় দেখিয়া এ বিষয়ে যথার্থ বিচার করিয়া আমার মতামত লিখিলাম। আধুনিক গ্রন্থকারগণ বাদী সংবাদী সম্বন্ধে আলোচনা করিতে গিয়া কেহ শাস্ত্রের মত ও প্রচলিত মত দুই রাখিয়াছেন, কেহ শাস্ত্রের মতকে ভুল বলিয়া তাহার অস্তিত্ব স্বীকার করেন নাই, আবার কেহ কেহ পুরাতন শ্লোকের প্রকৃত অর্থ বুঝিতে না পারিয়া ভুল ব্যাখ্যা

'স' এর সংবাদী — ম ও প
ঋ „ „ — প „ ধ
গ „ „ -- ধ „ নি
ম „ „ — নি „ স
প „ „ — স „ ঋ
ধ „ „ — ঋ „ গ
নি „ „ — গ „ ম

আট শ্রুতি মধ্যস্থিত যথা :—স-ম, ঋ-প, গ-ধ, ম-নি প-স, ইহার মধ্যে 'ম-নি' উক্ত 'নি' হিসাব মত কড়ি-ম হয়, স্থতরাং উক্ত 'নি' কোমল করিলে স্বাভাবিক 'ম' হইবে। 'সপ্তস্বরের বাদী সংবাদী একত্রে বুঝাইবার জন্য ইহা পুনরায় দেওয়া হইল। কড়ি ও কোমল স্বরের ক্ষেত্রে বাদী সংবাদীর নিয়ম, স-ম, স-প সম্বন্ধের অনুরূপ, যথা :— কোমল 'গ' বাদী হইলে কোমল 'ধ' সংবাদী হইবে অথবা কোলল 'ঋ' বাদী হইলে কোমল 'ধ' সংবাদী হইবে ইত্যাদি। বাদী, সংবাদী সম্বন্ধে যে বিস্তারিত আলোচনা করা গেল, তাহা শিক্ষার্থীগণ অতি সহজেই বুঝিতে পারিবেন। এক্ষণে 'বিবাদী' স্বরের বিষয় স্থির করা প্রয়োজন হইয়াছে। ইহারও প্রকৃত অর্থ বুঝিতে না পারিয়া অনেকেই 'বিবাদী' অর্থে বর্জ্জিত বলিয়াছেন। কিন্তু দুইটীর বিভিন্ন অর্থ আছে। বর্জ্জিত অর্থে যাহাকে একেবারে পরিত্যাগ করা হইয়াছে কিন্তু বিবাদীর অর্থ যাহা বাদীর বিরুদ্ধ। অতএব রাগরাগিণীর মধ্যে তাহার অস্তিত্ব নাই একথা বলা ভুল। যেমন দেহের মধ্যে কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য্য এই ছয়টি রিপু বর্ত্তমান, শত্রু হইলেও ইহারা দেহের মধ্যে আছে সেইরূপ বিবাদী স্বর শত্রু হইলেও স্থানবিশেষে রাগরাগিণীর মধ্যে প্রকাশিত হয়। শত্রুর আক্রমণ হইতে দেশকে বিমুক্ত করিয়া, রাজা যেমন নিজের পদ অক্ষুন্ন ও মর্য্যাদা রক্ষা করেন, সেইরূপ বিবাদী স্বরের আক্রমণ হইতে রক্ষা করিয়া, 'রাগ' তাহার সৌন্দর্য্য আরো বৃদ্ধি করে। কাজেই বিবাদী স্বর বর্জ্জিত বলা যাইতে পারে না, রাগরাগিণীর স্থানবিশেষে, তাহার অস্তিত্ব আছে। অর্থাৎ ঋ গ ধ ও নি অবরোহণে যাহা অল্পস্থায়ী তাহা বিবাদী স্বর। সকল রাগে ঐ স্থানে বিবাদী হইবে তাহা নহে অর্থাৎ অতি কম ব্যবহৃত স্বর বিবাদী।

যথা—আরোহণে স গ ম প নি অবরোহণে নি ধ প ম গ ঋ স
„ স ঋ ম প নি „ নি ধ প ম গ ঋ স

প্রথম উদাহরণ অনুযায়ী অবরোহণে ব্যবহৃত 'ধ' ও 'ঋ' স্বর বিবাদী এবং দ্বিতীয় উদাহরণ অনুযায়ী অবরোহণে ব্যবহৃত 'গ' স্বর বিবাদী ইত্যাদি।

রাগরাগিণীর জাতি ভেদ যথা :—শুদ্ধ-সম্পূর্ণ, শুদ্ধ-খাড়ব, ও শুদ্ধ-ঔড়ব ইহাদিগকে চলিত কথায় সম্পূর্ণ-সম্পূর্ণ খাড়ব-খাড়ব ও ঔড়ব-ঔড়ব বলে। আরোহণে অবরোহণে সমস্ত স্বর সমান ব্যবহার হইলে তাহা শুদ্ধ-সম্পূর্ণ, একটি স্বর বাদ হইলে শুদ্ধ-

ইহা ১২ শ্রুতির ব্যবধান — ইহা ৮ শ্রুতির ব্যবধান

স ১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১ ১২ প — প ১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ স

যদি ১৪ ও ১০ সংখ্যা ধরা হয় তবে এইরূপ হইবে যথা :—

স ... প — প ... স

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১ ১২ ১৩ ১৪ — ১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০

সাত সুরের বাদী সংবাদী নিম্নে দেওয়া হইতেছে। ইহাতেই সমস্ত বুঝিতে পারা যাইবে অর্থাৎ সাত সুরে ঠিক থাকিলে তদনুযায়ী রাগরাগিণীতেও হইবে "যোঽসৌ ষড়জঃ সবাদী স্যাৎ" ইত্যাকার শ্লোকের অর্থানুযায়ী :—

'স' বাদী 'প' সংবাদী, 'ঋ' বাদী 'ধ' সংবাদী,
'গ' বাদী 'নি' সংবাদী, 'ম' বাদী 'স' সংবাদী,
ইহা বার শ্রুতির ব্যবধান অথবা চৌদ্দ শ্রুতি সংখ্যা।
'স' বাদী 'ম'—সংবাদী 'ঋ' বাদী 'প সংবাদী
'গ' বাদী 'ধ'— সংবাদী 'প' বাদী 'স' সংবাদী।
ইহা আট শ্রুতির ব্যবধান অথবা দশ শ্রুতি সংখ্যা।

স ঋ গ ম এই চারি সুরের যে প্রকার অন্তর, প ধ নি স ইহারও অন্তর তদ্রূপ;

অর্থাৎ স ঋ গ ম ও প ধ নি স ইহা দুই ভাগে বিভক্ত। স ঋ গ ম ইহা প্রথম-অঙ্গ এবং প ধ নি স ইহা দ্বিতীয়-অঙ্গ প্রথম অঙ্গের যে কোন সুর বাদী হইবে তাহাকে পূর্ব্বাঙ্গ রাগ বলে এবং দ্বিতীয় অঙ্গের সুর বাদী হইলে তাহাকে উত্তরাঙ্গ রাগ বলে। প্রথমাঙ্গের সুর বাদী হইলে দ্বিতীয়াঙ্গের সুর সংবাদী অথবা দ্বিতীয়াঙ্গের সুর বাদী হইলে প্রথমাঙ্গ সংবাদী হইবে। এ সম্বন্ধে আধুনিক গ্রন্থকার সমস্ত ভুল লিখিয়াছেন। অর্থাৎ স ঋ গ ও প ধ নি ইহা দুই ভাগ করিয়াছেন কিন্তু 'ম' সুর কি বাদী সংবাদী হয় না? ইহা না জানিয়া প্রকাশ করা অজ্ঞতার পরিচয় দেওয়া মাত্র।

'স' সুর বাদী হইলে 'প' সংবাদী এবং 'প' সুর বাদী হইলে 'স' সুর সংবাদী অথবা 'ম' কে বাদী করিলে 'স' সংবাদী হইবে। 'স' সুরের সহিত পঞ্চমের অধিক মিল থাকায় স প বাদী সংবাদীর কারণ।

| বার শ্রুতি মধ্যস্থিত। | | | | আটশ্রুতি মধ্যস্থিত | | | |
|---|---|---|---|---|---|---|---|
| আরোহণে | | অবরোহণে | | আরোহণে | | অবরোহণে | |
| স | প | প | স | স | ম | ম | স |
| ঋ | ধ | ধ | ঋ | ঋ | প | প | ঋ |
| গ | নি | নি | গ | গ | ধ | ধ | গ |
| ম | স | স | ম | ম | নি | নি | ম |
| | | | | প | স | স | প |

তখনই এ বিষয় আলোচনা ও চিন্তা করা প্রয়োজন। অনেকের ধারণা লক্ষণ গীত শিক্ষা করিলে বাদী-সংবাদী সম্বন্ধে জ্ঞান জন্মে, কিন্তু ইহা সম্পূর্ণ ভুল। লক্ষণ গীতের অর্থ, যে কোন রাগ-রাগিণীর রূপ বর্ণন করা। সঙ্গীতের বাদী সংবাদী সম্বন্ধে সকলের এক মত নাই, বিভিন্ন সঙ্গীতসমাজ বিভিন্ন মতের পোষকতা করেন। আমার মতানুযায়ী লক্ষণ গীত শিখাইলে শিক্ষার্থীদের মনে যে ধারণা হইবে, তাহা অন্য কোন শিক্ষকের নিকট শিক্ষা করিতে হইলে, পরিবর্ত্তন করা প্রয়োজন হইবে না, তাহার কোন নিশ্চয়তা নাই। যেমন হিণ্ডোলে কেহ 'ধ' বাদী 'গ' সংবাদী বলেন; আবার কেহ 'গ' বাদী 'ধ' সংবাদী বলেন। শ্রীরাগে কেহ প-বাদী, কোমল ঋ সংবাদী বলেন, আবার কেহ প-বাদী 'স' সংবাদী, কিংবা কোমল 'ধ' বাদী কোমল 'ঋ' সংবাদী বলেন। অতএব মনগড়া লক্ষণ গীত বচনা করিলে কোনই উদ্দেশ্য সাধিত হয় না। এই গ্রন্থে বাদী, সংবাদী, বিবাদী সম্বন্ধে যে আলোচনা করা হইল, ইহা সঙ্গীতানুশীলনকারীগণের উপকারে আসিলে শ্রম সার্থক জ্ঞান করিব।

---

খাড়ব এবং ছুইটি সুর বাদ হইলে শুদ্ধ-ঔড়ব খ্যাত। এই তিন প্রকার জাতিকে শুদ্ধ জাতি বলে এবং খাড়ব-সম্পূর্ণ, ঔড়ব-সম্পূর্ণ, ঔড়ব-খাড়ব ইত্যাদিকে মিশ্র জাতি বলে এবং সম্পূর্ণ খাড়ব ও ঔড়ব মিশ্রিণকে মিশ্রসম্পূর্ণ বলে যথা—শুদ্ধ, সালঙ্ক ও সঙ্কীর্ণ এই তিন শ্রেণীতে ভাগ করা হয়। যেমন শুদ্ধ-সম্পূর্ণ শুদ্ধ শ্রেণীভুক্ত খাড়ব-সম্পূর্ণ ঔড়বসম্পূর্ণ ইত্যাদি সালঙ্কশ্রেণীভুক্ত এবং ঔড়ব খাড়ব ও সম্পূর্ণ এই রূপ তিনের মিশ্রণকে মিশ্রসম্পূর্ণ বলে। যথা :—

শুদ্ধ সম্পূর্ণ— স ঋ গ ম প ধ নি স, স নি ধ প ম গ ঋ স।

শুদ্ধ খাড়ব—স ঋ গ প ধ নি স, স নি ধ প গ ঋ স।

শুদ্ধ ঔড়ব—স ঋ ম প নি স, স নি প ম ঋ স।

খাড়ব-সম্পূর্ণ—স ঋ ম প ধ নি স, স নি ধ প ম গ ঋ স।

ঔড়ব-সম্পূর্ণ—স গ ম প নি স, স নি ধ প ম গ ঋ স।

ঔড়ব-খাড়ব—স ঋ গ প ধ স, স নি ধ প গ ঋ স।

মিশ্রসম্পূর্ণ স গ ম প ঋ গ ম প ধ নি স, স নি ধ প নি প ম গ স।

ছায়ানট, ভৈরব, ভৈরবী ইত্যাদি শুদ্ধ সম্পূর্ণ।

দেশকার, পূরিয়া, মারবা ইত্যাদি শুদ্ধ-খাড়ব।

বৃন্দাবনীসারঙ্গ, ভূপালী, সামান্ত ইত্যাদি শুদ্ধ ঔড়ব।

খাম্বাজ, ধুরিয়া-মল্লার ইত্যাদি খাড়ব-সম্পূর্ণ।

বেহাগ, মূলতান ঔড়ব-সম্পূর্ণ।

মেঘ, বিভাস ইত্যাদি ঔড়ব খাড়ব।

সাধারণতঃ শুদ্ধ সম্পূর্ণ, শুদ্ধখাড়ব ও শুদ্ধ-ঔড়বকে সম্পূর্ণ, খাড়ব ও ঔড়ব বলিয়া প্রচলিত।

বিবাদী সুর সম্বন্ধে অনেক গ্রন্থকারের ভুল ধারণা ছিল এবং আমিও বিবাদী সুর বর্জ্জিত অর্থে পূর্ব্বে, সংকৃত 'সঙ্গীত চন্দ্রিকা'তে লিখিয়াছিলাম, এক্ষণে বিস্তারিত আলোচনা করিয়া দেখিলাম যে বিবাদী সুর রাগ বিশেষে ও স্থান বিশেষে ব্যবহৃত হয়। আরোহণে যে সুর বর্জ্জন করা হয়, তাহা অবরোহণে স্বল্প ব্যবহার হইলে রাগভ্রষ্ট হয় না, তাহাকেই বিবাদী সুর বলে। যেমন বেহাগে আরোহণে ঋ ও ধ বর্জ্জিত এবং অবরোহণে উহা অল্পস্থায়ী রূপে ব্যবহৃত হয় সুতরাং ঋ ও ধ বেহাগের বিবাদী। এবং সুরটে অবরোহণে অল্পস্থায়ী 'গ' সুর বিবাদী।

ধ্রুপদ, আলাপ প্রভৃতি সঙ্গীতের আদি যুগ ব্যতীত, খেয়াল, টপ্পা, ঠুংরী প্রভৃতিতে রাগ বজায় রাখিয়া যথানির্দিষ্ট নিয়মের ব্যতিক্রম ঘটে। বাদী, সংবাদী সম্বন্ধে আলোচনা করিতে হইলে সঙ্গীত বড়ই বৃহৎপতি [illegible]। এ সকল ঔপপত্তিক বিষয়, [illegible] শিক্ষার্থীর জানিবার বিষয় নহে। যখন [illegible] রূপ [illegible] আয়ত্তে আসে

কলিঙ্গড়া—খাড়ব-সম্পূর্ণ, ঋ ও ধ কোমল, প-বাদী, স-সংবাদী।
ইহার আরোহণে 'ঋ' বর্জ্জিত।

ঠাট—স গ ম প ধ্ব নি র্স, র্স নি ধ্ব প ম গ ঋ্ব স।

স্বরবিন্যাস

স গ ম প ধ্ব প, ধ্ব নি র্স নি ধ্ব প, ম গ ম ধ্ব

প ম গ ঋ্ব স।

বঙ্গালী—ঔড়ব, মওনি বর্জ্জিত, ঋ ও ধ কোমল।
ধ-বাদী, ঋ-সংবাদী।

ঠাট—স ঋ্ব গ প ধ্ব র্স।

স্ববিন্যাস

স ঋ্ব গ প ধ্ব প ধ্ব প গ ঋ্ব গ ঋ্ব স।

মঙ্গল—খাড়ব সম্পূর্ণ, ঋ—কোমল, ধ—বাদী, গ—সংবাদী, নি-বিবাদী, ইহার আরোহণে 'নি' বর্জ্জিত এইজন্য খাডব-সম্পূর্ণ জাতি মধ্যে পরিগণিত। ইহার 'নি' স্বর অবরোহণে কম ব্যবহার জন্য বিবাদী হইয়াছে। ভৈরব ও বিভাস সংযোগে ইহার উৎপত্তি।

ঠাট—স ঋ্ব গ ম প ধ র্স, র্স নি ধ প ম গ ঋ্ব স

স্বরবিন্যাস

স ঋ্ব ম ধপ ধ ধ, প ধ র্স নি ধ প ম ধপ ম গ ঋ্ব স

খট—মিশ্র সম্পূর্ণ, ঋ ও ধ কোমল, দুই গ, দুই নি, প-বাদী, স সংবাদী।

ঠাট—স ঋ্ব গ্ব ম প ধ্ব নি র্স, র্স নি্ব ধ্ব প ম গ ম গ্ব ঋ্ব স।

স্বরবিন্যাস

সনি স ঋ্ব ম প, প প ধ্ব ধ্ব প নি্ব ধ্ব প, মগ ম,

ম ধ্ব প ম গ্ব ঋ্ব স।

## রাগরাগিণীর সময়, জাতি, ঠাট ইত্যাদি

### দিবা ১ম প্রহর।

ভৈরব—সম্পূর্ণ জাতি, ঋ ও ধ কোমল এবং দুই নি, ম-বাদী, স-সংবাদী। ইহার আরোহণে ও অবরোহণে স্বাভাবিক নিখাদই বেশী ব্যবহার হয়। অবরোহণে কোমল 'নি' সামান্য লাগে।

স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

স্বর বিন্যাস অথবা রূপ

ঠাট—স ম গ ম প ম নি ধ প ম গ ঋম গপ ম গ ঋ স।

রামকেলী—খাড়ব-সম্পূর্ণ, ঋ ও ধ কোমল দুই নি, প বাদী, স-সংবাদী। ভৈরব ঠাটের রাগিণী। রামকেলীতে কেহ কেহ কড়ি ম ব্যবহার করেন কিন্তু তাহা ঠিক নহে।

স্বরবিন্যাস।

স গ ম প ধ প নি ধ প ম গ ঋ স

যোগিয়া—ঔড়ব সম্পূর্ণ, ঋ ও ধ কোমল, ধ-বাদী, ঋ সংবাদী।

ইহার আরোহণে গ ও নি বর্জ্জিত এবং অবরোহণে ব্যবহার হেতু ঔডব সম্পূর্ণ হইয়াছে। ইহার 'নি' সুর কম লাগে, তজ্জন্য উহা বিবাদী।

ঠাট—স ঋ ম প ধ সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

স্বরবিন্যাস।

ঋ ম প ধ সঁ নি ধ প ম গ ঋ স ঋ প ম গ ঋ স।

ভটিয়ারী—সম্পূর্ণ, ঋ ও ধ কোমল, প-বাদী, স-সংবাদী। যোগিয়া-ঠাট।

স্বরবিন্যাস।

ম গ ম প ধ প ম গ গম পম গ স নি নি

স ঋ গ প গ ঋ স।

ইহার স্বরবিন্যাসের মধ্যে "গম পম গ স নি নি" এবং স ঋ গ প গ ঋ স" ইত্যাদি স্বর প্রায় ব্যবহার জন্য ভৈরব হইতে বিশেষ প্রভেদ হয়।

গান্ধারী—খাড়ব—সম্পূর্ণ, গ ধ ও নি কোমল, প-বাদী, স সংবাদী।

ঠাট—স ঋ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

ম প সঁ নি ধ প ম প গ স ঋ স।

জৌনপুরী - ঔড়ব-সম্পূর্ণ, গ ধ ও নি কোমল, ঋ-বাদী, প-সংবাদী।

ঠাট—স ঋ ম প ধ সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

ঋ ম প সঁ নি ধ প, ম প ম গ, গপ মপ ম গ ঋ স।

এই রাগে গান্ধারী হইতে এই সকল স্বরবিন্যাস দ্বারা পৃথকত্ব উপলব্ধি হয় যথা:—

ঋ ম প ধ সঁ, সঁঋঁ সঁঋঁ মঁ গঁ ঋঁ সঁ, ঋঁ নি ধ প

ইত্যাদি। খ্যাল গানে দ্রুত গিটকারীতে আশবরী ও জৌনপুরীতে 'নি' স্বর
রোহী অবরোহী দুইএতেই লাগান হয় কিন্তু তাহাতে ক্ষতি হয় না, তবে আলাপ
থবা ধ্রুপদে এই নিয়ম ঠিক আছে।

দরবারীতোড়ী—সম্পূর্ণ, ঋ, গ ও ধ কোমল, দুই নি. কড়ি ম।
– বাদী, ধ-সংবাদী।

ঠাট—স ঋ গ মঁ প ধ নি সঁ, সঁ নি ধ প মঁ গ ঋ স

ইহাতে কোমল 'নি' অবরোহণে সামান্য ব্যবহার হয়, যেমন—

গ মঁ ধ নি ধ প

এই নি কোমল হইলে অধিক মিষ্ট শুনায়। যথা:—

গ মঁ ধ নি ধ প।

ভৈরব-রাগ সম্বন্ধেও ঐ প্রকার অর্থাৎ কোমল নি লাগাইলে মিষ্ট শুনায় যেমন

ম গ ম প ম নি ধ প

উক্ত 'নি' স্বাভাবিক গাওয়া কিছুই কঠিন নয় বরং স্বাভাবিক লাগাইলে কড়া শুনায়।

বিন্যাস—ঔড়ব খাড়ব, স্বাভাবিক ঠাট, ধ বাদী, গ সংবাদী নি-বিবাদী।

ঠাট—স ঋ গ প ধ সঁ, সঁ নি ধ প গ ঋ স।

স্বরবিন্যাস

স ঋ গ প ধ ধ, প ধ প নি ধ প গ ঋ, সঋ গ ঋ স।

ভৈরবী—সম্পূর্ণ, ঋ, গ, ধ ও নি কোমল। ম-বাদী স-সংবাদী।

ঠাট—স ঋ গ ম প ধ নি সঁ।

স্বরবিন্যাস

স ঋ গ ম গ ঋ স, ধ নি গ ঋ স।

দিবা ২য় প্রহর

আশাবরী—ঔড়ব-সম্পূর্ণ, ঋ গ ধ ও নি কোমল, প-বাদী, স-সংবাদী। ইহার আরোহণে গ ও নি বর্জ্জিত।

ঠাট—স ঋ ম প ধ সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

স্বরবিন্যাস

ঋ ম প নি ধ প ম প ম গ ঋ স।

এই রাগে কেহ কেহ স্বাভাবিক 'ঋ' ব্যবহার করেন, কিন্তু স্বরবিন্যাস একই প্রকার অর্থাৎ ঋ গ ধ নি কোমল ইহা ভৈরবী ঠাট এবং স্বাভাবিক 'ঋ' হইলে উহা জৌনপুরী ঠাট হইবে।

গুর্জ্জরী—সম্পূর্ণ ঋ গ ও ধ কোমল দুই নি। ধ-বাদী, গ-সংবাদী। ইহার অবরোহণে কোমল 'নি' ব্যবহার হয়।

ঠাট—স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

স্বরবিন্যাস

ধ নি ধ প ধ প ম প, ধ প ধ ঋ গ ঋ সঁ।

বেলাবলী—সম্পূর্ণ, ষড়্জ, গ-বাদী, ধ-সংবাদী, গৌড়সারঙ্গ ঠাট।

স্বরবিন্যাস।

সনি স ঋ গ ম ঋ স, স নি ধ নি ধ স স,

স গ প নি ধ প ম প গ ম ঋ গ ম ঋ স।

আলাহিয়া ও কল্যাণ সংযোগে বেলাবলী হইয়াছে। কেহ কেহ আলাহিয়ার স্বরবিন্যাসকে বেলাবলী এবং আলাহিয়াতে কোমল 'নি' ব্যবহার করিলে আলাহিয়া-বেলাবল হয় বলিয়া প্রকাশ করিয়াছেন কিন্তু তাহা প্রকৃত নহে কারণ বহু পূর্ব্বে যে সমস্ত বড় বড় গায়ক ছিলেন, যেমন নায়কগোপাল, বৈজু, তানসেন ইঁহারা যে সমস্ত গান রচনা করিয়াছেন তাহা আলাহিয়া বলিয়াই খ্যাত। আলাহিয়ার ধরণে যাহা আমীরখসরু কর্তৃক সরফর্দ্দা নাম হইয়াছিল, তাহাতে বরং কোমল 'নি' ব্যবহার হয়, ইহা প্রায় আলাহিয়ারই মত।

আলাহিয়া—সম্পূর্ণ, গ-বাদী, ধ-সংবাদী।

ঠাট—স ঋ গ ম প ধ নি সঁ।

স্বরবিন্যাস

গ প ধ নি সঁ, নিসঁ নিসঁ ধ প, ধম প ম গ গম

গম ঋ স।

দেওগিরি—সম্পূর্ণ, গ-বাদী, ধ-সংবাদী আলাহিয়া ঠাট।

স্বরবিন্যাস

গ ঋ গ ম গ ঋ স, নি ধ নি স, স গ ঋগ মপ গ,

গ প প ধ, ধান ধ প ধ প ম গ ঋ গ ঋ স।

ককুভা—সম্পূর্ণ, ঋ-বাদী, প-সংবাদী, আলাহিয়া ঠাট।

স্বরবিন্যাস

ঋ গ ম প ম গ ঋ গ স ঋ ঋ, গ ম প ম গ ম ঋ স।

স্বরবিন্যাস

সনি স গ, ঋ গ ঋ স, স ঋ গ ধ র্ম গ নি ধ প

র্ম গ ঋ গ ঋ স।

গুণকেলী—সম্পূর্ণ, ঋ ও ধ কোমল, দুই ম, স-বাদী, ম সংবাদী। ভৈরব ও শ্রীরাগ মিশ্রণে ইহার উৎপত্তি।

ঠাট—স ঋ গ ম প ধ নি র্স, র্স নি ধ প র্ম গ ঋ স।

স্বরবিন্যাস

র্স নি র্স নি ধ নি স ম গ ম গ ঋ স, ধ প র্ম গ ঋ স।

গৌড়সারঙ্গ—সম্পূর্ণ, দুই ম, গ বাদী, ধ সংবাদী।

ঠাট—স ঋ গ ম প ধ নি র্স, র্স নি ধ প র্ম প ম গ ঋ স

স্বরবিন্যাস

স গ ম ঋ গ ঋ ম গ, প র্ম প নি ধ

প র্ম প র্ম গ, ঋ গ ঋ ম গ প ঋ স।

কেহ কেহ গৌড়সারঙ্গ, হম্বীর ইত্যাদিকে কল্যাণ ঠাটের মধ্যে ধরিয়াছেন কিন্তু তাহা অত্যন্ত অসঙ্গত হইয়াছে, কারণ কল্যাণে শুধু কড়ি ম লাগে কিন্তু উক্ত রাগিণীতে দুই ম ব্যবহার হয় সুতরাং ইহা হইতে পারে না, যদি এই সকলকে কল্যাণ ঠাট ধরিতে হয় তাহা হইলে অন্যপ্রকার ঠাট ধরিবার আবশ্যক কি? শুধু স্বাভাবিক ঠাট এবং বিকৃত ঠাট এই দুইটি ধরিলেই ত হয়, কিন্তু তাহা নহে। ঠাটের অর্থ এই যে, আলাহিয়া রাগিণীতে যেমন কড়ি কোমল লাগে না অর্থাৎ স্বাভাবিক ঠাটের রাগিণী সুতরাং এই রূপ যে সকল স্বাভাবিক ঠাটের রাগিণী আছে, তাহা দিগকে উক্ত ঠাটের মধ্যে ধর্ত্তব্য, যেমন ছায়ানট, বৃহন্নট ইত্যাদি। আবার কল্যাণ ঠাটের সঙ্গে ইমন, হিন্দোল প্রভৃতিকে ধরা যায়। ঠাটের মধ্যে যে যে রাগ ধরা হয় তাহাদের সকলগুলিতে স্বরবিন্যাস এক হইবে এমন নহে যেমন জৌনপুরী কানড়ার ঠাট কিন্তু স্বরবিন্যাস পৃথক। অথবা বাগীশ্বরী সিন্ধুর ঠাট কিন্তু স্বরবিন্যাস পৃথক।

স্বরবিন্যাস

স নি স ম গ ঋ স, নি স গ ম প, নি ধ প ম,

গ ম প ম গ ঋ স।

রাজবিজয়—খাড়ব-সম্পূর্ণ গ-কোমল, দুইনি, ম-বাদী, স-সংবাদী।

ঠাট—স গ ম প ধ নি সং, সংনি সং নি ধ প ম গ ঋ স।

স্বরবিন্যাস

স নি ধ নি স ম গ ঋ স, গ ম প ধ নি সং সংনি সং

নি ধ প ম গ ঋ স।

মূলতানী—ঔড়ব সম্পূর্ণ, ঋ গ ও ধ কোমল, ম কড়ি, প-বাদী স সংবাদী।

ঠাট—স গ ম প নি সং, সং নি ধ প ম গ ঋ স।

ইহারও ভীমপলশ্রী ন্যায় আরোহণে ঋ ও ধ বর্জ্জিত।

কেবল কোমল স্বরের ও বাদী সংবাদীর পার্থক্য।

স্বরবিন্যাস

নি স গ ম প প, গ ম প নি ধ প ম গ ঋ স।

দিবা ৪র্থ প্রহর।

পুরিয়া—খাড়ব, প-বর্জ্জিত, ঋ-কোমল, ম-কড়ি, গ-বাদী, নি সংবাদী।

স ঋ গ ম ধ নি সং।

স্বরবিন্যাস

নি ঋ গ গ, গ ম নি ধ ম গ ঋ স, নি ঋ গ নি ঋ স।

মারবা—খাড়ব, প বর্জ্জিত, ঋ-কোমল, ম কড়ি, ধ-বাদী গ-সংবাদী। পুরিয়া ঠাট।

ইহা সমস্ত পুরিয়ার ন্যায় কেবল বাদী সংবাদীতে প্রভেদ।

সবফর্দা। সম্পূর্ণ, দুইনি, প-বাদী, ঋ-সংবাদী।

ঠাট—স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ নি ধপ মগ ঋ স।

স্বরবিন্যাস

ঋ প ধ নি ধ প ম গ, ঋগ মপ ম গ ঋ গ ঋ স।

মধুমাধবীসারঙ্গ—ঔড়ব, দুই-নি, গ ও ধ বর্জ্জিত। ঋ-বাদী, প-সংবাদী।

ঠাট—স ঋ ম প নি সঁ, সঁ নি প ম ঋ স।

স্বরবিন্যাস

ঋ ম ঋ স, নি প নি স স।

বৃন্দাবনী-সারঙ্গ—ঔড়ব, গ ও ধ বর্জ্জিত, ঋ বাদী প সংবাদী।

ঠাট—স ঋ ম প নি সঁ।

স্বরবিন্যাস

ঋ প ম ঋ স, নি স ঋ ম ঋ ম প নি প ম ঋ স।

সামন্তসারঙ্গ অথবা দুর্গা—ঔড়ব, গ ও নি বর্জ্জিত, ধ-বাদী, ঋ-সংবাদী।

ঠাট—স ঋ ম প ধ সঁ।

স্বরবিন্যাস

স ঋ ম প ধ, ম প ধ সঁ ধ প, ম ঋ ম ঋ স।

দিবা ৩য় প্রহর।

ভীমপলশ্রী—ঔড়ব-সম্পূর্ণ গ-কোমল, দুই নি। ম-বাদী, স-সংবাদী। ইহার আরোহণে ঋ ও ধ বর্জ্জিত।

ঠাট—স গ ম প নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

মালবী—সম্পূর্ণ, ঋ—কোমল. ম-কড়ি, গ-বাদী ধ-সংবাদী।

ঠাট—স ঋ গ মঁ প ধ নি সঁ।

স্বরবিন্যাস

সঁ ঋ গঁ, গ পমঁ ধ মঁ গ ঋ স, ধ স নি ঋ সঁ।

পূরবী—সম্পূর্ণ, ঋ কোমল, দুই ম, গ-বাদী, নি সংবাদী।

ঠাট—স ঋ গ মঁ প ধ নিসঁ, সঁ নি ধ প মঁ গ ম গ ঋ স

স্বরবিন্যাস

নি ঋ গ মঁ প প, ধঁ মঁ গ ম গঁ, ঋ গ ঋ সঁ।

পূরবীতে 'পমগ' অথবা 'গমপ' এমন ভাবে স্বাভাবিক 'ম' লাগে নাই অর্থাৎ প মঁ গ ম গ অথবা ধমঁ গমগ ইহা অবরোহণ গতিতে ব্যবহার হয়। এইরূপ ঘর, শাস্ত্রে বক্রস্বর নামে খ্যাত। গ ম গ ইহার 'ম' স্বর বক্র।

ধানশ্রী—ঔডব-সম্পূর্ণ, ঋ ও ধ কোমল, ম-কড়ি, প-বাদী, স সংবাদী।
ইহার ঠাট মুলতানীর ন্যায় কিন্তু কোমলের পার্থক্য আছে।

ঠাট—স গ মঁ প নি সঁ, সঁ নি ধ প মঁ গ ঋ স।

স্বরবিন্যাস

সঁ গঁ মঁ প ধ পঁ, মঁ গ ঋ গঁ ঋ সঁ।

পুরিয়াধানশ্রী—সম্পূর্ণ, ঋ ও ধ কোমল, ম-কড়ি, গ-বাদী, নি-সংবাদী।

ঠাট—স ঋ গ মঁ প ধ নি সঁ।

স্বরবিন্যাস

নি. ঋ গঁ, পমঁ প নি ধ পঁ, মঁ গ মঁ ঋ গঁ ঋ সঁ।

ত্রিবণী—খাড়ব-সম্পূর্ণ, ঋ ও ধ কোমল, ম-কড়ি, প-বাদী স-সংবাদী।
ইহার আরোহণে 'ঋ' বর্জ্জিত।

ঠাট—স গ মঁ প ধ নি সঁ, সঁ নি ধ প মঁ গ ঋ স।

স্বরবিন্যাস

সঁ নি় ধ্ব সনি় ঋ্বি সঁ, স ঋ্ব গ ধ্ব র্ম ধ্ব র্ম গ ঋ্ব সঁ।

জয়ন্ত—ঔড়ব-খাড়ব, ঋ-কোমল, ম-কড়ি, গ-বাদী, ধ সংবাদী।
ইহা মারবা ঠাট কিন্তু আরোহণে ইহার 'ঋ' বর্জ্জিত তজ্জন্য পৃথক ঠাট দেওয়া হইল।
যথা :—

স গ র্ম ধ্ব নি সঁ, সঁ নি ধ্ব র্ম গ ঋ্ব স।

স্বরবিন্যাস

সঁ নি় স গঁ, র্ম ধ্ব নি ধ্ব র্ম গ ঋ্ব সঁ।

সাজগিরি—খাড়ব, ঋ-বর্জ্জিত, ধ কোমল, কড়ি ম প-বাদী, স সংবাদী।

ঠাট—স গ র্ম প ধ্ব নি সঁ।

স্বরবিন্যাস

সঁ পঁ পঁ ধ্ব প র্ম গঁ, প র্ম গ সঁ।

কুমারী—খাড়ব, ধ-বর্জ্জিত, ঋ কোমল, ম-কড়ি, প-বাদী, স-সংবাদী।
মালশ্রী ও শ্রী সংযোগে ইহার উৎপত্তি।

ঠাট—স ঋ্ব গ র্ম প নি সঁ।

পঁ র্ম গঁ পঁ গ ঋ্ব স, সনি় স নি় র্ম় প় নি় সঁ সঁ।

মালশ্রী—ঔড়ব, ঋ ও ধ বর্জ্জিত, ম-কড়ি, প-বাদী, স সংবাদী।

ঠাট—স গ র্ম প নি সঁ।

স্বরবিন্যাস

সনি় সঁ গঁ পঁ র্মগঁ, গপ র্মপ নি প র্মগঁ সঁ।

ঠাট—স ঋ গ প ধ র্স, র্স নি ধ প ম গ ঋ স।

স্বরবিন্যাস

স নি ধ প স ঋ গ ঋ স, প ম গ প ঋ গ ঋ স।

ইমন—সম্পূর্ণ, ম-কড়ি, গ-বাদী, নি-সংবাদী।

ঠাট—স ঋ গ ম প ধ নি র্স।

স্বরবিন্যাস

স নি ঋ গ, গ ম প গ ম গ প প, নিধ নি ধ প ম

গ ঋ গ ঋ নি ঋ স।

ইমনকল্যাণ—সম্পূর্ণ, দুই-ম, গ-বাদী, নি সংবাদী।

ইহা ইমন, কল্যাণ ও আলাহিয়া এই তিনের মিশ্রণে উৎপন্ন। কল্যাণ ও আলাহিয়া মিশ্রণে বেলাবলীর উৎপত্তি এবং বেলাবলীতে ইমন যোগ করিয়া ইমনকল্যাণ হইয়াছে এই জন্য অনেকে বেলাবলীকে দিনের কল্যাণ বলেন।

ঠাট—স ঋ গ ম প ধ নি র্স, র্স নি ধ প ম গ ম গ ঋ স।

স্বরবিন্যাস

নি ঋ গ, গ ম গ প প, প প ম ঋ গ, গ ঋ গ ম

গ ঋ নি ঋ স।

হম্বীর—সম্পূর্ণ, দুই-ম, ধ-বাদী, গ-সংবাদী।

হম্বীর, কেদারা প্রভৃতিকে কেহ কেহ কল্যাণ ঠাটের মধ্যে ধরিয়াছেন কিন্তু বাস্তবিক তাহা নহে, ইহাতে যদি শুধু কড়ি-ম থাকিত তাহা হইলে সম্ভব হইত, যখন দুই-ম রহিয়াছে তখন উহাকে কল্যাণ ঠাট বলা যাইতে পারে না, তবে কেদারা, শ্যাম ইত্যাদি হম্বীর ঠাটের রাগিণী।

ঠাট—স ঋ গ ম প ধ নি র্স, র্স নি ধ প ম প গ ম ঋ স।

স্বরবিন্যাস

স গ র্ম প র্ধ প, র্ম র্ধ প র্ম প র্ম গ ঋ স।

শ্রী—খাড়ব-সম্পূর্ণ, ঋ ও ধ কোমল, ম-কড়ি, ঋ-বাদী, ধ সংবাদী।

ইহার আরোহণে 'গ' বর্জ্জিত।

ধানশ্রী, পুরিয়াধানশ্রী, ত্রিবণী ইত্যাদি শ্রীরাগের ঠাটে গীত হইয়া থাকে কিন্তু প্রত্যেকের ঠাট দেওয়ার তাৎপর্য্য এই যে কাহারো বা আরোহণে কোন স্বর বাদ থাকে, সেইজন্য সাধারণের সুবিধার জন্য দেওয়া হ'ইল।

ঠাট—স ঋ প র্ম প র্ধ নি র্স, র্স নি র্ধ প র্ম গ ঋ স।

স্বরবিন্যাস

স নি স ঋ, স ঋ গ ঋ স, স প র্ম প র্ধ ঋ গ ঋ স।

গৌরী—খাড়ব-সম্পূর্ণ, ঋ ও ধ কোমল, দুই ম, ঋ-বাদী, ধ-সংবাদী।

ইহার আরোহণে স্বাভাবিক 'ম' লাগে।

ঠাট—স ঋ প র্ম প র্ধ নি র্স, র্স নি র্ধ প ম প গ ঋ স।

স্বরবিন্যাস

স প র্ম প র্ধ মপ মপ গ ঋ স, স ঋ গ ঋ স র্ধ ঋ স।

রাত্রি ১ম প্রহর।

ভূপালী—ঔড়ব, মওনি বর্জ্জিত, গ-বাদী, ধ-সংবাদী।

ঠাট—স ঋ গ প ধ র্স।

স্বরবিন্যাস

স ধ স ঋ গ, গ প গ ধ প গ ঋ গ ঋ স।

কল্যাণ—ঔড়বসম্পূর্ণ, গ-বাদী, ধ-সংবাদী, ম-কড়ি।

ইহার আরোহণে ম ও নি বর্জ্জিত এবং অবরোহণে ব্যবহার হয়, এই জন্যই ঔড়ব-সম্পূর্ণ হইয়াছে। আলাপ ও ধ্রুপদে ম ও নি আরোহীতে বর্জ্জিত কিন্তু খ্যাল গানে আরোহী অবরোহী দুইএতেই লাগে, বিলম্বিত গতিতে উপরোক্ত নিয়ম রাখিতে হয়।

ছায়া—সম্পূর্ণ, ঋ-বাদী, প-সংবাদী।

স ঋ গ ঋ স, নি স ধ প স, ঋ গ ঋ গ ম, গঋ গ ঋ স।

ছায়ানট—সম্পূর্ণ, ঋ-বাদী, প সংবাদী।

ছায়া, ছায়ানট, বৃহন্নট, নটনারায়ণী ইত্যাদি আলাহিয়া ঠাটের রাগিণী।

স্বরবিন্যাস

স নি স ঋ, ঋ গ ম ধ প, ম গ ম ঋ স।

কামোদ— সম্পূর্ণ, দুই নি, প-বাদী, ঋ-সংবাদী।

ইহার অবরোহণে কোমল 'নি' সামান্য ব্যবহার হয়।

ঠাট—স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি সঁ ধ নি প

ম গ ম ঋ স।

স্ববিন্যাস

ঋ প ম প ধ নি প, ম প ম গ ম ঋ স।

নটমল্লার—সম্পূর্ণ, দুই-নি, ম বাদী, স সংবাদী।

স্বরবিন্যাস

গ ম প গ ম ঋ স, নি স ঋ গ ম গ ম ঋ প

সঁ ধ নিপ ম গ ম ঋ স।

শুক্লবেলাবলী—সম্পূর্ণ, দুই নি, ম বাদী, স সংবাদী।

স্বরবিন্যাস

প ধ ম গ ঋ গ স, স গ ম প নি ধ নি সঁ,

প নি ধ প ম, গ ঋ গ স।

স্বরবিন্যাস

স ঋ গ ম ধ, নি ধ র্স নি ধ প, র্ম প গ ম,

ঋ প গ ম ঋ স।

শ্যাম—সম্পূর্ণ, দুই-ম, ধ-বাদী, গ-সংবাদী।
হম্বীর ও কেদারা মিশ্রণে শ্যামের উৎপত্তি।

স্বরবিন্যাস

ম গ ম ধ নি ধ র্স ধ প, র্ম প ম, গম প গ ম ঋ স।

কেদারা—ঔড়ব-সম্পূর্ণ,-দুই-ম, ম বাদী, স-সংবাদী, ঋ-বিবাদী।
ইহার আরোহণে ঋ ও নি বর্জ্জিত এবং 'ঋ' স্বর কম ব্যবহার হয় সেইজন্য ইহা বিবাদী

ঠাট—স ম গ প র্ম প ধ র্স, র্স নি ধ প ম গ ঋ স।

স্বরবিন্যাস

স র্ম মগ প র্ম প নি ধ প র্ম গ ম ঋ স।

বৃহন্নট—সম্পূর্ণ, ম বাদী, স সংবাদী।

ঠাট—স ঋ গ ম প ধ নি র্স।

স্বরবিন্যাস

র্ম ম গ ঋ ম গ, প ম প র্স নি র্স ধ প, র্ম গ ম

ঋ গ ঋ গ র্ম নি ঋ স।

নটনারায়ণী—সম্পূর্ণ, গ-বাদী, নি-সংবাদী।

স্বরবিন্যাস

গ ঋ গ প ম, স ঋ নি ঋ স

স্বরবিন্যাস

ম ঙ্গ সঁ নি ঙ্গ, ম ঙ্গ নিধনি ঙ্গ, ম গঁ ম ঋ্ব সঁ।

সারঙ্গ ও কানড়া সংযোগে আড়ানার উৎপত্তি এই জন্য হিন্দুস্থানে রাত্ কা সারঙ্গ আখ্যা দিয়া থাকেন, ইহার স্বরবিন্যাসের মধ্যে সারঙ্গের ঘর অধিক যথা—

নি স ঋ্ব ম ঙ্গ নি ম ঙ্গ সঁ, সঁ নি ঙ্গনি সঁঋ্বঁ সঁনি ঙ্গনি সঁ

ইত্যাদি। কেহ কেহ আড়ানা, বহার প্রভৃতিকে ষাড়ব-ষাড়ব সংজ্ঞা দিয়াছেন ইহা এক আশ্চর্য্য ভ্রম, ষাড়ব-ষাড়ব বলা চলে, যে রাগে আরোহী অবরোহী দুই দিকে এক সুর একবারে লাগিবে না, যেমন—দেশকার, নাগধ্বনিকানড়া ইত্যাদি। এইরূপ যাঁহারা লিখিয়া প্রকাশ করেন, তাঁহাদেব গুরু মুখে শিক্ষা নাই বলিয়া মনে হয়, অর্থাৎ শুধু পাঁচ রকম পুস্তক দেখিয়া উদ্ধৃত করেন ইহাই প্রতীয়মান হয়।

অধিকাংশ কানড়াতে 'মগমঋ্ব' 'নিধনিপ' এইরূপ বক্রস্বর ব্যবহার হয় অর্থাৎ মগমঋ্ব ইহার 'গ' সুব এবং নিধনিপ ইহার 'ধ' সুর শুধু আরোহণ নহে, উহা আরোহণ অবরোহণের মধ্যস্থিত সুর তবে মগঋ্ব, নিধপ

এইরূপ ভাবে ব্যবহার হইলে উহা অবরোহণ বলা যায়' কিন্তু পুনশ্চ যখন ম গ ম হইয়া 'ঋ্ব'এ আসে তখন উহা আরোহণ বলিতে হয়। ইমনকল্যাণে যেমন অবরোহণে স্বাভাবিক 'ম' লাগে, কিন্তু 'নি ধ প ম গ' এমন ভাবে অবরোহণে স্বাভাবিক 'ম' লাগাইলে রাগের রূপ নষ্ট হইয়া যাইবে।

উহা এইরূপ ভাবে লাগাইতে হইবে যথা—গ ম গ এই 'ম' মধ্যস্থিত সুর কিন্তু অবরোহণ গতি বলিতে হইবে। দরবারীকানড়াতে

ধ্ব নি স ঋ্ব গ ঋ্ব স, ধ্ব নি ঋ্ব স, গ ঋ্বস নিস

ঋ্ব, সনি ধ্বনি সঁ, ম্ ঙ্গ ধ্ব নিস, মগ্ব মগ্ব ম ঙ্গ ঙ্গ।

ইত্যাদি ঘর আছে অর্থাৎ ইহার আরোহণ অবরোহণ দুই দিকে 'গ' সুর লাগে কিন্তু অবরোহণে নিধপ এমন ভাবে লাগে নাই, এইজন্য সম্পূর্ণ-খাড়ব সংজ্ঞা হইয়াছে। দরবারীতে ম গ ম ঋ্ব এইরূপ ঘর ত আছেই কিন্তু আড়ানা, নায়কী, মল্লাকী প্রভৃতি শুধু নি ধ নি প, ম গ ম ঋ্ব ইহা ব্যতীত গ ঋ্ব স, নি ধ প এমন ঘর নাই। কেবল সাহনাতে

নিশাসাগ—সম্পূর্ণ, ছুইনি, গ বাদী, নি সংবাদী।

নটমল্লার, শুক্লবেলাবলী নিশাসাগ ইত্যাদি কামোদ ঠাটের রাগিণী।

এই কয়টি রাগে যাহা কোমল নি লাগে তাহা বিবাদী।

স্বরবিন্যাস

গ গ ঋ স নি স গ ঋ স।

দরবারীকানড়া—সম্পূর্ণ-খাড়ব, গ ধ ও নি কোমল, ঋ-বাদী, প—সংবাদী।

ইহার অবরোহণে 'ধ' বর্জ্জিত অর্থাৎ 'নিধপ' এইরূপ ঘর লাগে নাই, নিধনিপ এই ভাবে লাগে।

ঠাট—স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ নি প ম গ ঋ স।

স্বরবিন্যাস

স ধ নি স স, ধ নি স ঋ ঋ, মঁ গঁ ঋস ঋ স।

নায়কীকানড়া—সম্পূর্ণ-ওড়ব, গ ও ধ কোমল, ছুই নি, ম বাদী, স সংবাদী।

ইহার অবরোহণে গ ও ধ বর্জ্জিত, আরোহণে স্বাভাবিক নি এবং অবরোহণে কোমল নি লাগে।

ঠাট—স ঋ ম গ ম ঋ ম প নি ধ নি প নি সঁ,

সঁ নি ধ নি প ম গ ম ঋ স।

স্বরবিন্যাস

স ঋ ম গ ম ঋ স, ম প নি ধ নি প ম গ ম ঋ স।

আড়ানা—মিশ্র-সম্পূর্ণ গ ও ধ কোমল, ছুই নি, স-বাদী, প সংবাদী।

ঠাট—স ঋ ম গ ম প নি ধ নি সঁ,

সঁ নি ধ নি প ম গ ম ঋ স।

এই বাগীশ্বরী, বহু পুরাতন, তৎপরে মহম্মদবাদশার সময়ে সুপ্রসিদ্ধ গায়ক ইস্লাবরষ সাঁই আরোহণে ঋ ও প স্বর বর্জ্জিত করিয়া অর্থাৎ চন্দ্রকৌশের ধরণে বাগীশ্বরী গাইতেন, তদবধি এই মতটি প্রচলন হইয়াছে, এমন কি অধুনা প্রায়ই এই ধরণে সকলে গাইয়া থাকেন। ইহারও ম-বাদী, স সংবাদী। ঔড়ব সম্পূর্ণ ঠাট যথা :—

স গ ম ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

স্বরবিন্যাস

স গ ম ধ, ধনি ধনি ধপ ম, ম প ম গ ঋগ ঋগ ঋ স।

ইহার অবরোহণে সঁ নি ধ ম এমন ঘর আছে এবং কোথাও বা এইরূপ ঘর আছে যথা :—

সঁ নি ধ ম, ম পঁ ধ ম গ ঋ স।

উক্ত 'ধ' স্বর আরোহণে হইলেও স্থায়ী নহে, অর্থাৎ বিস্তার করিবার সময় লাগান চলে, ইহা পূর্ব্বেই অন্যান্য রাগের বিচারে ব্যক্ত হইয়াছে।

সিন্ধু—খাড়ব সম্পূর্ণ, গ ও নি কোমল, ঋ বাদী, প-সংবাদী।

ইহার অরোহণে 'ঋ' বর্জ্জিত।

ঠাট—স ঋ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

স্বরবিন্যাস

ঋ ম প সঁ নি ধপ ম গ ঋ স গ ঋ, ঋ গ ঋ ম গ ঋ স।

সিন্ধুড়া—মিশ্র-সম্পূর্ণ, গ কোমল, দুই নি, ঋ-বাদী, ধ-সংবাদী।

ইহার আরোহণে প্রথমে গ ও নি বর্জ্জিত, তারপর অন্তরাতে স্বাভাবিক 'নি' এবং অন্য‌‌ ... ব্যবহার হেতু মিশ্র সম্পূর্ণ হইয়াছে।

ঠাট—স ঋ ম প ধ সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

স্বরবিন্যাস

নি স ঋ ম প ধ সঁ, সঁ ঋ নি ধ প ম গ ঋ স।

ঋ গ ঋ স নি স ঋ স ঋ, নি ধ প ম প ম গ

ইত্যাদি ঘর আছে এতদ্ব্যতীত 'ম গ ম ঋ' 'নি ধ নি প' এমন ঘর ব্যবহার হইয়াই থাকে।

বহার—মিশ্র-সম্পূর্ণ, গ কোমল, দুই নি, ম-বাদী, স-সংবাদী।

ঠাট—স ম প গ ম ধ নি সঁ, সঁ নি প ম গ ম ঋ স।

স্বরবিন্যাস

ম প গ ম ধ নি সঁ, নি প ম, প গ ম ঋ স।

ইহার আরোহণে 'ঋ' বর্জ্জিত এবং অবরোহণে 'ধ' বর্জ্জিত কিন্তু আরোহণে 'ধ' এবং অবরোহণে 'ঋ' স্বর যখন রহিয়াছে তখন ইহাকে মিশ্র-সম্পূর্ণ বলাই ঠিক।

খ্যাল গানে তানের সময় ঐ রূপ ঘর লাগে যথা:—

গম পধ নিসঁ ঋঁ গঁ, ঋঁসঁ নিধপম গম পধনিসঁ

ইত্যাদি ঘর ব্যবহার হয় অবরোহণেও 'ধ' স্বর কৌশল পূর্ব্বক লাগান চলে কিন্তু ইহা কাঁচা গায়কের কার্য্য নহে।

সাহানা—সম্পূর্ণ, গ ও নি কোমল, ঋ বাদী, প-সংবাদী।

ঠাট—স ঋ গ ম প ধ নি সঁ।

স্বরবিন্যাস

ঋ প ম প ধ নি প ম প ম গ গ ম ঋ স।

বাগীশ্বরী—খাড়ব-সম্পূর্ণ, আরোহণে গ-বর্জ্জিত, গ ও নি কোমল, ম-বাদী, স-সংবাদী।

ঠাট—স ঋ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

স্বরবিন্যাস

স ম প ম গ, ঋ ম গ ঋ স, স ঋ ম গ ঋ স, স নি ধ

প ধ প ধ নি স সঁ।

মিয়ামল্লার—মিশ্র-সম্পূর্ণ, গ-কোমল, দুই নি, ম বাদী স-সংবাদী।

ঠাট—স ঋ গ ম প ধ নি সং, সং নি ধ নি প গ ম ঋ স।

স্বরবিন্যাস

নি স ঋ নি স নি প ম নি ধ নি স,

ঋ প ম প ধ নি সং ধ প ম প গ ম ঋ স।

দেশ—ঔড়ব-সম্পূর্ণ, দুই নি, ঋ বাদী, প-সংবাদী।
ইহার আরোহণে গ ও ধ বর্জ্জিত।

ঠাট—স ঋ ম প নি সং, সং নি ধ প ম গ ঋ স।

স্বরবিন্যাস

ঋ গ স ঋ ম প নি সং, ঋং নি ধ প ধ ম গ ঋ গ স।

সুরট—মিশ্র-সম্পূর্ণ, দুই নি, ঋ বাদী প-সংবাদী গ-বিবাদী।
দেশে যেমন 'গ' সুর বেশী ব্যবহার হয় ইহাতে তাহা হয় না।
স্বরবিন্যাস—দেশ ঠাট।

স ঋ ম ঋ ম প নি সং, সং ঋং নি ধ প, মপ ধপ ম

গ ম ঋ স।

সুরটের প্রথম ধর্‌তা দেশের ন্যায় অর্থাৎ ঔড়ব-সম্পূর্ণ কিন্তু আরোহণে কখন কখন ধ সুর ব্যবহার হয় এই জন্য ইহা মিশ্র-সম্পূর্ণ।

সুরমল্লার—খাড়ব, গ-বর্জ্জিত দুই নি, ধ-বাদী, ঋ-সংবাদী,।

ঠাট—স ঋ ম প ধ ম প নি সং, সং নি ধ প ম ঋ স।

স্বরবিন্যাস

ঋ ম প ধ, পধ নি ধ প ম ঋ স।

দেশ, সুরট, সুরমল্লার ইত্যাদিতে কোমল 'নি' যাহা লাগে, তাহা অবরোহণ সহিতে,

কাফী—সম্পূর্ণ, দুই গ ও দুই নি। প-বাদী, স-সংবাদী।

ঠাট—স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি সঁ নি ধ প ম গ

প ম গ ঋ স।

স্বরবিন্যাস

স ঋ ঋ গ ম প ম প, ম প ধ নি সঁ নি সঁ

নি ধ প, ম গ প ম, গ ঋ প ম গ ঋ স।

দেওসাগ—মিশ্র-সম্পূর্ণ, গ কোমল, ঋ, বাদী প-সংবাদী।

ইহার আরোহণে 'গ' বজ্জিত, এবং অবরোহণে ধ ও গ বর্জ্জিত হইয়া পুনশ্চ আরোহণ গতি হয়, এই জন্য ইহা মিশ্র-সম্পূর্ণ।

ঠাট—স ঋ ম প ধ নি সঁ, সঁ নি সঁ ধ নি প গ ম ঋ স।

স্বরবিন্যাস

গ ম ঋ, স ঋ ম প গ ম ঋ স ঋ নি স, স ম প

ধ নি সঁ ঋঁ, নি সঁ ধ নি প ম প ম গ গ ম ঋ স।

গৌড়—মিশ্র-সম্পূর্ণ, গ কোমল, দুই-নি, ম-বাদী, স-সংবাদী।

ঠাট—স ঋ ম গ ম ঋ ম প নি ধ নি সঁ, সঁ নি ধ নি প

ম গ ম ঋ স।

স্বরবিন্যাস

স ঋ ম প ম ঋ, ঋ প ম প, নি ধ নি ধ সঁ নি সঁ ধ নি

প, ম গ ম ঋ গ নি ঋ স।

স্বরবিন্যাস

নি স ঋ ম গ ম ঋ প ম প, ম প ধ সঁ নি সঁ ধ প

ম গ ম ঋ স।

লুম—সম্পূর্ণ, ম বাদী, স-সংবাদী।

স ঋ গ ম প ধ নি সঁ।

স্বরবিন্যাস

ম গ স ঋ গ ম গ ঋ স নি স,

ধ নি স ঋ গ ঋ গ ম, প ম গ ম গ ঋ স।

গারা—সম্পূর্ণ, দুই নি গ বাদী, ধ-সংবাদী।

ঠাট—স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

স্বরবিন্যাস

সনি স নি ধ নি স গ ম প, ম গ ঋ গ ঋ স।

খাম্বাজ—খাডব-সম্পূর্ণ, দুইনি, গ বাদী, ধ সংবাদী।

ইহার আরোহণে 'ঋ' বর্জ্জিত। শোরীকৃত টপ্পা ও ঠুমরী গানে আরোহণ অবরোহণ দুই দিকেই 'ঋ' ব্যবহার হয়।

ঠাট—স গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

স্বরবিন্যাস

স গ ম প গ ম নি ধ, প ধ প সঁ নি ধ,

ম প ধ ম গ, প গ ম ঋ স।

অর্থাৎ যে যে রাগে দুই নি লাগে, তাহাদের দুই একটি ব্যতীত প্রায়ই অবরোহণ গতিতে কোমল 'নি' লাগিবে ইহা সাধারণ বিধি।

জয়জয়ন্তী— খাড়ব-সম্পূর্ণ, দুই গ, দুই নি, ঋ-বাদী, প-সংবাদী।

ইহার আরোহণে 'ধ' বর্জ্জিত। অবরোহণে কোমল গ ও নি ব্যবহার হয়, এবং আরোহণে স্বাভাবিক নি এবং আরোহণ অবরোহণ দুইদিকে স্বাভাবিক 'গ' লাগে।

ঠাট—স ঋ গ ঋ স ঋ গ ম প নি র্স,

র্স নি ধ প ম গ ঋ স।

স্বরবিন্যাস

স নি স ঋ গ ঋ স ঋ নি ধ প ঋ, ঋ গ ম প ধ ম গ

ঋ গ ঋ স।

জয়াবতী—ঔড়ব-খাড়ব, ধ বর্জ্জিত, ঋ-বাদী, প সংবাদী, দুই গ, দুই নি।

ঠাট—স ঋ ম প নি র্স, র্স নি প ম গ ম গ ঋ স।

স্বরবিন্যাস

গ স ঋ ম প নি র্স, র্স নি প মগ ম ঋ নি প ম গ ঋ স।

মেঘ—ঔড়ব খাড়ব, ম-বাদী, স-সংবাদী, গ-বিবাদী।

মেঘ ও সুরটে ম গ ম ঋ স এই রূপ ঘর যাহা লাগে, উক্ত 'গ' অবরোহণ গতি হইয়া আরোহণ হয় কিন্তু সামান্য ব্যবহার জন্য উহাকেও বিবাদী বলা চলে।

স ঋ ম প নি র্স, র্স নি প ম গ ঋ স।

স্বরবিন্যাস

ঋ প ম প নি প ম গ ম ঋ স।

মল্লার—মিশ্র-সম্পূর্ণ, ম-বাদী, স-সংবাদী, গ-বিবাদী।

ঠাট—স ঋ ম প ধ র্স, র্স নি র্স ধ প ম গ ম ঋ স।

স্বরবিন্যাস

ঋ গ প ধ সঁ নি ধ প, ম ঋ ম গ ঋ স।

পিলু—সম্পূর্ণ, গ ও ধ কোমল, ঋ বাদী, প সংবাদী।

ঠাট—স ঋ গ ম প ধ নি সঁ।

স্বরবিন্যাস

প নি স ঋ গ ঋ, প ম গ ঋস নি,

সঋ গ ঋস নি ধ প নি স,

ইহাতে খরজ পরিবর্ত্তন হইয়া কড়ি ম, কোমল ঋ লাগে, যেমন ভৈরবীতে খরজ পরিবর্ত্তন হইয়া স্বাভাবিক ঋ ধ, কড়ি ম ইত্যাদি লাগিয়া থাকে।

যথা—সঋ সঋ নি স নি ধ প ম প নি সঋ গ ঋ স।

বরবা—খাড়ব-সম্পূর্ণ, দুই গ, দুই নি, প বাদী, স-সংবাদী।
ইহার আরোহণে 'ঋ' বর্জ্জিত, এবং অবরোহণে কোমল 'গ' ব্যবহার হয়।

ঠাট—নি স গ ম প ধ নি সঁ, নি ধ প ম গ ঋ স।

স্বরবিন্যাস

নি স প ম প, ম গ প ম গ ঋ স।

[illegible]—[illegible]ব, গ ধ ও নি কোমল, ম বাদী, স সংবাদী।

ঠাট—স [illegible] ম ধ নি সঁ

[illegible]

[illegible] ম ধ নি স, ম গ ম [illegible] স।

ঝিঁঝিট—মিশ্র-সম্পূর্ণ, নি কোমল, গ-বাদী, ধ সংবাদী।

ইহা ঔড়ব-সম্পূর্ণ প্রথমে হইয়া, তারপর 'ম' স্বর স্থান বিশেষে আরোহণে ব্যবহার জন্য মিশ্র-সম্পূর্ণ হইয়াছে।

ঠাট—স ঋ গ প ধ সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

স্বরবিন্যাস

স নি ধ প ধ স ঋ গ, ম ঋ গ ঋ প ম গ,

ঋ গ প ধ নি ধ প ম গ, ম প ম গ ঋ স।

পহাড়ী—সম্পূর্ণ, দুই নি, ম বাদী স সংবাদী।

ঠাট—স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

স্বরবিন্যাস

নি স ঋ গ স ঋ ম গ ঋ স, ঋ ম প প,

নি ধ প ম, গ ঋ ম গ ঋ স।

তিলক কামোদ—খাড়ব-সম্পূর্ণ, দুই নি, ম বাদী, স সংবাদী, কোমল নি বিবাদী।

ইহার আরোহণে 'ধ' বর্জ্জিত এবং অন্তরাতে অবরোহণে কোমল নি লাগে।

ঠাট—স ঋ গ ম প নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ স।

স্বরবিন্যাস

নি স ঋ গ ম প ধ ম, গ ঋ প ম গ ঋ গ ঋ স, গ ঋ

স নি, প নি স ঋ, গ ঋ প ম গ ঋ গ স।

মাঁঝ—সম্পূর্ণ, দুই গ, দুই নি, প বাদী, স সংবাদী।

ঠাট—স ঋ গ ম প ধ নি সঁ, সঁ নি ধ প ম গ ঋ গ ঋ স

স্বরবিন্যাস

নি স গ ঋ স, নি ধ প স স।

...হাগ—ঔড়ব-সম্পূর্ণ, দুই ম, গ বাদী, নি সংবাদী। ঋ ও ধ বিবাদী।

—স গ ম প নি র্স, র্স নি ধ প ম ম গ ঋ স।

বিন্যাস

স গ, গম প ম প ম গ, গ ঋ স।

...ড়া—খাড়ব, ঋ বর্জ্জিত, দুই নি, গ বাদী, স্বাভাবিক 'নি' সংবাদী। কোমল নি ...বাদী।

—স গ ম প ধ নি র্স, র্স নি ধ প ম গ স।

বিন্যাস

নি প নি স স নি স গ ম প, গ নি ধ প ম গ স।

হিণ্ডোল—ঔড়ব, ঋ ও প বর্জ্জিত, ম-কড়ি, গ-বাদী, ধ-সংবাদী।

...ট—স গ ম ধ নি ধ র্স, র্স নি ধ ম গ স।

স্বরবিন্যাস

গ ম ধ নি ধ ম গ স, নি ধ ম ধ স স।

রাত্রি ৪র্থ প্রহর।

সোহিনী—ঔড়ব-খাড়ব, ঋ কোমল, ম-কড়ি, গ বাদী, নি সংবাদী।

ঠাট—স গ ম ধ নি র্স, র্স নি ধ ম গ ঋ স।

স্বরবিন্যাস

গ ম ধ নি ধ র্স, ধ নি ধ ম গ ঋ স।

ললিত—খাড়ব, প বর্জ্জিত, ঋ ও ধ কোমল, দুই-ম, ম-বাদী, স-[illegible]

দীপক—ঔড়ব-খাড়ব, ঋ কোমল, ম বাদী, স সংবাদী।
ইহায় আরোহণে 'ঋ' বর্জ্জিত এবং আরোহণ অবরোহণে 'প' বর্জ্জিত।

ঠাট—স গ ম ধ নি র্স, র্স নি ধ ম গ ঋ স।

স্বরবিন্যাস

ম গ ম ধ, ধ নি ধ ম, ম গ ঋ স।

বসন্ত—ঔড়ব-খাড়ব, প বর্জ্জিত, ঋ কোমল, দুই-ম, ম বাদী, স সংবাদী।

ঠাট—স গ ম ধ র্ম ধ নি র্স, র্স নি ধ র্ম ম গ ঋ স।

স্বরবিন্যাস

স ম গ ম ধ র্ম ধ নি র্স নি ধ র্ম ম গ ঋ স।

বসন্ত রাগে, কোন কোন মতে পঞ্চম লাগাইয়া সম্পূর্ণ করিয়া থাকেন কিন্তু প্রভৃত নয়, কারণ ইহা এক মতে আদি রাগ, সুতরাং ইহাতে কোনও রাগ মিশ্রিত হ পারে না। পঞ্চম দিয়া সম্পূর্ণ করিলে, তাহা পরজবসন্ত হয়।

পরজ—ঔড়ব-সম্পূর্ণ, ঋ ও ধ কোমল, ম কড়ি, নি বাদী, গ সংবাদী।
ইহার আরোহণে ঋ ও প বর্জ্জিত।

ঠাট—স গ র্ম ধ নি র্স, র্স নি ধ প র্ম গ ঋ স।

স্বরবিন্যাস

নি স গ র্ম ধ নি, র্স নি ধ প ধ র্ম গ ঋ স।

শঙ্করা—ঔড়ব-সম্পূর্ণ, ম কড়ি, গ বাদী, নি সংবাদী।
ইহার আরোহণে ঋ ও ধ বর্জ্জিত।

ঠাট—স গ র্ম প নি র্স, র্স নি প র্ম গ ঋ স।

স্বরবিন্যাস

স গ র্ম প নি ধ প নি, প র্ম গ প গ ঋ স ঋ :

শঙ্করাভরণ—মিশ্র-সম্পূর্ণ, গ বাদী, নি সংবাদী।

ঠাট—স গ ম প ধ নি র্স, র্স নি ধ প ম গ ঋ স।

) স ঋ গ ম প ধ নি—ভৈরব, রামকেলী যোগিয়া ইত্যাদি।

) স ঋ গ ম প ধ নি—মঙ্গল।

স ঋ গ ম প ধ নি—মুলতানী, দরবারীতোড়ী।

স ঋ গ ম ধ নি—মারবা, পুরিয়া ইত্যাদি।

স ঋ গ ম ম প ধ নি—পূরবী।

স ঋ গ ম প ধ নি—মালবী।

স ঋ গ ম প ধ নি—শ্রী, ত্রিবণী, জৈশ্রী ইত্যাদি।

) স ঋ গ ম ম প ধ নি—গৌরী।

স ঋ গ ম প ধ নি—পিলু।

স ঋ গ গ ম প ধ নি নি—জয়জয়ন্তী, কাফী ইত্যাদি।

শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়

স্বরবিন্যাস

নি স্ঝা র্ম, র্ম মগ ম ম, ধ্র র্ম ধ্র র্ম গ গ ম গ স্ঝা স।

প্রচলিত রাগরাগিণীর ঠাট ও রূপ প্রত্যেকের দেওয়া হইল, সম্পূর্ণ রূপ দেওয়া হইল না তাহার কারণ এই যে, স্বর্গীয় রাজা নয়েন্দ্রলাল খান বহাদুর প্রণীত, "পরিবাদিনী-শিক্ষা" তে সমস্ত বিস্তারিত দেওয়া আছে, ইহাতে কেবল বুঝাইবার জন্য রূপের প্রথমাংশ মাত্র দেওয়া হইল। এক্ষণে কতক লোকের রাগরাগিণী ও ঠাট সম্বন্ধে ভুল ধারণা আছে তাহা এই স্থানে মীমাংসা করা উচিত যথা—

যে সমস্ত শুদ্ধ রাগরাগিণী আছে, তাহা কাহারও সৃষ্টি নহে, যেমন ভাষা; সংস্কৃত, আরবী, হিন্দী, ইংরাজী ইত্যাদি, ইহা কি কেহ সৃষ্টি করিয়া সকলকে শিখাইয়াছে, তাহা নহে, সমস্তই স্বভাব হইতে হইয়াছে, কেবল উহাদের সংকেত ও উৎকর্ষতা মনুষ্য হইতে উদ্ভাবিত হইয়াছে। প্রত্যেক দেশের ভাষা বিভিন্ন প্রকার, সুর সম্বন্ধেও সেইরূপ, সেইজন্য অনেক সুরের নাম দেশের নামে প্রচলিত যেমন সিন্ধু, গুর্জ্জরী, বরবা ইত্যাদি। এক একটি সুরের অনুকরণে অথবা দুই তিন রাগের মিশ্রণে অনেক রাগরাগিণী হইয়াছে, তন্মধ্যে যে গুলি উৎকৃষ্ট তাহাই প্রচলিত। যেমন ভৈরব একটি বহু পুরাতন সুর তাহার অনুকরণে ভটিয়ারী, রামকেলী ইত্যাদি হইয়াছে, অর্থাৎ ভৈরব হইতে সামান্য পার্থক্য, সেই জন্য উহাদিগকে ভৈরবের সঙ্গে সমপ্রকৃতিক মধ্যে ধরা হইয়াছে। বহুকাল হইতে নূতন যাহা সৃষ্টি হইয়াছে তাহা পুরাতন সুরেরই অনুকরণে এবং এখন পর্য্যন্ত যাহা হইতেছে তাহাও পুরাতন সুরেরই অংশ লইয়া মিশ্রিত। শুধু সঙ্গীত কেন, জগতের সমস্ত বিষয়ই তাই। এতদ্ভিন্ন হইবার উপায় নাই, এমন কি নায়কগোপাল কৃত নায়কীকানড়া, কানড়ার ন্যায় কেবল এক আধটুকু প্রভেদ। অমর তানসেন কৃত মিয়ামল্লার ইহাও কানড়া ও মল্লার সংযোগে কেহ কেহ বলেন প্রাশ্চাত্য সঙ্গীতে, প্রত্যেক সঙ্গীতজ্ঞ নূতন নূতন সুর সৃষ্টি করেন কিন্তু সে দেশে যে যে সুর উদ্ভাবিত হয়, তাহাতে সেই দেশেরই বহু পুরাতন সুরের অনুকরণে মিশ্রিত করিয়া করেন, তেমন আমাদের দেশেও লক্ষ লক্ষ হইতেছে, প্রাশ্চাত্য সঙ্গীতে সুরের কোনও নাম নাই সুতরাং অনেকে নূতন মনে করেন। এতদ্দেশে কীর্ত্তন বলিয়া যাহা প্রচলিত, তাহাও হিন্দী সুরের ভাঙ্গা, এমন কি টপ্পা ঠুম্‌রী প্রভৃতি গানের সুরে অধিকাংশ কীর্ত্তনের সুর সংযোজিত কিন্তু তাহা অপভ্রংশ সুর; খাঁটি নহে। সঙ্গীত শিক্ষা করিতে হইলে অগ্রে হিন্দুস্থানী সঙ্গীত না শিক্ষা করিলে কেহ উত্তম গায়ক হইতে পারেন না, তাহার কারণ উহার শিক্ষা প্রণালী সুন্দর, দ্বিতীয়তঃ সঙ্গীতের সুরই প্রধান, সেই সুর ভাল আয়ত্ত করিতে হইলে, কায়দার গান না শিক্ষা করিলে গলা খেলে না, বরং শক্ত ধরণের বাজলা গানে অথবা একঘেয়ে সুর শিক্ষা করিলে কণ্ঠ স্বর সোজা হইয়া যায়, সেই জন্য আসল জিনিষ শিক্ষা করা উচিত।